



ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির

প্রশিক্ষণ সহায়িকা



পরিবার পরিকল্পনা অধিদপ্তর

পরিবার পরিকল্পনা অধিদপ্তর
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়



ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির

প্রশিক্ষণ সহায়িকা

অংশগ্রহণকারী:

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের
ব্যবস্থাপনা কমিটির সদস্যবৃন্দ

পরিবার পরিকল্পনা অধিদপ্তর
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির প্রশিক্ষণ সহায়িকা

প্রকাশকাল

মার্চ, ২০১৯

পুনর্মুদ্রণ: জানুয়ারি, ২০২০

প্রচ্ছদ ও অঙ্গসজ্জা

হুমায়ূন কবীর খান

বিসিসি ও কমিউনিকেশনস স্পেশালিস্ট
প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ

মুদ্রণ

এল্লিকিউট

৮৭ নয়াপল্টন (৩য় তলা), ঢাকা-১০০০
ফোন: ০১৭৬৬৫০০২০০

প্রকাশনায়

এমসিএইচ সার্ভিসেস ইউনিট
পরিবার পরিকল্পনা অধিদপ্তর

পরিবার পরিকল্পনা অধিদপ্তরস্বাধীন এমসিএইচ সার্ভিসেস ইউনিট এবং
প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ-এর সহযোগিতায় প্রকাশিত।



বাণী

পরিবার পরিকল্পনা অধিদপ্তরধীন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলো দীর্ঘ দিন ধরে সফলভাবে পরিবার পরিকল্পনা সেবা প্রদানের পাশাপাশি মা ও শিশু স্বাস্থ্য সেবা প্রদান করে আসছে। বাংলাদেশ সরকার বর্তমান সেক্টর প্রোগ্রামের আওতায় স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা খাতে যুগান্তকারী পদক্ষেপ গ্রহণ করেছে। এই পদক্ষেপসমূহ বাস্তবায়নের জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তর ইউনিয়ন পর্যায়ের কেন্দ্রগুলোতে নতুন নতুন কার্যক্রম সংযোজিত করেছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির গঠন ও এর সদস্যদের দক্ষতা উন্নয়নের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে।

টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা ও অর্জন করতে হলে মাতৃমৃত্যু ও শিশু মৃত্যু হার হ্রাস করতে হবে। আমাদের দেশে ৫০ শতাংশ মায়ের প্রসব বাড়িতে এবং এদের অধিকাংশ প্রসব অদক্ষ ধাত্রী দ্বারা হয়ে থাকে। ফলে অনেক মা অকালে মৃত্যুবরণ করেন। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমসিএইচ-সার্ভিসেস ইউনিট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্বাভাবিক প্রসব সেবা জোরদার করেছে এবং বর্তমানে প্রায় ২৮৫৪টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে ২৪/৭ স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হচ্ছে।

বাংলাদেশের স্বাস্থ্য সেবার অবকাঠামোগত বিন্যাস উল্লেখযোগ্য ও অনুকরণীয়। ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোর অবকাঠামো ও জনবল অত্যন্ত গ্রহীতা কেন্দ্রিক। স্বাস্থ্য সেবা কার্যক্রম সুষ্ঠু ও মানসম্পন্নভাবে পরিচালনা করার জন্য ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সক্রিয় অংশগ্রহণ অত্যন্ত জরুরী। সে লক্ষ্যে এমসিএইচ সার্ভিসেস ইউনিট ব্যবস্থাপনা কমিটির সদস্যদের দায়িত্ব ও কর্তব্য বিষয়ে অবহিত করার লক্ষ্যে এবং প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে প্রশিক্ষণ সহায়িকা প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছে, যা বাস্তবায়িত হলে ইউনিয়ন পর্যায়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সার্বিক উন্নতি সাধিত হবে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোর কার্যক্রম জোরদার করা হলে এ দেশে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম আরো এগিয়ে যাবে বলে আমি আশা রাখি।

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির প্রশিক্ষণ সহায়িকা প্রণয়নের সাথে সংশ্লিষ্ট কমিটির সকল সদস্যদের আমার আন্তরিক ধন্যবাদ জানাই। প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ ও গ্লোবালে এফেয়ার্স কানাডা এ বিষয়ে কারিগরী ও আর্থিক সহায়তা প্রদান করায় সংশ্লিষ্ট সংস্থা দুটিকেও আমার আন্তরিক ধন্যবাদ জানাই। এমসিএইচ-সার্ভিসেস ইউনিট এই দায়িত্বটি যথাসময়ে পালন করেছে বলে পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং লাইন ডাইরেক্টর (এমসিআরএএইচ) সহ সকল কর্মকর্তাকে আন্তরিক অভিনন্দন জানাই। আশা করি, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির প্রশিক্ষণ সহায়িকাটির সঠিক ব্যবহারের মাধ্যমে কমিটির সদস্যগণ সেবা কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনা করতে সক্ষম হবেন এবং সেবা কেন্দ্রের সাফল্য বৃদ্ধি পাবে।

ডা: কাজী মোস্তফা সারোয়ার
মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর



মুখবন্ধ

পরিবার পরিকল্পনা অধিদপ্তর জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দিতে সারাদেশের প্রায় সকল ইউনিয়নে একটি করে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা করে আসছে। এ কেন্দ্রগুলো হতে পরিবার পরিকল্পনা সেবাসহ মা-শিশু, প্রজনন স্বাস্থ্য, পুষ্টি ও বয়ঃসন্ধিকালীন সেবা প্রদান করা হয়। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা ৪ ও ৫ অর্জনে এ কেন্দ্রগুলো অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে। বর্তমানে প্রায় ৩০০০টিরও বেশি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে ২৪/৭ নরমাল ডেলিভারী সার্ভিস প্রদান করা হচ্ছে যা গ্রামীণ জনগোষ্ঠীর মধ্যে মাতৃ ও নবজাতক মৃত্যু হ্রাস করতে সহায়তা করেছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমসিএইচ সার্ভিসেস ইউনিট পর্যায়েক্রমে এই সেবা দেশের প্রতিটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সম্প্রসারিত করবে।

বর্তমানে মাতৃ স্বাস্থ্য, শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রমে নতুন মাত্রা এবং প্রযুক্তি যুক্ত হওয়ার সাথে সাথে সেবাগ্রহীতাদের উপযোগী বিষয় ও প্রয়োজনীয়তা বিবেচনা করে স্বাস্থ্য সেবা প্রদানের প্রয়োজন দেখা দিয়েছে। সে প্রেক্ষিতে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত বর্তমান সেক্টর কার্যক্রমের দিকে লক্ষ্য রেখে পরিবার পরিকল্পনা অধিদপ্তর সরকারি সেবা প্রদানকারীদের পাশাপাশি স্টেকহোল্ডার ও জন প্রতিনিধিদের সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করেছে। সে লক্ষ্যে, প্রান্তিক জনগোষ্ঠীর স্বাস্থ্য সেবা নিশ্চিতকল্পে এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কার্যক্রম জোরদার করার জন্য, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সম্পৃক্ততা বৃদ্ধি করা একান্ত প্রয়োজন। এর ফলে সুপারভিশন-মনিটরিং কার্যক্রম বৃদ্ধি পাবে বলে আশা করা যায়। প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ ও গ্লোবাল এফেয়ার্স কানাডার এর সহায়তায় পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমসিএইচ সার্ভিসেস ইউনিট, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের প্রশিক্ষণ প্রদানের গুরুত্ব অনুধাবন করেছে। এ বিষয়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের প্রশিক্ষণ প্রদানের জন্য, সুষ্ঠুভাবে স্বাস্থ্য সেবা নিশ্চিতকরণে পরিবার পরিকল্পনা অধিদপ্তর, স্বাস্থ্য অধিদপ্তর, এনজিও ও উন্নয়ন সহযোগীদের মধ্য থেকে বিশেষজ্ঞদের সমন্বয়ে গঠিত ওয়ার্কিং ও রিভিউ কমিটির সহায়তায় প্রশিক্ষণ প্রদানের নিমিত্তে পরিচালনা সহায়িকাটির প্রণয়ন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সহায়িকাটিতে সেবা ও কেন্দ্র পরিচালনা সম্পর্কিত প্রয়োজনীয় ও যুগোপযোগী তথ্য ও দিক নির্দেশনা সন্নিবেশিত করা হয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে সুষ্ঠু সেবা নিশ্চিত করার লক্ষ্যে এই পরিচালনা সহায়িকাটি প্রণয়ন করা একান্ত প্রয়োজন ছিল।

এই সহায়িকাটি প্রণয়নে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সার্বিক তত্ত্বাবধানে ওয়ার্কিং কমিটি ও রিভিউ কমিটির সদস্যবৃন্দ উল্লেখযোগ্য অবদান রেখেছেন। আমি তাঁদের সকলকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। পরিচালনা সহায়িকাটি প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ ও গ্লোবাল এফেয়ার্স কানাডার কারিগরি সহায়তায় প্রণীত হয়েছে। আমি প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ ও গ্লোবাল এফেয়ার্স কানাডা-সহ সংশ্লিষ্ট সংস্থাসমূহকে এই গুরুত্বপূর্ণ বিষয়ে পরিবার পরিকল্পনা অধিদপ্তরকে সহযোগিতা প্রদানের জন্য ধন্যবাদ জানাচ্ছি।

আমি বিশ্বাস করি, সহায়িকাটির সফল ব্যবহারের মাধ্যমে এর উদ্দেশ্য ও লক্ষ্য সুনিশ্চিত হবে, পাশাপাশি সেবা কেন্দ্রে প্রদত্ত প্রজনন স্বাস্থ্য, পুষ্টি ও বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সেবাসহ সার্বিক স্বাস্থ্য সেবা প্রদানে কার্যকর ভূমিকা রাখবে। সহায়িকাটি প্রণয়নের সাথে যুক্ত পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এমসিএইচ সার্ভিসেস ইউনিট এর সকলকে আমার পক্ষ হতে আন্তরিক ধন্যবাদ জানাই।

(ডাঃ মোহাম্মদ শরীফ)

পরিচালক (এমসিএইচ সার্ভিসেস) এবং

লাইন ডাইরেক্টর (এমসিআরএইচ)

এমসিএইচ- সার্ভিসেস ইউনিট

পরিবার পরিকল্পনা অধিদপ্তর

ম্যানুয়াল প্রণয়নকারী কমিটির সদস্যবৃন্দ

নাম, পদবি ও সংস্থা (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়)	কমিটির সদস্য
ডা: মোহাম্মদ শরীফ পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং লাইন ডাইরেক্টর (এমসিআরএইচ) এমসিএইচ সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সভাপতি
ডা: মোহাম্মদ জয়নাল হক প্রোগ্রাম ম্যানেজার (এএন্ডআরএইচ) এমসিএইচ সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
ডা: ফরিদ উদ্দিন আহমদ উপ পরিচালক (সার্ভিসেস) এবং প্রোগ্রাম ম্যানেজার (নবজাতক ও শিশু স্বাস্থ্য) এমসিএইচ সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
ডা: এবিএম শামিসুদ্দিন আহমেদ প্রোগ্রাম ম্যানেজার (সাপোর্ট সার্ভিসেস এন্ড কো-অর্ডিনেশন) এমসিএইচ সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
ডা: নিয়াজ মোহাম্মদ কামালী উপ পরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার (পিএমপি) সিসিএসডিপি ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
মো: মাহবুব উল আলম প্রোগ্রাম ম্যানেজার ফিল্ড সার্ভিসেস ডেলিভারি ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
স্বপন কুমার শর্মা সহকারি পরিচালক (পার -১) প্রশাসন শাখা, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
ডা: মো: মনজুর হোসেন সহকারি পরিচালক (এমসিএইচ) এমসিএইচ সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য
ডা: মেরী রশীদ প্রজেক্ট ম্যানেজার শো প্রজেক্ট, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ	সদস্য
ডা: ফরিদা আক্তার এমএনসিএইচ স্পেশালিস্ট শো প্রজেক্ট, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ	সদস্য

নাম, পদবি ও সংস্থা (জ্যেষ্ঠতা অনুযায়ী নয়)	কমিটির সদস্য
ইরফাত আরা ইভা জেন্ডার স্পেশালিস্ট শো প্রজেক্ট, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ	সদস্য
মাহেনুর আলম চৌধুরী বর্ণা ক্যাপাসিটি ডেভেলপমেন্ট স্পেশালিস্ট শো প্রজেক্ট, প্ল্যান ইন্টারন্যাশনাল বাংলাদেশ	সদস্য
ডা: মোহাম্মদ আহসানুল ইসলাম কো-অর্ডিনেটর, হেলথ সিস্টেম স্ট্রেন্ডেনিং কেয়ার বাংলাদেশ	সদস্য
ডা: জতন ভৌমিক এ্যাডভাইজার, লোকাল গভর্নেন্ট এ্যাড অ্যাকোয়ান্টিবিলিটি ইউএসএআইডি'র মামনি এমএনসিএসপি, সেভ দ্যা চিলড্রেন	সদস্য
ডা: নজরুল ইসলাম সিনিয়র এ্যাডভাইজার (হেলথ সিস্টেম) ইউএসএআইডি'র মামনি এমএনসিএসপি, সেভ দ্যা চিলড্রেন	সদস্য
খালেদা ইয়াসমিন টিম লিডার, নিরাপদ- ২ মেরী স্টোপস বাংলাদেশ	সদস্য
ফরহানা রহমান অ্যাসিস্ট্যান্ট প্রোগ্রাম অফিসার পপুলেশন কাউন্সিল	সদস্য
ফারহানা আক্তার হেলথ ম্যানেজার সুইস রেডক্রস	সদস্য
প্রতিনিধি টেরেডেস হোমস	সদস্য
ডা: ফাহিমদা সুলতানা উপ পরিচালক ও প্রোগ্রাম ম্যানেজার (এমসিএইচ) এমসিএইচ সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর	সদস্য সচিব

সূচিপত্র

অধিবেশন	বিষয়বস্তু	পৃষ্ঠা নং
অধিবেশন-১	পরিচিতি পর্ব	১১
অধিবেশন-২	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রেক্ষাপট ও এর গুরুত্ব	১৩
অধিবেশন-৩	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবাদানকারী কর্তৃক প্রদত্ত সেবা ও সরবরাহসমূহ	১৬
অধিবেশন-৪	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির কাঠামো, গঠন প্রক্রিয়া ও কার্যপ্রণালী	২৫
অধিবেশন-৫	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির ভূমিকা	২৯
অধিবেশন-৬	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি হতে প্রদত্ত সেবাসমূহের গুণগতমান মান নিশ্চিত করা	৩৬
অধিবেশন-৭	রেফারেল ব্যবস্থাপনা	৪৩
অধিবেশন-৮	নেতৃত্ব ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটিতে নারী নেতৃত্বের প্রয়োজনীয়তা	৪৭
অধিবেশন-৯	সেবা কেন্দ্রের উন্নয়ন ও স্থানীয় সম্পদ আহরণ	৫২
অধিবেশন-১০	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মনিটরিং	৫৬
অধিবেশন-১১	স্বাস্থ্য সেবা টেকসইকরণ	৬৩
	পরিশিষ্ট	৬৬

ম্যানুয়াল ব্যবহারের নির্দেশিকা

প্রশিক্ষণ প্রস্তুতি

যেকোনো প্রশিক্ষণের জন্য যথাযথ প্রস্তুতি গুরুত্বপূর্ণ। আর তা শুরু হয় ম্যানুয়াল পাঠের মাধ্যমে। প্রশিক্ষক/সহায়ক অবশ্যই পুরো ম্যানুয়াল পূর্ণ দায়িত্ব নিয়ে পড়বেন। এতে পুরো কোর্স সম্পর্কে ধারণা হবে যা ভূমিকা পালনের জন্য অবশ্যই করণীয়।

প্রশিক্ষণের সময়সূচি

ম্যানুয়ালে অন্তর্ভুক্ত প্রতিটি অধিবেশন পরিচালনার জন্য যে সময় উল্লেখ করা হয়েছে তা ঐ অধিবেশনের জন্য একেবারেই প্রয়োজনীয়। কিন্তু প্রশিক্ষণ প্রক্রিয়া হচ্ছে অংশগ্রহণমূলক। সে কারণে বিভিন্ন আলোচনা, অনুশীলন এবং অন্যান্য প্রক্রিয়ার জন্য নির্ধারিত সময়সীমা সুনির্দিষ্টভাবে মেনে চলা সম্ভব নাও হতে পারে। পরিস্থিতি অনুসারে সময়ের দশ-পনের মিনিট কম বেশি হতে পারে। তবে যথাসম্ভব প্রতিটি অধিবেশনের সকল কাজ নির্দিষ্ট সময়ের মধ্যে শেষ করার চেষ্টা করতে হবে।

যেহেতু ব্যবস্থাপনা কমিটিতে কিশোর-কিশোরী প্রতিনিধি রয়েছে সুতরাং তাদের নিরাপদ অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে এবং বিবেচনা করে প্রশিক্ষণের সময়কাল নির্ধারণ করতে হবে। প্রশিক্ষণের সময়কাল ৯ টা থেকে ৪টা পর্যন্ত হলে ভালো হয় যেন তারা সন্ধ্যার পূর্বেই বাড়ি ফিরতে পারে।

প্রশিক্ষণের স্থান

- প্রশিক্ষণ স্থানটি এমনভাবে নির্বাচন করতে হবে যেন তা নিরাপদ ও কোলাহলমুক্ত হয়। কিশোর-কিশোরীসহ ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যদের নিরাপদ অংশগ্রহণ নিশ্চিত করতে হবে;
- ভেন্যুর পরিসর যেন এমন হয় যে অংশগ্রহণকারীরা-U- আকৃতিতে বসতে পারে;
- অংশগ্রহণকারীদের সামনে কোন টেবিল না দেয়াই ভালো;
- ভিপোর্ড/হোয়াইট বোর্ড রাখার জন্য জায়গা থাকতে হবে;
- অংশগ্রহণকারীদের বসার পর পিছনে বা পাশে দলীয় কাজের জন্য ৪টি টেবিল বসাতে হবে এবং প্রতিটি টেবিলের চারপাশে ৫-৬ টি চেয়ার দিতে হবে;
- যদি টেবিল চেয়ার এর ব্যবস্থা করা না যায় তাহলে মাটিতে বসার ব্যবস্থা করতে হবে।

অংশগ্রহণকারীর সংখ্যা

প্রশিক্ষণে অংশগ্রহণকারীদের সংখ্যা ১৬-২৫ জনের মধ্যে হতে হবে। তবে পরিস্থিতি অনুযায়ী কম-বেশি হতে পারে।

বিভিন্ন অধিবেশনে পদ্ধতির ব্যবহার ও উপকরণ

- ম্যানুয়ালের উপর ভিত্তি করে প্রশিক্ষণগুলো অংশগ্রহণকারীদের সক্রিয় অংশগ্রহণের (Participatory) মাধ্যমে পরিচালিত হবে। অংশগ্রহণকে অর্থবহ করার জন্য অংশগ্রহণকারীদের অভিজ্ঞতাকেও এক্ষেত্রে কাজে লাগাতে হবে। মডিউলে দেয়া বিভিন্ন অধিবেশন পরিচালনার প্রক্রিয়া ভালো করে পড়ে নিতে হবে।
- ম্যানুয়ালে বিভিন্ন পদ্ধতি ও তার প্রয়োগ কৌশল প্রক্রিয়া বর্ণনা করা হয়েছে। সহায়ক অংশগ্রহণকারীদের মান অনুযায়ী এই পদ্ধতি ও কৌশল পরির্তন করতে পারেন। তবে উদ্দেশ্য অর্জনের জন্য পদ্ধতি ও প্রয়োগ কৌশল এবং উপকরণের ব্যবহার অবশ্যই যথাযথ হতে হবে।

- প্রতিটি অধিবেশনের সাথে সংযোজনী সংযুক্ত রয়েছে। অধিবেশন এর নির্দেশনা অনুযায়ী সংযোজনী থেকে সহজ ভাষায় ফ্লিপশিট/পোস্টার/পাওয়ার পয়েন্ট/ভিপিআই তৈরি করে নিতে হবে।
- প্রতিটি অধিবেশনে যে সমস্ত উপকরণ/সামগ্রী উল্লেখ করা হয়েছে তা হয়তো সব ক্ষেত্রে পাওয়া যাবে না এটাই স্বাভাবিক। বিশেষ করে ভিপিআই, মাল্টিমিডিয়া। সেক্ষেত্রে বিকল্প চিন্তা করা যেতে পারে। যেমন- বোর্ডের পরিবর্তে দেয়াল এবং স্লাইডের পরিবর্তে লিখিত ফ্লিপশিট ব্যবহার করা যেতে পারে। মাসকিং টেপ দিয়ে বিভিন্ন পোস্টার/ফ্লিপশিট লাগিয়ে সেশন পরিচালনা করা যেতে পারে।
- হ্যান্ডআউট: প্রতিটি সংযোজনী (দলীয় কাজ বাদে) অংশগ্রহণকারীদের সংখ্যা অনুযায়ী আগে থেকেই ফটোকপি করে রাখতে হবে।

প্রাক-প্রশিক্ষণ প্রস্তুতি বিষয়ক কিছু প্রয়োজনীয় তথ্য

- প্রাক-প্রশিক্ষণ প্রস্তুতি সভার আয়োজন করতে হবে যেখানে প্রশিক্ষক দল থাকবেন।
- প্রস্তুতি সভায় প্রশিক্ষণ টিমের সদস্যরা উপস্থিত থাকবেন এবং নিজেদের মধ্যে আলোচনা করে অধিবেশন ভাগ করে নিবেন এবং সেই অনুযায়ী প্রস্তুতি নিবেন। এই কাজ ২/৩ দিন আগেই করা ভালো।
- অধিবেশন অনুযায়ী উপকরণ (ফ্লিপশিট, মার্কার, ছবি, তথ্যপত্র ইত্যাদি) প্রশিক্ষণের আগেই সংগ্রহ করে রাখবেন এবং সেশন পরিচালনার জন্য লিখিত ফ্লিপশিট/পাওয়ার পয়েন্ট তৈরি করে রাখবেন।
- অংশগ্রহণকারীদের প্রশিক্ষণে যোগদানের দিন প্রথমেই রেজিস্ট্রেশন বা নিবন্ধন করতে হয়। এজন্য ছক বা ফর্ম তৈরি করে রাখবেন।
- প্রশিক্ষণ চলাকালীন সময়ে চা-নাস্তা ও দুপুরের খাবার সময়ানুযায়ী যাতে সরবরাহ করা হয় সেজন্য প্রশিক্ষণের আগে থেকেই ব্যবস্থা করে রাখবেন।
- যদি ব্যবস্থাপনা কমিটির প্রশিক্ষণে কিশোর-কিশোরী প্রতিনিধি অংশগ্রহণ করে তবে তাদের অভিভাবক এর সম্মতি নিতে হবে এবং নিরাপদ অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে প্রাক-প্রশিক্ষণ, প্রশিক্ষণকালীন এবং প্রশিক্ষণ পরবর্তী সময়ে কিশোর-কিশোরীদের নিরাপদ অংশগ্রহণের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহ মেনে যথাযথ ব্যবস্থা নিতে হবে।

অধিবেশন পরিচালনার জন্য কিছু টিপস

- অংশগ্রহণকারীদের স্বাগত শুভেচ্ছা জানানো ও কুশল বিনিময়;
- প্রশিক্ষণের উদ্দেশ্য এবং অংশগ্রহণকারীদের কাজিত ভূমিকা জানানো;
- অংশগ্রহণকারীদেরকে জড়তা কাটিয়ে উঠতে সহায়তা করা ও তাদের অংশগ্রহণে উদ্বুদ্ধ করা;
- সহজ, সুন্দর, সাবলীলভাবে বিষয়বস্তু উপস্থাপন;
- ধৈর্যের সাথে সকল অংশগ্রহণকারীদের মতামত শোনা এবং সাড়া দেয়া;
- আত্মবিশ্বাসের সাথে অধিবেশন পরিচালনা;
- প্রতিটি অধিবেশনের মধ্যে ধারাবাহিকতা সৃষ্টি করা;
- দলীয় কাজের সময় ঘুরে ঘুরে প্রতিটি দলকে সহায়তা দেয়া;
- অধিবেশন শেষে ঐক্যমতের ভিত্তিতে সিদ্ধান্তে আসা এবং উপসংহার টানা;
- উপকরণ ব্যবহারসহ অধিবেশন মাঝে মাঝে কিছু গেম দেয়া।

প্রশিক্ষণ কর্মসূচি

অধিবেশন	বিষয়বস্তু	অধিবেশনের নাম
প্রথম দিন		
০৯:০০-০৯:৪৫	অধিবেশন-১	উদ্বোধনী ও পরিচিতি পর্ব
০৯:৪৫-১১:০০	অধিবেশন-২	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রেক্ষাপট ও এর গুরুত্ব
১১:০০-১১:৩০	চা বিরতি	
১১:৩০-০১:০০	অধিবেশন-৩	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবাদানকারী কর্তৃক প্রদত্ত সেবা ও সরবরাহসমূহ
০১:০০-০২:০০	দুপুরের বিরতি	
০২:০০-০৩:৩০	অধিবেশন-৪	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিচালনা কমিটির কাঠামো, গঠন প্রক্রিয়া ও কার্যপ্রণালী
০৩:৩০-৩:৪৫	চা বিরতি	
০৩:৪৫-০৪:৪৫	অধিবেশন-৫	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির ভূমিকা
০৪:৪৫-০৫:০০	দিনের শেষ	
দ্বিতীয় দিন		
০৯:০০-০৯:৩০	পুনরালোচনা	
০৯:৩০-১০:৩০	অধিবেশন-৬	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে প্রদত্ত সেবাসমূহের গুণগতমান মান নিশ্চিত করা
১০:৩০-১০:৪৫	চা বিরতি	
১০:৪৫-১১:৩০	অধিবেশন-৭	রেফারেল ব্যবস্থাপনা
১১:৩০-১২:৪৫	অধিবেশন-৮	নেতৃত্ব ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটিতে নারী নেতৃত্বের প্রয়োজনীয়তা
১২:৪৫-০১:৩০	অধিবেশন-৯	সেবা কেন্দ্রের উন্নয়ন ও স্থানীয় সম্পদ আহরণ
০১:৩০-০২:৩০	দুপুরের বিরতি	
০২:৩০-০৩:১৫	অধিবেশন-১০	সেবা কেন্দ্র মনিটরিং
০৩:১৫-০৪:১৫	অধিবেশন-১১	স্বাস্থ্য সেবা টেকসইকরণ
০৪:১৫-০৪:৩০	সমাপনী	

অধিবেশন - ০১

পরিচিত পর্ব

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ

১. একে অপরের সাথে পরিচিত হতে পারবেন; এবং
২. প্রশিক্ষণের উদ্দেশ্য, নিয়মাবলী ও প্রত্যাশা ব্যক্ত করতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- জোড় দলে পরিচয় বিনিময়, ঝড়ো ভাবনা (ব্রেইন স্ট্রমিং) দৃশ্যমান উপস্থাপনা, ফ্লিপশিট লিখন

প্রশিক্ষণ উপকরণ:


- ফ্লিপশিট, মার্কার, বোর্ড, পিন

সময়: ৪৫ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব-০১

- সবাইকে স্বাগত শুভেচ্ছা জানান এবং প্রশিক্ষণে কোন প্রধান ও বিশেষ অতিথি থাকলে তাদের মাধ্যমে প্রশিক্ষণের উদ্বোধন করুন।
- সংক্ষেপে প্রশিক্ষণের প্রেক্ষাপট তুলে ধরুন।
- অংশগ্রহণকারীদের বলুন, প্রশিক্ষণের ৪টি দলে ভাগ করে দিন ও দলীয়ভাবে আলোচনা করে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটিকে কেমন দেখতে চাই তার উপর ভিত্তি করে একটি ছবি আঁকতে বলুন। এজন্য ১৫মিনিট সময় দিন।



- নির্দিষ্ট সময় পর প্রতিটি দলকে সবার সামনে এসে প্রত্যাশিত কেন্দ্রটির ছবি প্রদর্শন করতে ও ব্যাখ্যা করতে বলুন। পাশাপাশি দলের সবার পরিচয় দিতে বলুন- এক্ষেত্রে নিজের নাম, কতদিন ধরে এই কমিটির সদস্য তা বলতে বলুন।
- এভাবে সবার পরিচয় হয়ে যাবার পর সহায়করা নিজেদের পরিচয় দিন।
- পরিশেষে বলুন, যদি আমরা কোন স্বপ্ন দেখি বা ভবিষ্যত পরিকল্পনা করি তাহলে আমরা সেটি অর্জনের জন্য বা বাস্তবায়নের জন্য কাজ করি। আমরা যারা কমিটির সদস্য তারা এই প্রত্যাশিত ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রটি তৈরির জন্য কার্যকরী পদক্ষেপ নেব।

পর্ব-০২

- সবার সাথে পরিচিত হবার পর, প্রশিক্ষণের উদ্দেশ্য নিয়ে আলোচনা করুন।
- প্রশিক্ষণটি যেহেতু ৩দিন চলবে ও বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হবে সেজন্য কিছু প্রশিক্ষণের নিয়মাবলী থাকা দরকার। প্রশ্ন করুন, কী কী নিয়ম আমাদের অনুসরণ করা দরকার? অংশগ্রহণকারীদের উত্তর নিয়ে একটি প্রশিক্ষণ নীতিমালা তৈরি করুন।
- এই প্রশিক্ষণ থেকে অংশগ্রহণকারীদের প্রত্যাশা কী বা কী কী বিষয় আলোচনা হলে ভালো হয় তা জেনে নিন ও তা ফ্লিপশিটে লিখুন।
- সবাইকে প্রশিক্ষণের বিষয়বস্তু সম্বলিত একটি প্রশিক্ষণপূর্ব ধারণাপত্র দিন ও তা পূরন করে দিতে বলুন।
- পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে অধিবেশন শেষ করুন।

প্রশিক্ষক প্রশিক্ষণটি ৩দিন চলবে এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সদস্যদের জন্য প্রশিক্ষণটি ২ দিন হবে।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব- ১	একে অপরের সাথে পরিচিত	৩৫ মিনিট
পর্ব- ২	প্রশিক্ষণের উদ্দেশ্য, প্রশিক্ষণ নীতিমালা, প্রত্যাশা যাচাই	১০ মিনিট

প্রশিক্ষণ নীতিমালা

- জাতি, ধর্ম, বর্ণ, সামাজিক প্রেক্ষাপট, নারী, পুরুষ নির্বিশেষে সবাইকে সমান গুরুত্ব দেব;
- সবার মতামতের প্রতি সম্মান প্রদর্শন করব;
- একজন করে কথা বলব;
- পাশাপাশি কথা বলব না;
- অন্যের প্রতি সহানুভূতি প্রদর্শন করব;
- কেউ অংশগ্রহণে জড়তা অনুভব করলে তাকে কথা বলার সুযোগ তৈরি করে দেব;
- মোবাইল ফোন সাইলেন্ট বা বন্ধ করে রাখব।

অধিবেশন - ০২

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রেক্ষাপট ও এর গুরুত্ব

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রেক্ষাপট ব্যাখ্যা করতে পারবেন;
২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের গুরুত্ব ব্যাখ্যা করতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- ঝড়ো ভাবনা
- দৃশ্যমান উপস্থাপনা
- যুক্তি উপস্থাপন ও প্রশ্নোত্তর আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- তথ্যপত্র

সময়: ১ ঘণ্টা ১৫ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব -০১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও এই সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন।
- এবার অংশগ্রহণকারীদের প্রশ্ন করে জেনে নিন ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র কবে তৈরি হয়েছে, কীভাবে তৈরি হয়েছে? এই পর্যন্ত কতটি স্থাপন হয়েছে? সবার উত্তর নিয়ে ফ্লিপশিটের মাধ্যমে সংক্ষেপে প্রেক্ষাপট ব্যাখ্যা করুন (সহায়ক তথ্য-১)

পর্ব -০২

- অংশগ্রহণকারীদের ৩ টি দলে ভাগ করে দিন ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে কেন গুরুত্বপূর্ণ এ বিষয়ে কিছু যুক্তি তৈরি করতে বলুন। যুক্তি তৈরির সময় নারী ও শিশুদের জন্য কেন গুরুত্বপূর্ণ বা এক্ষেত্রে কী ভূমিকা রাখছে সে বিষয়টিতে আলোচনা করতে বলুন। দলীয় যুক্তি তৈরির জন্য ১৫ মিনিট সময় দিন ও দলের মধ্যে একজন দলনেতা তৈরি করতে বলুন যিনি দলের পক্ষে যুক্তি প্রদান করবেন।
- তিন দলের দলনেতা ২ মিনিট সময় পাবেন দলীয় যুক্তি দেবার জন্য।
- সবার যুক্তি শোনার পর এর সাথে মিলিয়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে গুরুত্ব লিখিত পোস্টার পেপারের (সহায়ক তথ্য-২) মাধ্যমে ব্যাখ্যা করুন।

পর্ব-০৩

- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব- ১	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রেক্ষাপট	৪০ মিনিট
পর্ব- ২	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের গুরুত্ব	৩০ মিনিট
পর্ব-৩	সেশন মূল্যায়ণ	৫ মিনিট

সহায়ক তথ্য-১

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের প্রেক্ষাপট:

- বিশ্বব্যাপী মা ও শিশু স্বাস্থ্য রক্ষার বিষয়গুলোকে অগ্রাধিকার প্রদানের মাধ্যমে সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা ঘোষণা করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা ৪ ও ৫ অর্জনে প্রতিশ্রুতির প্রেক্ষিতে জাতীয় পর্যায়ে হতে মাঠ পর্যন্ত মা ও শিশু স্বাস্থ্য সেবা কার্যক্রম ব্যাপকভাবে সম্প্রসারিত করা হয়েছে।
- বাংলাদেশ সরকার মাতৃমৃত্যু ও শিশুমৃত্যু হার হ্রাস ও জেডার সমতা আনয়নের লক্ষ্যে বন্ধপরিচর। এই লক্ষ্য অর্জনের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় একাধিক কার্যক্রম বাস্তবায়ন করছে। ইতোমধ্যে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ৩ (সুস্বাস্থ্য এবং জীবন মানের উন্নয়ন), ৫ (নারী পুরুষ সমতা) এবং ১০ (সর্বক্ষেত্রে বৈষম্য হ্রাস) অর্জনের ক্ষেত্রে বাংলাদেশে যথেষ্ট অগ্রগতি সাধিত হয়েছে। আমাদের এই অর্জনগুলোকে ধরে রাখা এবং অনার্জিত বিষয়গুলোর দিক বিশেষ গুরুত্ব প্রদান করা একান্ত প্রয়োজন। এসডিজিতে টেকসই ও সার্বিক অর্থনৈতিক উন্নয়নে জেডার সমতা, নারীর ক্ষমতায়ন এবং সকল পর্যায়ে অংশগ্রহণ, খাদ্য নিরাপত্তা ও উন্নত পুষ্টি অর্জনকে গুরুত্বের সাথে বিবেচনায় নেয়া হয়েছে। আর এজন্য প্রয়োজন মা ও শিশু স্বাস্থ্য সেবায় সরকারি ও বেসরকারি পর্যায়ে পারস্পরিক সহযোগিতা এবং সমন্বিত কর্মসূচি।
- এ দেশের দরিদ্র জনগোষ্ঠীর দোরগোড়ায় মা, শিশু ও প্রজনন স্বাস্থ্যসহ পরিবার পরিকল্পনা সেবা পৌঁছে দেয়া নিশ্চিত করতে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ভূমিকা অনন্য। বর্তমানে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোতে দক্ষ সেবাকর্মীদের মাধ্যমে ২৪ ঘণ্টা/সপ্তাহে ৭ দিন নিরাপদ প্রসব সেবা প্রদান করা হচ্ছে এবং ক্রমান্বয়ে সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে এ সেবা নিশ্চিত করার প্রচেষ্টা অব্যাহত রয়েছে। এ কেন্দ্রগুলোর কার্যপরিধি বর্তমানে আরও সম্প্রসারিত হয়েছে।
- গ্রামীণ জনগোষ্ঠীর স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিত করতে বাংলাদেশ সরকার প্রতিটি ইউনিয়নে (উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সভুক্ত ইউনিয়ন ব্যতীত) একটি করে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র বা Union Health and Family Welfare Centre (UH&FWC) পরিচালনা করছে। এ কেন্দ্রগুলি থেকে নিম্নলিখিত সেবা দেয়া হয়:
 - প্রাথমিক স্বাস্থ্য সেবা
 - পরিবার পরিকল্পনা সেবা
 - মা ও শিশু স্বাস্থ্যসেবা
 - প্রজনন স্বাস্থ্য সেবা
 - কৈশোরকালীন স্বাস্থ্য ও পুষ্টি সেবা
 - স্বাস্থ্য শিক্ষা
 - বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়
 - উচ্চতর কেন্দ্রে রেফারেল।

- প্রাথমিক স্বাস্থ্য সেবাসহ পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্য সেবা প্রদানের জন্য এ কেন্দ্রগুলি জাতীয় ও আন্তর্জাতিকভাবে স্বীকৃত কল্যাণমূলক প্রতিষ্ঠান হিসেবে সুপরিচিত।
- এছাড়া ইউনিয়ন পর্যায়ে স্বাস্থ্য অধিদপ্তরের অধীনে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ও রুরাল ডিসপেনসারি অর্ন্তভুক্ত আছে যা পরবর্তী সময়ে HNPSP (২০০৩-২০১১) কর্মসূচির আওতায় UH&FWC হিসেবে বিবেচিত হচ্ছে। এর মধ্যে প্রায় ২০০০ কেন্দ্রকে মানোনীত কেন্দ্রে রূপান্তরিত করা হয়েছে। বর্তমানে এই কেন্দ্রগুলোর পাশাপাশি অন্যান্য কেন্দ্রে ২৪/৭ (সার্বক্ষনিক) প্রসব সেবা প্রদান করা হচ্ছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের অধীনে প্রায় ৩০০০ টি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে ২৪/৭ (সার্বক্ষনিক) স্বাভাবিক প্রসব সেবা প্রদান করা হচ্ছে। ভবিষ্যতে এই সেবা কর্মসূচি সকল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সম্প্রসারিত করার লক্ষে বিভিন্ন কার্যক্রম পরিচালিত হচ্ছে।



সহায়ক তথ্য-২

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের গুরুত্ব:

- প্রান্তিক জনগোষ্ঠীর মা, শিশু, পুষ্টি, কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিতকরণে নির্মিত হয়েছে;
- জনগনের দোরগোড়ায় অবস্থিত এবং ২৫,০০০-৩০,০০০ জনগনকে সেবা প্রদান করে;
- প্রশিক্ষিত সেবা প্রদানকারী দ্বারা সকল সেবা প্রদান করা হয়;
- বিনামূল্যে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা প্রদান করা হয়;
- নিয়মিত গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসবোত্তর সেবা প্রদান করা হয়। পাশাপাশি পরিবারের সদস্যদের অংশগ্রহণ ও নিরাপদ মাতৃত্ব নিশ্চিতকরণে কাউন্সেলিং করা হয়;
- ধাত্রী বিদ্যায় প্রশিক্ষিত সেবা প্রদানকারী (পরিবার কল্যাণ পরিদর্শিকা) দ্বারা ইউনিয়ন স্বাস্থ্য কল্যাণ কেন্দ্র হতে ২৪ ঘন্টা/৭দিন স্বাভাবিক প্রসব সেবা দেয়া হয়;
- নবজাতকের স্বাস্থ্য সেবা দেয়া হয়;
- ঝুঁকিপূর্ণ গর্ভ চিহ্নিত করা ও সঠিক সময়ে উচ্চতর কেন্দ্রে রেফার করা হয়, যা মাতৃ ও শিশু মৃত্যু রোধে সহায়ক ভূমিক পালন করছে;
- কিশোর-কিশোরীদের জন্য মানসম্মত বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য সেবা ও কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য দেয়া হয়।

অধিবেশন - ০৩

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবাদানকারী, প্রদত্ত সেবা ও সরবরাহসমূহ

উদ্দেশ্য :

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবা প্রদানকারী কারা ও তাদের মূল দায়িত্ব চিহ্নিত পারবেন;
২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে থেকে কী কী সেবা দেয়া হয় ও কখন দেয়া হয় তা ব্যাখ্যা করতে পারবেন; এবং
৩. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কোন সেবাদানকারী কোন সেবাটি প্রদান করেন এবং কেন্দ্র থেকে যে বিভিন্ন ঔষধ সরবরাহ করা হয় সে সম্পর্কে বলতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- মিলমিল খেলা ও উপস্থাপনা
- পাঠ চক্র ও উপস্থাপনা
- প্রশ্নোত্তর ও আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- সেবাদানকারী ও তাদের মূল দায়িত্ব লিখিত কাগজের টুকরা
- সেবা ও তার সময়সূচি লিখিত ব্রাউন পেপার
- তথ্যপত্র (সেবার ধরন ও সেবাদানকারীর নাম)

সময়: ১ ঘণ্টা ৩০ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব-০১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও এই সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন।
- এবার অংশগ্রহণকারীদের বলুন, গ্রামীণ জনগোষ্ঠীর স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা নিশ্চিত করতে বাংলাদেশ সরকার প্রায় প্রতিটি ইউনিয়নে (সদর ইউনিয়ন ব্যতীত) একটি করে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা করছে যেখানে গ্রামাঞ্চলের সর্বস্তরের জনগণ সহজেই সেবা পেতে পারে।
- এই কেন্দ্র ২৫,০০০- ৩০,০০০ জনগণকে সেবা প্রদান করতে সক্ষম। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলোর কার্যক্রম জোরদার করা হলে এদেশে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কার্যক্রম আরো এগিয়ে যাবে এবং সেবার চাহিদা অনেকগুণ বেড়ে যাবে।
- এবার অংশগ্রহণকারীদের ৩টি দলে ভাগ করুন ও প্রতিটি দলকে সেবাদানকারীর নাম ও তাদের মূল দায়িত্ব লিখিত ছোট ছোট কাগজের টুকরা দিন (সহায়ক তথ্য-১)। প্রতিটি দলকে একটি করে সেট ও আঠা দিন।

- দলে বসে অংশগ্রহণকারীদের কোন দায়িত্বটি কোন সেবাদানকারী জন্য প্রযোজ্য তা ফ্লিপশিটে লাগাতে বলুন।
- সবার লাগানো হয়ে গেলে বোর্ডে বা দেয়ালে ঝুলিয়ে দিতে বলুন ও সবাইকে ঘুরে ঘুরে দেখতে বলুন। দেখার সময় মিল অমিলগুলো বের করতে বলুন।
- এবার দলীয় কাজগুলো সঠিক হয়েছে কিনা তা সবাইকে দেখতে বলুন ও সঠিক স্থানে লাগিয়ে দিতে বলুন।

পর্ব - ০২

- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সেবাদানকারীর নাম ও তাদের মূল দায়িত্ব সম্পর্কে জানলাম।
- এবার প্রশ্ন করুন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে থেকে কী কী সেবা দেয়া হয়? কয়েকজনের কাছ থেকে ২/১টি সেবার নাম শুনুন এবং লিখিত কার্ড বা পোস্টারের মাধ্যমে সেবা কেন্দ্রে থেকে কী কী সেবা দেয়া হয় এবং এর সময়সূচি উপস্থাপন করুন (সহায়ক তথ্য-২)।

পর্ব-০৩

- বলুন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবা সম্পর্ক আমরা জানলাম। এবার প্রতিটি সেবা কোন সেবাদানকারী প্রদান করবেন সে সম্পর্কে আমরা বিস্তারিত জানবো। এক্ষেত্রে অংশগ্রহণকারীদের ছোট ছোট ৭টি দলে ভাগ করে দিন এবং প্রতিটি দলকে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে প্রদত্ত সেবা ও সেবাদানকারীর নাম সম্বলিত একটি তথ্যপত্র দিন (সহায়ক তথ্য-৩) দলীয়ভাবে পড়তে বলুন।
- দলীয়ভাবে পড়া হয়ে গেলে প্রতিটি দল থেকে একজনকে এসে তাদের তথ্যপত্রের তাদের বিষয়টি সবার সামনে উপস্থাপন করতে বলুন।
- প্রতিটি দলের উপস্থাপিত তথ্যের উপর কারো কোন প্রশ্ন থাকলে তা জেনে নিতে বলুন। এক্ষেত্রে সেবার ৭টি ধরন লিখিত পোস্টার পেপারটি লাগিয়ে দিন ও আরেকবার পড়ে শোনান। অতঃপর স্বাস্থ্যকেন্দ্র থেকে সরবরাহকৃত উপকরণ (সহায়ক তথ্য-৪) সম্পর্কে ধারণা দিন ও বলুন আপনাদেরকে যে সহায়িকা দেয়া হয়েছে সেখানে সরবরাহকৃত উপকরণ পরিশিষ্টে দেয়া আছে।

পর্ব -০৪

- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব- ১	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সেবাদানকারী ও তাদের মূল দায়িত্ব	২০ মিনিট
পর্ব- ২	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে থেকে কী কী সেবা দেয়া হয়	৩০ মিনিট
পর্ব- ৩	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে থেকে প্রদত্ত সেবা ও সেবাদানকারীর নাম	৩০ মিনিট
পর্ব- ৪	সেশন মূল্যায়ণ	১০ মিনিট

সেবাদানকারী ও মূল দায়িত্ব:

সেবাদানকারী	মূল দায়িত্ব
মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ/স্বাস্থ্য অধিদপ্তর থেকে নিয়োগকৃত মেডিকেল অফিসার)	ইউনিয়ন পর্যায়ে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি সেবা কার্যক্রম বাস্তবায়ন।
উপ-সহকারী কমিউনিটি মেডিকেল অফিসার (SACMO)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য, নবজাতকের স্বাস্থ্য, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি সেবা কার্যক্রম এবং ইউনিয়ন পর্যায়ে বিদ্যালয়সমূহে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিচালনা করা।
পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV)	স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য কৈশোরকালীন স্বাস্থ্য, নবজাতকের স্বাস্থ্য, প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, পুষ্টি সেবা কার্যক্রম এবং ইউনিয়ন পর্যায়ে স্যাটেলাইট ক্লিনিকসমূহের কার্যক্রম পরিচালনা করা।
ফার্মাসিস্ট (Pharmacist)	ব্যবস্থাপত্র অনুযায়ী ঔষধ বিতরণ করা।
পরিবার পরিকল্পনা পরিদর্শক (FPI)	ইউনিয়ন পর্যায়ে মা, শিশু স্বাস্থ্য, প্রজনন স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা ও পুষ্টি সংক্রান্ত কার্যাবলীর তত্ত্বাবধান।
এমএলএসএস/নিরাপত্তা প্রহরী	সংশ্লিষ্ট কর্মকর্তার (MO/SACMO/FWV) তত্ত্বাবধানে থেকে অর্পিত সকল দায়িত্ব পালন করা। কেন্দ্রের নিরাপত্তা নিশ্চিত করা।
আয়া	কেন্দ্রের পরিষ্কার পরিচ্ছন্নতার দায়িত্ব পালন ও স্যাটেলাইট ক্লিনিকে পরিবার কল্যাণ পরিদর্শিকার কাজে সহায়তা করা।

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে প্রদত্ত সেবাসমূহ:





সেবাসমূহ:

১. মাতৃস্বাস্থ্য সেবা
২. নবজাতক ও শিশু স্বাস্থ্য সেবা
৩. কৈশোরকালীন স্বাস্থ্য সেবা
৪. প্রজনন স্বাস্থ্য সেবা
৫. পুষ্টি সেবা
৬. পরিবার পরিকল্পনা সেবা
৭. সাধারণ রোগের চিকিৎসা
৮. স্বাস্থ্যশিক্ষা
৯. জটিল রোগীদের উচ্চতর হাসপাতালে রেফার করা ও ফলোআপ সেবা।

সেবাদানের সময়সূচি:

- সকাল ৮:০০ টা থেকে দুপুর ২:৩০ টা পর্যন্ত (বহির্বিভাগ সেবা)
- স্বাভাবিক প্রসব সেবার জন্য কেন্দ্রসমূহ ২৪ ঘন্টা খোলা থাকবে
- শুক্রবার ও সরকারি ছুটির দিন কেন্দ্র বন্ধ থাকবে।

দল-১: সেবাদানকারী ও প্রদত্ত সেবাসমূহ

সেবাসমূহ	সেবা প্রদানকারী
ক. গর্ভবতীদের রেজিস্ট্রেশন	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> ইউনিয়নের সকল গর্ভবতী মায়েদের রেজিস্ট্রেশন নিশ্চিত করবেন এবং কেন্দ্রে তালিকা সংরক্ষণ ও প্রদর্শন করবেন। <p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার ঃ</p> <ul style="list-style-type: none"> পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুপস্থিতিতে বা স্যাটেলাইট ক্লিনিক চলাকালীন সময়ে তিনি গর্ভবতী মায়েদের রেজিস্ট্রেশন নিশ্চিত করবেন। 
খ. গর্ভকালীন সেবা	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এবং স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে সকল গর্ভবতী মায়ের গর্ভকালীন সেবা নিশ্চিত করবেন। সকল গর্ভবতী মায়েদের ইতিহাস নেয়া, গর্ভবতী মায়েদের পরিচর্যা কার্ড পূরণ করা, রক্ত পরীক্ষা, শারীরিক পরীক্ষা, যথা- জরায়ুর উচ্চতা পরিমাপ, গর্ভস্থ শিশুর হৃদস্পন্দন, মাতৃগর্ভে শিশুর অবস্থান নির্ণয় এবং সকল গর্ভবতী মায়েদের ফলোআপ সেবাসমূহ নিশ্চিত করবেন। ঝুঁকিপূর্ণ গর্ভবতী মায়েদের চিহ্নিত করে তাদের (উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/ মা ও শিশু কল্যাণ কেন্দ্র/ জেলা হাসপাতাল) নিকট রেফার করা ও তাদের নিয়মিত ফলো-আপ নিশ্চিত করবেন। সকল গর্ভবতী মায়েদের টিকাদান সম্পর্কে পরামর্শ দিবেন। সেবাকেন্দ্রে নিরাপদ প্রসব সম্পাদনের জন্য উৎসাহিত করবেন। প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা সম্পর্কে বলবেন। <p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার:</p> <ul style="list-style-type: none"> পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুপস্থিতিতে বা স্যাটেলাইট ক্লিনিক চলাকালীন সময়ে তিনি গর্ভবতী মায়েদের গর্ভকালীন সেবা নিশ্চিত করবেন। <p>* গর্ভকালীন সেবা বিধি অনুযায়ী কমপক্ষে ৪ বার চেক-আপ করাতে হবে।</p>  
গ. প্রসবকালীন সেবা	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> কেন্দ্রগুলোতে তিনি স্বাভাবিক প্রসব সেবা প্রদান করবেন। প্রয়োজ্য ক্ষেত্রে রেফারের ব্যবস্থা করবেন ও নিশ্চিত করবেন। 



<p>ঘ. প্রসব পরবর্তী সেবা</p>	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> ● সন্তান প্রসবের পর মা ও নবজাতকের পরীক্ষা সম্পাদন করবেন। ● নবজাতকের ওজন নিবেন। ● নবজাতকের পরিচর্যা, মায়ের বুকের দুধ পানে উৎসাহিত করা, মায়ের অবস্থান ও সংযোগ সম্পর্কে প্রয়োজনীয় তথ্য দিয়ে সহযোগিতা প্রদান করবেন। ● প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা ব্যবস্থা গ্রহণে পরামর্শ দিবেন ও পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ করবেন। ● মাকে ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়াবেন। ● প্রসব পরবর্তী যে কোন জটিলতায় মেডিকেল অফিসার (পরিবার কল্যাণ)/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এর সহায়তায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স/মা ও শিশু কল্যাণ কেন্দ্র/সদর জেলা হাসপাতাল এ রেফার করবেন। <p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার:</p> <ul style="list-style-type: none"> ● পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুপস্থিতিতে বা স্যাটেলাইট ক্লিনিক চলাকালীন সময়ে তিনি গর্ভবতী মায়ের প্রসব পরবর্তী সেবা নিশ্চিত করবেন এবং প্রয়োজনে রেফার করবেন। <p>* প্রসব পরবর্তী সেবার জন্য ৪ বার চেক-আপ করবেন।</p>	 
------------------------------	---	---

দল- ২: শিশুস্বাস্থ্য সেবা

<p>ক. নবজাতকের স্বাস্থ্য সেবা</p>	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার:</p> <ul style="list-style-type: none"> ● নবজাতকের অত্যাাবশ্যকীয় পরিচর্যা প্রদান করবেন। ● সকল নবজাতকের নাভিতে প্রসবের পরপরই ৭.১% ক্লোরহেক্সিডিন লাগাবেন। ● বুকের দুধ খাওয়ানো এবং নবজাতকের অত্যাাবশ্যকীয় সেবা বিষয়ে পরামর্শ প্রদান করবেন। ● প্রয়োজনে অসুস্থ শিশুদের উপযুক্ত স্থানে রেফারের ব্যবস্থা করবেন। 	
<p>খ) < ৫ বছরের শিশুস্বাস্থ্য সেবা</p>	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> ● কেন্দ্রে আগত অসুস্থ শিশুদের চিকিৎসা প্রদান করবেন। ● প্রযোজ্য ক্ষেত্রে আইএমসিআই প্রটোকল অনুযায়ী ৫ বছরের কম বয়সী শিশুদের চিকিৎসা প্রদান করবেন। ● ২ মাসের কম বয়সী অসুস্থ শিশুদের জাতীয় নীতিমালা অনুযায়ী চিকিৎসা সেবা প্রদান করবেন। ● নীতিমালা অনুযায়ী উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসারকে অসুস্থ শিশুদের ব্যবস্থাপনায় সহায়তা করবেন। 	

*SACMO অনুপস্থিতিতে FWV উক্তসেবাগুলো প্রদান করবেন।

দল-০৩: কৈশোরকালীন স্বাস্থ্যসেবা

<p>ক) কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সেবা</p>	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> কিশোরীদের টিটি টিকা প্রদান করবেন। কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য সেবা সংক্রান্ত পরামর্শ ও প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করবেন। প্রজননতন্ত্রের সংক্রমণ রোগে (আরটিআই) এবং যৌন রোগের (এসটিডি) ক্ষেত্রে লক্ষণ ভিত্তিক চিকিৎসা এবং এইচআইভি/এইডস্ সম্পর্কে পরামর্শ প্রদান করবেন। <p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার:</p> <ul style="list-style-type: none"> পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুপস্থিতিতে এবং স্যাটেলাইট ক্লিনিক চলাকালীন সময়ে তিনি কিশোর-কিশোরীদের প্রজননস্বাস্থ্য সেবা নিশ্চিত করবেন। স্কুল হেলথ কার্যক্রমে কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য বিষয়ে অবহিত করবেন। 	
<p>খ) কিশোর কিশোরীর পুষ্টি সেবা</p>	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> আয়রন বড়ি বিতরণ, কৃমি নাশক ওষুধ বিতরণ করবেন। পুষ্টি বিষয়ক তথ্য প্রদান <p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার:</p> <ul style="list-style-type: none"> পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুপস্থিতিতে বা স্যাটেলাইট ক্লিনিক চলাকালীন সময়ে তিনি কিশোর-কিশোরীদের আয়রন বড়ি বিতরণ, কৃমিনাশক ওষুধ বিতরণ নিশ্চিত করবেন। স্কুল হেলথ কার্যক্রমে কিশোর-কিশোরীদের প্রজনন স্বাস্থ্য বিষয়ে অবহিত করবেন। 	

দল-৪: প্রজনন স্বাস্থ্যসেবা

<p>ক) এম আর ও গর্ভপাত পরবর্তী সেবা</p>	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> ম্যানুয়েল ও সংশ্লিষ্ট সার্কুলারের নির্দেশ অনুযায়ী এম আর সম্পাদন/এমআরএম প্রদান করা। সকল এম আর ক্লায়েন্টের রেকর্ড সংরক্ষণ করা এবং এম আর পরবর্তী সেবা প্রদান ও পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে সহায়তা করা। ম্যানুয়েল ও সংশ্লিষ্ট সার্কুলারের নির্দেশ অনুযায়ী গর্ভপাত পরবর্তী সেবা (PAC) নিশ্চিত করা। প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা গ্রহণে সহায়তা করা। <p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার:</p> <ul style="list-style-type: none"> ম্যানুয়েল ও সংশ্লিষ্ট সার্কুলারের নির্দেশ অনুযায়ী এম আর সম্পাদন করা (প্রশিক্ষিত মহিলা উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার-এর ক্ষেত্রে)। সকল এম আর ক্লায়েন্টের রেকর্ড সংরক্ষণ করা এবং এম আর পরবর্তী সেবা কেন্দ্রে পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণে সহায়তা করা। 	
--	---	--

গ) জরায়ু মুখের ক্যান্সার ও স্তন ক্যান্সার স্ক্রিনিং	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> নির্বাচিত কেন্দ্র থেকে তথ্য, পরামর্শ দেয়া ও স্ক্রিনিং করা ও রেফার করা
--	---

দল-৫: পুষ্টি বিষয়ক সেবা

ক) পুষ্টি বিষয়ক তথ্য ও পরামর্শ প্রদান	<p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার:</p> <ul style="list-style-type: none"> প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীর সাথে যোগাযোগ করা এবং স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে পরামর্শ প্রদান করা। স্বাস্থ্য শিক্ষা অধিবেশন পরিচালনা করা (কেন্দ্র এবং বিদ্যালয়ে) <p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> গর্ভবতী ও দুগ্ধদানকারী মায়েদের আয়রন ও ফলিক এসিড বড়ি খাওয়ার উপদেশ দান। খাদ্য বৈচিত্র্যের মাধ্যমে খাদ্যাভাস পরিবর্তনের উপর উপদেশ প্রদান। প্রশিক্ষণপ্রাপ্ত কর্মীর সাথে যোগাযোগের মাধ্যমে গর্ভকালীন, প্রসবকালীন ও প্রসব পরবর্তী সময়ে স্বাস্থ্য ও পুষ্টি বিষয়ে পরামর্শ প্রদান করা।
খ) শিশু পুষ্টি বিষয়ক সেবা	<p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার:</p> <ul style="list-style-type: none"> জন্মের ছয়মাস পর্যন্ত শুধুমাত্র বুকের দুধ খাওয়ানোর পরামর্শ প্রদান করবেন। ছয়মাসের পর বুকের দুধের পাশাপাশি সহায়ক খাবার খাওয়ানোর পরামর্শ প্রদান করবেন। কেন্দ্রে আগত ৫ বছরের কম সকল শিশুদের গ্রোথ মনিটরিং প্রমোশন (জিএমপি) কার্ডের মাধ্যমে শরীর ও ওজন বৃদ্ধি মনিটর করবেন, নিয়মিত ফলোআপ নিশ্চিত করবেন। পুষ্টি সেবা কার্যক্রমের ম্যানুয়াল অনুযায়ী কেন্দ্রে আগত ৫ বছরের কম বয়সী সকল শিশুদের পুষ্টি সেবা প্রদান করবেন। মুয়াক টেপ ব্যবহার করে মারাত্মক অপুষ্টিতে আক্রান্ত (SAM) শিশুদের চিহ্নিত করবেন এবং উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও সদর জেলা হাসপাতালের (SAM) কর্ণারে প্রেরণ করবেন। <p>সকল ঝুঁকিপূর্ণ শিশুদের মেডিকেল অফিসার (এফডব্লিউ)/মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এর নিকট উচ্চতর কেন্দ্রে রেফার করবেন।</p> <p>পরিবার কল্যাণ পরিদর্শিকা: উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসারের অনুপস্থিতিতে কেন্দ্রে আগত ৫ বছরের কম বয়সের সকল শিশুকে জাতীয় নীতিমালা অনুযায়ী পুষ্টি সেবা দেবেন ও প্রয়োজনে রেফার করবেন।</p> <ul style="list-style-type: none"> ৬-২৩ মাস বয়সী শিশুদের ভিটামিন ও মিনারেল (MNP) পাউডার খাওয়ানো। ৬-৫৯ মাস বয়সী শিশুদের ৬ মাস পর পর ভিটামিন-এ ক্যাপসুল খাওয়ানো।
গ) কিশোর কিশোরীর পুষ্টি সেবা	<ul style="list-style-type: none"> পরিবার কল্যাণ পরিদর্শিকার অনুপস্থিতিতে বা স্যাটেলাইট ক্লিনিক চলাকালীন সময়ে তিনি কিশোর-কিশোরীদের আয়রন বড়ি বিতরণ, কুমিনাশক ওষুধ বিতরণ নিশ্চিত করবেন। প্রতিসপ্তাহে ২টা IFA Tab প্রদান করবেন।



দল- ৬: পরিবার পরিকল্পনা সেবা

<p>৬. পরিবার পরিকল্পনা সেবা</p>	<p>পরিবার কল্যাণ পরিদর্শিকা:</p> <ul style="list-style-type: none"> ● কেন্দ্রে আগত সকল মায়েদের পরিবার পরিকল্পনা সেবা গ্রহণে উদ্বুদ্ধ করবেন। আগত সকল সক্ষম দম্পতিদের চাহিদা এবং উপযুক্ততা বিচার করে সঠিক পদ্ধতি গ্রহণে উৎসাহ এবং পরামর্শ দেবেন। ● পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারীদের বিশেষ করে নবদম্পতি ও প্রসবোত্তর পরিবার পরিকল্পনা সেবা গ্রহণে উদ্বুদ্ধ ও পরামর্শ দিবেন। ● পরিবার পরিকল্পনা সেবা গ্রহণকারীদের উদ্বুদ্ধকরণ ও পরামর্শ দান। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীদের জটিলতা রেজিষ্টারে রেকর্ড করা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি/ক্লিনিক/এফডব্লিউ) এর নিকট রেফার করা এবং নিয়মিত ফলোআপ করা। <p>উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার:</p> <ul style="list-style-type: none"> ● কেন্দ্রে পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘমেয়াদী ক্যাম্প অস্ত্রোপচারের পূর্বে, অস্ত্রোপচারের সময় ও অস্ত্রোপচারের পরে সকল কার্যক্রমে অস্ত্রোপচারকারী চিকিৎসককে সার্বিক সহযোগিতা প্রদান করবেন। ● কেন্দ্রে পরিবার পরিকল্পনা স্থায়ী ও দীর্ঘমেয়াদী ক্যাম্প আয়োজনে সহায়তা করা। ● সেবা গ্রহণকারীদের অপারেশন পরবর্তী যত্ন নেয়া, জীবানুমুক্তভাবে সেলাই খোলা ও ফলোআপ করা। জটিল রোগীদের মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/ক্লিনিক/এফডব্লিউ এর নিকট উচ্চতর কেন্দ্রে রেফার করা। ● পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজের মাধ্যমে সাধারণ রোগসমূহ এবং ছোটখাট ক্ষতসমূহের সেবা নিশ্চিত করবেন। ● বিশেষ সেবা: মাঝে মাঝে পরিবার পরিকল্পনা ক্যাম্প করা হয় ও সেখানে দীর্ঘ মেয়াদী ও স্থায়ী পদ্ধতি গ্রহণের ক্ষেত্রে সহায়তা করা হয়।
---------------------------------	--



দল-৭: সাধারণ স্বাস্থ্য সেবা, স্বাস্থ্যশিক্ষা ও রেফার করা

<p>সাধারণ রোগের চিকিৎসা</p>	<ul style="list-style-type: none"> ● পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে অত্যাবশ্যকীয় সেবা প্যাকেজের মাধ্যমে সাধারণ রোগসমূহ এবং ছোটখাট ক্ষতসমূহের সেবা নিশ্চিত করা।
-----------------------------	--


স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম	<ul style="list-style-type: none"> পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার পারস্পরিক সমন্বয়ের মাধ্যমে কেন্দ্রে এবং স্কুলে স্বাস্থ্য শিক্ষা কার্যক্রম পরিচালনা করা।
<p>জটিল রোগীদের রেফার করা</p> <p>ক) ঝুঁকিপূর্ণ গর্ভ, প্রসবপূর্ব, প্রসবকালীন ও প্রসব পরবর্তী সময়ে বিপদচিহ্ন</p> <p>খ) ৫ বয়সী জটিল শিশুকে রেফার করা</p>	<ul style="list-style-type: none"> পরিবার কল্যাণ পরিদর্শিকা এবং উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার কর্তৃক ঝুঁকিপূর্ণ মা সনাক্তকরণ ও রেফার করা। বিপদচিহ্ন চিহ্নিতকরণ ও প্রযোজ্য ক্ষেত্রে উচ্চতর কেন্দ্রে রেফার করা।



সহায়ক তথ্য-৪

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে সরবাহকৃত উপকরণ:

১. মাতৃ ও শিশু স্বাস্থ্যসেবা সংক্রান্ত ঔষধ (২২ ধরনের ঔষধ)
২. ১৫ আইটেম বিশিষ্ট ডেলিভারি কিট (একটি কিট দ্বারা ১০টি ডেলিভারি করা যায়)
৩. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সরবরাহযোগ্য যন্ত্রপাতি যেমন- আয়রন কট, বেডসাইড লকার, স্যালাইন স্ট্যান্ড ইত্যাদি
৪. পরিবার পরিকল্পনা উপকরণ- খাবার বড়ি, ইনজেকশন, আইইউডি
৫. বিভিন্ন ধরনের ফরম, আইইসি উপকরণ ১
৬. মাতৃ ও শিশু স্বাস্থ্য (এমসিএইচ) কিট বক্সে যন্ত্রের তালিকা
৭. এইচবিবি কিট
৮. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সরবরাহকৃত ফার্নিচার
৯. আইইউডি ও ইনজেকশন গ্রহণেচ্ছুর পূর্ণ বিবরণী ও অবহিত সম্মতিপত্র



* উপকরণসমূহের তালিকা ম্যানুয়ালের পরিশিষ্টে সংযুক্ত করা হল।

অধিবেশন - ০৪

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির কাঠামো, গঠন প্রক্রিয়া ও কার্যপ্রণালী

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠন প্রক্রিয়া সম্পর্কে ব্যাখ্যা করতে পারবেন; এবং
২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির কার্যপ্রণালী চিহ্নিত করতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- ঝড়ো ভাবনা (ব্রেইন স্ট্রিমিং)
- দৃশ্যমান উপস্থাপনা
- প্রশ্নোত্তর ও আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- মাল্টি মিডিয়া, স্ক্রীন

সময়: ১ ঘণ্টা ৩০ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব -০১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও এই সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন।
- সেশনের শুরুতেই ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা কমিটির গঠন প্রক্রিয়া সম্পর্কে একটি ভূমিকা দিয়ে বলুন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সার্বিক কার্যক্রম পরিচালনায় স্থানীয় বাসিন্দা, গণ্যমান্য ব্যক্তি ও নেতৃবৃন্দ বিশেষ করে নারীদের সম্পৃক্ত করা হলে উল্লেখিত সেবাসমূহ প্রদান করা সহজ হবে এবং সেবাগ্রহণের হার দিন দিন বৃদ্ধি পাবে। তাই প্রতিটি কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনার জন্য স্থানীয় প্রতিনিধি বিশেষ করে নারী সদস্যদের নিয়ে একটি পরিচালনা কমিটি গঠন করা অত্যাবশ্যিক। স্মরণ রাখা প্রয়োজন যে, প্রাথমিক অবস্থায় কমিটি সদস্যদের নিয়ে সম্মিলিতভাবে দায়িত্ব পালন করতে নানাবিধ অসুবিধা হতে পারে। এই বিষয়ে কমিটি থেকে যথাযথ উপদেশ, নির্দেশনা এবং সহযোগিতা পেলে কেন্দ্রের কর্মকর্তা ও কর্মীগণ কেন্দ্র পরিচালনা ও মানসম্মত সেবা দান করায় সফলকাম হবেন।
- এবার প্রশ্ন করুন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা কমিটির সদস্য কারা?
- অংশগ্রহণকারীদের উত্তরের সাথে মিলিয়ে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা কমিটির সদস্য কারা ও সদস্য নিবাচনের নীতিমালা আলোচনা করুন। (সহায়ক তথ্য- ১ ও ২)
- কারো কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

পর্ব-০২

- এবার ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা কমিটির গঠন প্রক্রিয়া (সহায়ক তথ্য- ৩) লিখিত একটি কার্ড বা লিখিত ব্রাউন পেপার ধারাবাহিকভাবে ঝুলিয়ে দিন ও আলোচনা করুন।
- পরবর্তীতে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এর কার্যক্রম (সহায়ক তথ্য- ৪) নিয়ে আলোচনা করুন।

পর্ব-০৩

- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।

কর্মপদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব- ১	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সদস্য ও সদস্য নির্বাচনের নীতিমালা	৫০ মিনিট
পর্ব- ২	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির গঠনপ্রক্রিয়া ও কার্যপ্রণালী	৩৫ মিনিট
পর্ব- ৩	সেশন মূল্যায়ণ	৫ মিনিট

সহায়ক তথ্য-১

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটি

১।	ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	সভাপতি
২।	সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ নির্বাচিত নারী সদস্য	সহ সভাপতি
৩।	ইউনিয়ন পরিষদের অন্যান্য নারী সদস্য	সদস্য-২জন
৪।	স্থানীয় কলেজের অধ্যক্ষ/উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রাইমারী স্কুলের প্রধান শিক্ষক	সদস্য- ১জন
৫।	নারী ভিডিপি দলনেত্রী/ বিআরডিবি/ মাদার্স ক্লাব/ মহিলা বিষয় অধিদপ্তর সমাজ সেবা অধিদপ্তর ইউনিয়ন পর্যায়ের কর্মী	সদস্য-১জন
৬।	বেসরকারি সেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধি	সদস্য-১জন
৭।	ফার্মাসিস্ট	সদস্য-১জন
৮।	পরিবার কল্যাণ পরিদর্শিকা	সদস্য-১জন
৯।	কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) (সংশ্লিষ্ট ইউনিয়নের অন্তর্ভুক্ত কমিউনিটি ক্লিনিকের সেবাদানকারী)	সদস্য-১জন
১০।	পরিবার পরিকল্পনা পরিদর্শক	সদস্য-১জন
১১।	ইউনিয়নে কর্মরত পরিবার কল্যাণ সহকারি	সদস্য-১জন

১২।	স্বাস্থ্য অধিদপ্তরের ইউনিয়ন পর্যায়ের কর্মী	সদস্য-১জন
১৩।	কিশোর ও কিশোর প্রতিনিধি	সদস্য-২জন
১৪।	সুবিধাবঞ্চিত যেমন প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর/গ্রুপের প্রতিনিধি	সদস্য-১জন
১৫।	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার/উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার	সদস্য সচিব

সহায়ক তথ্য-২

সদস্যদের নির্বাচনে নীতিমালা

- পদাধিকার বলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সভাপতি হিসাবে দায়িত্ব পালন করবেন।
- ইউনিয়ন পরিষদের তিনজন নির্বাচিত নারী সদস্যদের মধ্যে একজন সহ-সভাপতি এবং বাকি দুইজন সদস্য হিসেবে কমিটিতে অর্ন্তভুক্ত হবেন।
- বিভিন্ন শ্রেণির সদস্যদের নির্বাচনের ক্ষেত্রে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এর মতামত অগ্রগণ্য হবে।
- যদি ইউনিয়নে কোন কলেজ বা উচ্চ বিদ্যালয় থাকে তবে উক্ত কলেজের অধ্যক্ষ বা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষককে মনোনীত করা হবে। যদি কোন কলেজ/উচ্চ বিদ্যালয় না থাকে তবে সংশ্লিষ্ট প্রাইমারি স্কুলের প্রধান শিক্ষককে মনোনীত করা হবে।
- ভিডিপি দলনেত্রী/বিআরডিবি/মাদার্স ক্লাব/মহিলা বিষয় অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তর ইউনিয়ন পর্যায়ের কর্মীদের মধ্য হতে অন্যান্য সদস্যদের মতামতের ভিত্তিতে একজন সদস্য নির্বাচন করা হবে। এক্ষেত্রে সদস্য অবশ্যই মহিলা হবে।
- ইউনিয়নে একের অধিক কমিউনিটি ক্লিনিক থাকলে অন্যান্য সদস্যদের মতামতের ভিত্তিতে একজন কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) কমিটিতে মনোনীত করা হবে।
- এলাকার সুবিধাবঞ্চিত যেমন প্রতিবন্ধী, দরিদ্র/ভূমিহীন বা নিম্ন আয় সম্পন্ন ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর/গ্রুপের প্রতিনিধি হিসাবে ১ জন মহিলাকে সদস্য হিসেবে অর্ন্তভুক্ত করতে হবে।
- ২ জন কিশোর ও কিশোরী প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে স্বেচ্ছাসেবায় উৎসাহী, সমাজে গ্রহণযোগ্য এবং পড়াশুনা করছে এইরকম সদস্যরা কমিটিতে মনোনীত হবে।
- কমিটি ইচ্ছা করলে স্থানীয় নারী নেত্রীদের মধ্যে থেকে ২ জনকে মনোনীত করতে পারবেন।
- কমিটি সদস্য নির্বাচনের ক্ষেত্রে দুই সন্তানের মাতা/পিতাদের অগ্রাধিকার দিবেন।
- উপরোক্ত নীতি অনুযায়ী গঠিত কমিটিতে সদস্য সংখ্যা সর্বোচ্চ ২১ হতে পারে।

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিচালনা কমিটি গঠন প্রক্রিয়া

পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির সদস্য নির্বাচন করার ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা অনুসরণ করে পদ ভিত্তিতে মনোনয়ন বা নির্বাচন করে নির্ধারিত করতে হবে।

উপজেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে পরামর্শ ও নির্দেশক্রমে, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার/ উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসার, পরিবার পরিকল্পনা পরিদর্শক, পরিবার কল্যাণ পরিদর্শিকা ও পরিবার কল্যাণ সহকারীদের সহায়তা নিয়ে ইউনিয়ন পরিষদ এর সাথে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিচালনা কমিটি গঠনের উদ্দেশ্য ও তাদের দায়িত্ব কর্তব্য সম্বন্ধে আলোচনা করবেন।

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটি গঠন কল্পে ইউনিয়ন চেয়ারম্যান একটি সভা আহ্বান করবেন।



উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার, পরিবার পরিকল্পনা পরিদর্শক, পরিবার কল্যাণ পরিদর্শিকা, এলাকার নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ, সমাজসেবা কাজে আগ্রহী স্ব-উদ্যোগী জনগণ, শিক্ষক ও বিভিন্ন শ্রেণী/পেশার প্রতিনিধিত্বকারী ব্যক্তিবর্গের সাথে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিচালনা কমিটি গঠনের উদ্দেশ্য ও তাদের দায়িত্ব কর্তব্য সম্বন্ধে আলোচনা করবেন এবং তাদেরকে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিচালনা কমিটি গঠনের সভায় উপস্থিত হওয়ার জন্য উৎসাহিত করবেন।



ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান, উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের কর্মকর্তা/তাদের প্রতিনিধি সহ কমিটির সদস্য হতে পারেন এমন ব্যক্তিবর্গের উপস্থিতিতে অনুষ্ঠিত সভায় সংশ্লিষ্ট কেন্দ্রের জন্য ১টি ব্যবস্থাপনা কমিটি গঠন করবেন।



ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটি গঠন শেষে, কমিটির তালিকা উপজেলা পর্যায়ের উর্ধ্বতন কর্মকর্তাদের নিকট প্রেরণ করবেন।

কার্যপ্রণালী

- কমিটি ২ মাসে অন্তত একবার সভায় মিলিত হবে।
- কমিটির সভাপতি কোন সভায় উপস্থিত থাকতে না পারলে সহ সভাপতি সভা পরিচালনা করবেন।
- কমিটি সভাপতি এবং অপর স্থায়ী মেম্বারের উপস্থিতিতে সভার কোরাম হবে।
- সভার কার্যবিবরণী কমিটির সদস্য সচিব কর্তৃক একটি রেজিস্টার লিপিবদ্ধ করা হবে। প্রত্যেক সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্ত উপস্থিত সদস্যদেরকে পড়ে শোনানো হবে এবং তাদের সম্মতিক্রমে তা চূড়ান্ত হবে।
- কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ এবং পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হবে।
- মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সহকারি পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং এএফডাব্লিউও (এমসিএইচ-এফপি) এই কমিটির সভায় পর্যবেক্ষকরূপে যোগদান করতে পারবেন।
- প্রতিটি কমিটি কার্যবিবরণী লিপিবদ্ধ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা একটি রেজিস্টার সরবরাহ করবেন।
- কমিটির আনুসঙ্গিক ব্যয় বহন করার জন্য উপজেলা বা ইউনিয়ন পরিষদকে কিছু আর্থিক সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা যেতে পারে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন।

অধিবেশন - ০৫

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির ভূমিকা

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. কেন্দ্রটি সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য ব্যবস্থাপনা কমিটির ভূমিকা চিহ্নিত পারবেন;
২. ব্যবস্থাপনা কমিটি কী কী কাজ তদারকী করবেন তা বলতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- স্টাডি সার্কেল ও উপস্থাপনা
- কার্ড প্রদর্শন ও আলোচনা
- প্রশ্নোত্তর ও আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- তথ্যপত্র
- মাল্টি মিডিয়া, স্ক্রীন

সময়: ৬০ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব -০১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও এই সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন।
- এবার অংশগ্রহণকারীদের বলুন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির সদস্যদের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই কেন্দ্রের সার্বিক কার্যক্রম পরিচালনায় স্থানীয় নেতৃবর্গ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে কমিটি গঠনের ব্যবস্থা নিবেন ও কমিটিকে কার্যকর করার লক্ষ্যে কাজ করবেন।
- এবার অংশগ্রহণকারীদের ৩টি দলে ভাগ করে দিন ও নিচের ৩টি বিষয়ের উপর যুক্তি তৈরি করতে বলুন।
 - দল-১ : সভাপতির দায়িত্ব
 - দল-২ : সহ-সভাপতির দায়িত্ব
 - দল-৩: সাধারণ সদস্যদের দায়িত্ব
- প্রতিটি দলকে কমিটির সদস্য হিসেবে তাদের ভূমিকাটি যে অন্য দুটি ভূমিকার চেয়ে বেশি গুরুত্বপূর্ণ তা যুক্তি দিয়ে বোঝাতে বলুন। দলীয় যুক্তি তৈরির জন্য ১৫ মিনিট ও যুক্তি উপস্থাপনের চেয়ে ২ মিনিট সময় পাবেন।

- সবকটি দলে উপস্থাপনের পর সবার দায়িত্ব যে গুরুত্বপূর্ণ তা বুঝিয়ে দিন।
- যুক্তি তর্কের পর অংশগ্রহণকারীদেরকে সদস্যদের দায়িত্ব বিষয়ক তথ্যপত্র দিন (**সহায়ক তথ্য-১**) ও পড়তে বলুন।
- এক্ষেত্রে ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনায় উর্ধ্বতন কর্মকর্তাদের ভূমিকা নিয়েও আলোচনা করুন।

পর্ব-০২

- ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব কর্তব্য নিয়ে আলোচনার পর এই কমিটির কী কী বিষয়/কাজ তদারকী করবেন তা আলোচনা করুন। বলুন, সেবা কেন্দ্রের অবকাঠামো ও পারিপার্শ্বিক পরিবেশ নিশ্চিত করার পাশাপাশি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনা, রক্ষণাবেক্ষণ, স্বাস্থ্য সেবায় জনগনের অংশগ্রহণ ও বিদ্যমান স্বাস্থ্য সেবা প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি দায়িত্বাবলী পালন করবেন।
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি মূল দায়িত্বগুলি কার্ডের মাধ্যমে উপস্থাপন করুন।

(সহায়কের ব্যাখ্যার জন্য বিস্তারিত **সহায়ক তথ্য-২** দেয়া আছে)

১. সেবা কেন্দ্রের অবকাঠামো ও পারিপার্শ্বিক পরিবেশ
২. মানসম্মত সেবাদান নিশ্চিতকরণ
৩. উপকরণ যথযথভাবে সরবরাহ
৪. সেবা কেন্দ্রে সেবাদানকারীর সংখ্যা, উপস্থিতি, দক্ষতা ও মানসম্মত সেবাদান
৫. তহবিল সংগ্রহ ও সমাবেশীকরণ
৬. প্রচারণা/প্রচারভিযান

পর্ব -০৩

- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব- ১	ব্যবস্থাপনা কমিটির সদস্যদের ভূমিকা	২৫ মিনিট
পর্ব- ২	ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব	৩০ মিনিট
পর্ব- ৩	সেশন মূল্যায়ণ	৫ মিনিট

তথ্যপত্র : দল-১

সভাপতির দায়িত্ব:

- সভায় সভাপতিত্ব করবেন;
- কোন বিশেষ সভার প্রয়োজন হলে তা আয়োজনের উদ্যোগ গ্রহণ করবেন;
- কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;
- কেন্দ্র পরিচালনায় কোন সমস্যা উদ্ভূত হলে তা নিরসন বা সমাধানকল্পে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন;
- কেন্দ্র পরিচালনা সংক্রান্ত বিষয়ে প্রয়োজনমত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও অন্যান্য স্বাস্থ্য সেবা প্রদানকারী সংস্থা/সংগঠনের সাথে যোগাযোগ রক্ষা করবেন;
- কেন্দ্রের সুষ্ঠু পরিচালনার ক্ষেত্রে স্থানীয়ভাবে সমাধান করা যায় না এমন সব সমস্যা উপজেলা পরিষদ এবং পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার নজরে নিয়ে আসার ব্যবস্থা গ্রহণ।
- কেন্দ্র ব্যবস্থাপনা সংক্রান্ত সকল কাজ তদারকির ক্ষেত্রে নারী সদস্যদের অংশগ্রহণকে উদ্বুদ্ধ করবেন ও তাদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করবেন;
- নিয়মিতভাবে কেন্দ্র পরিদর্শন পূর্বক সেবা গ্রহণকারীদের মতামত নিয়ে সে অনুসারে ব্যবস্থা নিবেন;
- ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ৯ (সবার ঐক্যমতের ভিত্তিতে) নির্ধারিত কোষাধ্যক্ষের সাথে যৌথভাবে ব্যাংকের আর্থিক বিষয়াদি পরিচালনা করবেন;
- সদস্যদের দায়িত্ব পালনের ক্ষেত্রে দক্ষতা বৃদ্ধি ও বিকল্প নেতৃত্ব তৈরিতে সহায়তা করবেন। এক্ষেত্রে নারী নেতৃত্ব ও সদস্যদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করবেন;
- কমিটির আয়ের ব্যাপারে সহায়তা দিবেন এবং আয় ও ব্যয়ের হিসাব তদারকী করবেন;

সভাপতির অনুমতিক্রমে নিম্নলিখিত কাজসমূহের জন্য একজন দায়িত্বপ্রাপ্ত হবেন:

- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির তহবিলের আয় ও ব্যয়ের হিসাব রাখবেন;
- তিনি ক্যাশ বই ও অন্যান্য রেজিস্টারের মাধ্যমে এই হিসাব রক্ষণাবেক্ষণ করবেন;
- তিনি ব্যাংক একাউন্ট ও ব্যাংকের হিসাবপত্র যথাযথভাবে রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকবেন;
- নিয়মিত আয় ব্যয় সংক্রান্ত মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক/বাৎসরিক প্রতিবেদন তৈরি করবেন; এবং
- সভাপতি কর্তৃক অর্পিত অন্যান্য যে কোন দায়িত্ব পালন করবেন।

তথ্যপত্র : দল-২

সহ-সভাপতির দায়িত্ব:

- সহ-সভাপতি নিয়মিতভাবে সভায় অংশগ্রহণ করবেন এবং সেবা কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনার জন্য প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণে সভাপতিকে সাহায্য ও সহযোগিতা করবেন;
- স্বাধীনভাবে নিজের মতামত দিবেন ও সমস্যার সমাধানে উদ্যোগী হবেন;
- সভাপতির অবর্তমানে সভাপতির যাবতীয় দায়িত্ব পালন করবেন;
- কোষাধ্যক্ষের সাথে যৌথভাবে ব্যাংকের আর্থিক বিষয়াদি পরিচালনা করবেন এবং
- সভাপতি কর্তৃক অর্পিত যে কোন দায়িত্ব পালন করবেন।

সদস্য-সচিবের দায়িত্ব:

- সদস্য-সচিব সভাপতির সাথে আলোচনাক্রমে বা তার অনুমোদনক্রমে মাসিক সভা ও প্রয়োজনমত অন্যান্য বিশেষ সভা আহ্বান এবং অনুষ্ঠানের ব্যবস্থা করবেন;
- মাসিক সভায় উপস্থাপনের জন্য সেবা কেন্দ্রের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন প্রস্তুত করবেন;
- সভার কার্যবিবরণী প্রস্তুত করবেন এবং তার অনুলিপি সমূহ যথাযথ কর্তৃপক্ষ (উপজেলা ও জেলা পর্যায়ে) বরাবর প্রেরণের ব্যবস্থা করবেন;
- সভার কার্যবিবরণী ও অন্যান্য রেকর্ডপত্র সংরক্ষণ করবেন;
- সভাপতি, সহ-সভাপতি ও কোষাধ্যক্ষকে সেবা কেন্দ্রের কার্যক্রম পরিচালনায় সহযোগিতা প্রদান করবেন;
- তিনি সভাসমূহের আলোচনায় অংশ গ্রহণ করবেন এবং মতামত রাখবেন।
- নিয়মিতভাবে সেবাগ্রহণকারীদের মতামত নিয়ে তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করবেন।

তথ্যপত্র : দল-৩

সাধারণ সদস্যদের দায়িত্ব:

- সদস্যরা নিয়মিতভাবে সভায় অংশগ্রহণ করবেন এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনার জন্য প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণে সভাপতিকে সাহায্য ও সহযোগিতা করবেন;
- সভায় আলোচনা সাপেক্ষে সভাপতি কর্তৃক প্রদত্ত যে কোন দায়িত্ব সুচারুরূপে ও নিষ্ঠার সাথে সম্পন্ন করবেন;
- স্বাধীনভাবে নিজেদের মতামত প্রদান ও সমস্যার সমাধানে উদ্যোগী হবেন;

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনায় উর্ধ্বতন কর্মকর্তাদের ভূমিকা:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা

- উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন পরিষদকে এই কমিটির গঠন এবং কার্যক্রম সম্পর্কে অবহিত করবেন। তিনি উপজেলায় এবং ইউনিয়নে কর্মরত সকল কর্মকর্তা ও কর্মীকে এ সম্পর্কে অবহিত করবেন।
- তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে কমিটি গঠনের ব্যবস্থা নিবেন।

মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/এডিসিসি/এমওসিসি/এডিএফপি/আঞ্চলিক সুপারভাইজার (এফপিসিএসটি/কিউএটি)

- উপরোক্ত কর্মকর্তাগণ কমিটির সভায় পর্যবেক্ষকরূপে যোগদান করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। তারা এ বিষয়ে উপ-পারিচালককেও অবহিত করবেন।

উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা)

- প্রত্যেক উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা) এই কমিটির কার্যক্রম ও বিষয়বস্তু সম্পর্কে জেলা পরিবার পরিকল্পনা সমন্বয় কমিটিকে অবহিত করবেন।

বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা)

- বিভাগীয় পরিচালক তার বিভাগের অন্তর্ভুক্ত জেলা সমূহে যথা সময়ে এই কমিটি গঠনের নিশ্চয়তা বিধান করবেন।

সেবাদানের ক্ষেত্রে কমিটির ভূমিকা

সেবা কেন্দ্রের অবকাঠামো ও পারিপার্শ্বিক পরিবেশ

- ইউনিয়নের পরিবার কল্যাণ কেন্দ্রের বাহ্যিক ও অভ্যন্তরীণ নিরাপত্তা ব্যবস্থা পরীক্ষা ও সেবা নিশ্চিত করবেন;
- ইউনিয়নের পরিবার কল্যাণ কেন্দ্রে জেডারবান্ড অবকাঠামো যেমন- নারী ও পুরুষ এর বসার ব্যবস্থা করা, সেবা গ্রহণকারীর গোপনীয়তা রক্ষার ব্যবস্থা নেয়া (শারীরিক পরীক্ষা কক্ষে ও নির্দিষ্ট জায়গায় পর্দার ব্যবস্থা করা), পুরুষ/ কিশোর এবং নারী/ কিশোরীদের জন্য আলাদা টয়লেট এর ব্যবস্থা করা, গর্ভবতী মায়াদের জন্য হাই কমোড (যদি সম্ভব হয়); অপেক্ষমানদের জন্য উপযুক্ত স্থান/ঘর; ব্রেস্ট ফীডিং কর্ণার, হাত ধোয়ার ব্যবস্থা কিশোর-কিশোরীদের জন্য কৈশোর-বান্ধব কর্ণার নিশ্চিত করবেন;



- ইউনিয়নের পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য সরবরাহকৃত ডিডিএস কিটস, ঔষধপত্র, বিভিন্ন সরঞ্জাম ও উপকরণের সরবরাহ নিয়মিতকরণ ও সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করবেন;
- নিয়মিত পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা এবং সমস্যা সমাধানে উদ্যোগ নিবেন
- সিটিজেন চার্টার প্রণয়ন করে সেবাসমূহ ও সময়সূচী দৃশ্যমান করা।

অন্যান্য ভূমিকা

- কমিটি ইউনিয়নের গর্ভবতী মা ও পাঁচ বছর বা তার নিচের বয়সের শিশুরা যাতে পরিচর্যা পায় তার জন্য প্রতি কেন্দ্রে পরিবার পরিকল্পনা, মা ও শিশুস্বাস্থ্য, পুষ্টি ও কিশোর কিশোরী স্বাস্থ্য সেবার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নে ব্যবস্থা গ্রহণ করবেন;
- প্রতিনিয়ত পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শনের ব্যবস্থা করা এবং সমস্যা সমাধানে উদ্যোগ নেয়া। কেন্দ্রের সুষ্ঠু পরিচালনার ক্ষেত্রে স্থানীয়ভাবে সমাধান করা যায় না এমন সব সমস্যা উপজেলা পরিষদ এবং পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার নজরে নিয়ে আসার উদ্যোগ নিবেন ও বাস্তবায়ন করবেন;
- কল্যাণ কেন্দ্রকে ইউনিয়নে নারীদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয় শিক্ষা এবং স্বাস্থ্য শিক্ষা কেন্দ্ররূপে প্রতিষ্ঠা ও বাস্তবায়নে সহায়তা করবেন ;
- নারী ও কিশোরীদের স্বাস্থ্য অধিকার আদায় এবং তাদের ক্ষমতায়ন, স্বাস্থ্যের ব্যাপারে নিজস্ব পছন্দ এবং সিদ্ধান্ত গ্রহণে সক্রিয় ভূমিকা পালনে সহযোগিতা প্রদান করবেন ;
- পুরুষেরা যেন নারীদের সাথে যৌথভাবে মা ও যৌন প্রজনন স্বাস্থ্যসেবা গ্রহণের ক্ষেত্রে অভিভাবকত্বের দায়িত্ব পালন করতে পারে সেজন্য সুযোগ-সুবিধা তৈরি করতে হবে। অর্থাৎ সেবাদানকারী যেন দম্পতিদের যৌথ কাউন্সেলিং সেবার উপর গুরুত্বারোপ করে সে বিষয়ে ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সহযোগিতা নিশ্চিত করবেন;



- স্বাস্থ্য সেবার সুযোগ- সুবিধাগুলো এবং পরিবেশ এমনভাবে সমৃদ্ধ করতে হবে যেন পুরুষেরাও সেখানে স্বাচ্ছন্দে যেতে পারে। মা ও যৌন প্রজনন স্বাস্থ্য সেবা গ্রহণে বাঁধাগ্রস্ত না হয় সেদিকে লক্ষ্য রেখে পর্যবেক্ষণ ও বাস্তবায়নে সহায়তা করবেন;
- গর্ভবতী মা ও শিশুদের টিকাদান ও পুষ্টি সেবা কর্মসূচি পর্যবেক্ষণ ও বাস্তবায়নে সহায়তা করবেন।
- ইউনিয়নে সিএসবিএদের কাজের অগ্রগতি পর্যালোচনা এবং সহায়তা প্রদান করবেন;
- কেন্দ্রের কর্মরত এফডব্লিউডি এবং এসএসিএমও প্রত্যেকে যাতে সপ্তাহে দুইদিন স্যাটেলাইট ক্লিনিক করেন সে বিষয়ে সহায়তা প্রদান করবেন।
- এই কমিটিতে যিনি সভাপতি (ইউপি চেয়ারম্যান) থাকবেন তিনি কমিটিতে কোন শূণ্য পদ থাকলে সেটি পূরণ করবেন।

সরবরাহের ক্ষেত্রে কমিটির ভূমিকা

- পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য সরবরাহকৃত মাতৃ ও শিশু স্বাস্থ্যে ব্যবহৃত ওষুধ, সরঞ্জাম ও উপকরণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করবেন।
- বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ সামগ্রীর বিতরণ এবং ব্যবহার সুষ্ঠুভাবে হচ্ছে কিনা পর্যালোচনা করে সময় মতো যেন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সে ব্যবস্থা করবেন।

সেবা কেন্দ্রে সেবাদানকারীর সংখ্যা, উপস্থিতি, দক্ষতা ও মানসম্মত সেবাদানে কমিটির ভূমিকা

- সিটিজেন চার্টার অনুযায়ী সেবা কেন্দ্রে সকল সেবা দান নিশ্চিত করবেন;
- সেবা কেন্দ্রে প্রয়োজন অনুযায়ী নির্দিষ্ট সংখ্যক সেবাদানকারীর উপস্থিতি নিশ্চিত করবেন;
- কেন্দ্রের যথাস্থানে উদ্ভুদ্ধকরণের জন্য আইসি উপকরণ প্রদর্শিত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যবেক্ষণ করবেন;
- সেবা কেন্দ্রে সেবা দানকারীরা যেন সেবাপ্রার্থীতা ও তার পুরুষ সঙ্গীকে সম্মান ও মর্যাদার সাথে দেখে, গোপনীয়তা রক্ষা করে বলা ও শোনার ক্ষেত্রে, শারীরিক পরীক্ষার আগে যেন সেবাপ্রার্থীতার মৌখিক অনুমতি নেয়, শারীরিক পরীক্ষা কক্ষে ও নির্দিষ্ট জায়গায় পর্দার ব্যবস্থা থাকে সে ব্যবস্থা নিশ্চিত করবেন;
- কমিটি ২ মাসে অন্তত একবার সভায় মিলিত হবেন, কমিটির সভাপতি কোন সভায় উপস্থিত থাকতে না পারলে সহ সভাপতি মিটিং পরিচালনা করবেন;
- সভার কার্যবিবরণী উপজেলা, জেলা ও জাতীয় পর্যায়ে উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে প্রেরণ করবেন;

- সভার কার্যবিবরণী কমিটির সদস্য সচিব কর্তৃক একটি রেজিস্টার লিপিবদ্ধ করে প্রত্যেক সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্ত উপস্থিত সদস্যদেরকে পড়ে শোনানো হবে এবং তাদের সম্মতিক্রমে তা চূড়ান্ত করবেন।
- প্রতিটি কমিটি কার্যবিবরণী লিপিবদ্ধ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা একটি রেজিস্টার সরবরাহ করবেন;
- স্থানীয়ভাবে সমস্যা নিরসন সম্ভব না হলে উপজেলা ও জেলা পর্যায়ের কর্মকর্তা এর সমাধানের ব্যবস্থা করবেন।

তহবিল সংগ্রহ ও সমাবেশীকরণ

- কেন্দ্রের সুষ্ঠু ব্যবস্থাপনা ও দরিদ্র রোগীদের চিকিৎসা নিশ্চিত করার জন্য রোগী কল্যাণ তহবিল গঠন ও নীতিমালা প্রণয়ন করবেন।
- টেকসই উন্নয়নের লক্ষ্যে ও কেন্দ্রের সুষ্ঠু পরিচালনার ক্ষেত্রে স্থানীয়ভাবে তহবিল সংগ্রহ করা ও বিশেষ ক্ষেত্রে স্থানীয় সরকার এর প্রতিনিধিদের সাথে সমন্বয় করা ও তা সমাধানের উদ্যোগ নেয়া ও বাস্তবায়ন করবেন।

প্রচারণা/প্রচারাভিযান

- ইউনিয়নের সক্ষম দম্পতি যারা পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ করেছেন তাদের নিয়মিত সেবা দান এবং যারা এখনও কোন পদ্ধতি গ্রহণ করেন নাই তাদের পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহণ করবেন।
- যে সকল কেন্দ্রে ২৪ ঘন্টা/৭দিন প্রসবের ব্যবস্থা আছে সেখানে প্রসবের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ এবং কেন্দ্রের রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- পরিবার কল্যাণ কেন্দ্রকে ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক শিক্ষা এবং স্বাস্থ্য শিক্ষা কেন্দ্ররূপে প্রতিষ্ঠিত করবেন।
- বিভিন্ন আন্তর্জাতিক ও জাতীয় দিবস যেমন, স্বাধীনতা দিবস, বিশ্ব জনসংখ্যা দিবস, বিশ্ব স্বাস্থ্য দিবস, আন্তর্জাতিক নারী ও শিশু দিবস, নিরাপদ মাতৃত্ব দিবস, মাতৃদুগ্ধ সপ্তাহ, মাদকাসক্তি প্রতিরোধ দিবস উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠান এবং শোভাযাত্রার ব্যবস্থা গ্রহণ করবেন।

অধিবেশন - ০৬

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি হতে প্রদত্ত সেবাসমূহের গুণগতমান মান নিশ্চিত করা

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. স্বাস্থ্য সেবার গুণগত মান নিশ্চিতকরণে বিশ্বস্বাস্থ্য সংস্থা কর্তৃক প্রদত্ত কয়েকটি নির্দেশনা সেবার মান নিশ্চিতকরণে কমিটি ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন পারবেন; এবং
২. সেবার মান যাচাইয়ের জন্য কিছু সূচক সম্বলিত চেকলিস্ট সম্পর্কে বলতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- তথ্যপত্র পাঠ ও আলোচনা
- প্রশ্নোত্তর ও আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- তথ্যপত্র- চেকলিস্ট

সময়: ৬০ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি :

পর্ব -০১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও এই সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন।
- সেবাসমূহের গুণগতমান মান নিশ্চিত করার প্রেক্ষাপট তুলে ধরে বলুন, মা ও শিশু স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনার কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জনে গুণগত মানসম্পন্ন সেবার কোন বিকল্প নাই। কোন কাজ যদি সঠিকভাবে না হয় এর জন্য অতিরিক্ত সময় ও অর্থ ব্যয় হয়। যখন জনগণ কোন সেবাকেন্দ্র সম্পর্কে অভিযোগ শোনে, তখন তারা সেখানে সেবাগ্রহণের বিষয়ে অনাগ্রহী হয়। এতে করে জনগণের স্বাস্থ্য সেবা বিঘ্নিত হয়, সেই সাথে সেবাকেন্দ্রের সুনাম হ্রাস পায় এবং সমাজের ক্ষতি হয়। উল্লেখিত কারণে সেবাকেন্দ্রের জন্য ক্রমাগত মান উন্নয়ন অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- বলুন, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবার গুণগত মান নিশ্চিতকরণে বিশ্বস্বাস্থ্য সংস্থা কয়েকটি নির্দেশনা বা বৈশিষ্ট্য উল্লেখ করেছে যা স্বাস্থ্যসেবা প্রদানের সর্বক্ষেত্রেই প্রযোজ্য, বিষয়গুলো হলো (পোস্টার প্রদর্শন):



- প্রতিটি বিষয় সম্পর্কে সহায়ক তথ্য-১ এ বিস্তারিত দেয়া আছে। উপরোক্ত পোস্টারের প্রতিটি সূচকের উপর আলোচনা জন্য তথ্যপত্র (সহায়ক তথ্য-১) দিন আলোচনা করুন।

পর্ব -২

- বলুন, ব্যবস্থাপনা কমিটি মান সম্মত সেবাদান করছে কীনা তা দেখার জন্য একটি চেকলিস্ট ব্যবহার করতে পারেন।
- এবার অংশগ্রহণকারীদের ৩টি দলে ভাগ করে দিন ও চেকলিস্ট এর একটি কপি (সহায়ক তথ্য-২) দিন ও পড়তে বলুন ও পরবর্তীতে প্রতিটি দল থেকে এসে তাদের চেকলিস্টে কি কি আছে তা অন্যদের জানাতে বলুন।।

পর্ব -০৩

- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব- ১	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র হতে প্রদত্ত সেবাসমূহের গুণগতমান মান নিশ্চিত করা	২৫ মিনিট
পর্ব- ২	সেবার মান যাইয়ের জন্য চেকলিস্ট	৩০ মিনিট
পর্ব- ৩	সেশন মূল্যায়ণ	৫ মিনিট

*স্বাস্থ্য সেবার গুণগত মান উন্নয়নের নির্দেশনা:

১. কার্যকরী সেবা:

সেবাদানের মাধ্যমে রোগীর জীবন ও মা ও শিশু স্বাস্থ্যের অবস্থার ইতিবাচক উন্নয়ন। এক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব হলো উক্ত এলাকার মা ও শিশু স্বাস্থ্য উন্নয়নে কেন্দ্র থেকে মাতৃস্বাস্থ্য সেবা, শিশু স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা সেবা, পুষ্টি সেবা, নিয়ম অনুযায়ী দেয়া হচ্ছে কিনা তা নিয়মিত ভাবে পর্যবেক্ষণ করা।

২. দক্ষ সেবা

সম্ভাব্য কম খরচে দক্ষতার সাথে গুণগত মানসম্মত সেবা প্রদান। এক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব হলো কেন্দ্রের দক্ষ সেবাদানকারীর উপস্থিতি, এবং ওষধ ও অন্যান্য চিকিৎসা সামগ্রীর সরবরাহ পর্যবেক্ষণ করা এবং মাতৃস্বাস্থ্য ও শিশু স্বাস্থ্য সেবার ক্ষেত্রে এসবের ব্যবহার নিশ্চিত করা।

সেবাকেন্দ্রে সেবা দানকারীরা যেন সেবা গ্রহীতা ও তার পুরুষ সঙ্গীকে সম্মান ও মর্যাদার সাথে দেখে, গোপনীয়তা রক্ষা করে (বলা ও শোনার ক্ষেত্রে), শারীরিক পরীক্ষার আগে যেন সেবাগ্রহীতার মৌখিক অনুমতি নেয়, শারীরিক পরীক্ষা কক্ষে ও নির্দিষ্ট জায়গায় পর্দার ব্যবস্থা থাকে সে ব্যবস্থা নিশ্চিত করা।

৩. সহজ প্রাপ্য সেবা

সেবা যেন সহজেই পাওয়া যায়। বাংলাদেশ সরকার স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা জনগনের দোরগোড়ায় পৌঁছে দিতে সারা দেশে প্রায় সকল ইউনিয়নে একটি করে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালনা করছে। উদ্দীষ্ট জনগোষ্ঠী যাতে সেবাকেন্দ্রসমূহ হতে সহজে তাদের প্রয়োজনীয় সেবাসমূহ পায় সে বিষয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটি সচেতন থাকবে।

৪. গ্রহণযোগ্য সেবা

গ্রহীতার পছন্দ, চাহিদা ও মূল্যবোধের প্রতি সম্মান প্রদর্শনপূর্বক দায়িত্বপূর্ণ সেবা প্রদান এবং প্রাপ্ত সেবায় গ্রহীতা সন্তুষ্ট। সেবা প্রদানের ক্ষেত্রে গ্রহীতার পছন্দ এবং চাহিদার যদি মূল্যায়ন করা না হয় এবং গ্রহীতা যে সমাজে বাস করে এবং যে রীতি-নীতি পালন করে তা যদি মূল্যায়িত না হয় তবে সেবাগ্রহণকারী সম্পূর্ণভাবে সন্তুষ্ট হবেন না, ফলশ্রুতিতে হয়তোবা চিকিৎসা সম্পন্ন করবে না বা পরবর্তীতে আর চিকিৎসার জন্য আর আসবেন না। এক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটির দায়িত্ব হবে কেন্দ্রে সেবাদানকারী এবং অন্যান্যদের সহায়তায় এমন একটি পরিবেশ তৈরি করা যেখান থেকে সেবা পাওয়ার পর সেবাগ্রহীতা সন্তুষ্ট থাকবেন।

৫. সেবা গ্রহণে সমান অধিকার

ধর্ম, বর্ণ, জাতি, বয়স, লিঙ্গ, বৈবাহিক অবস্থা, আর্থ-সামাজিক অবস্থা যা-ই হোক না কেন, প্রয়োজন অনুযায়ী সকল মা ও শিশু, কিশোর-কিশোরীর জন্য গুণগত সেবা প্রদান করা। পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য সেবা ব্যবহারের ক্ষেত্রে নারী ও কিশোরীদের নানা রকম অন্তরায় আছে, যেমন- তারা একা একা সেবাকেন্দ্রে আসতে পারেনা, তাদের কাছে যথেষ্ট পরিমাণ টাকা থাকে না বা তারা নিজেরা সেবা গ্রহণের ব্যাপারে সিদ্ধান্ত নিতে পারে না। ব্যবস্থাপনা কমিটি এইসব সমস্যা সমাধানে অগ্রণী ভূমিকা পালন করতে পারে যাতে নারী ও কিশোরীরা সমভাবে সেবা কেন্দ্রে যেতে পারেন এবং প্রয়োজনীয় সেবা গ্রহণ করতে পারেন। ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ বিশেষ করে নারী সদস্যদের মতামত যেন গুরুত্ব সহকারে যেন শোনে এবং বাস্তবায়ন এ উদ্যোগ নেন। এছাড়া ব্যবস্থাপনা কমিটির সদস্যগণ নারী ও শিশু স্বাস্থ্য সেবা ব্যবহারের ক্ষেত্রে পুরুষের ভূমিকা কীভাবে মা, নবজাতক ও শিশু স্বাস্থ্য ইতিবাচক ভূমিকা রাখতে পারে সে বিষয়ে জনগনকে সচেতন করতে পারেন। যাদের আর্থিক অবস্থা দুর্বল বা রেফারেলকৃত মা ও শিশু যদি টাকা-পয়সার কারণে উচ্চতর কেন্দ্রে যেতে না পারে এক্ষেত্রে তাদের সেবা প্রাপ্তিতে সহায়তা করতে পারেন।

৬. নিরাপদ সেবা

সেবা প্রদান করতে গিয়ে গ্রহীতার যেন কোন ক্ষতি না হয় সেটি অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্রহীতাদের নিরাপদ সেবা দেয়ার ক্ষেত্রে ব্যবস্থাপনা কমিটি সেবা প্রদানকারীদের উৎসাহিত করবেন এবং প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন, যেমন- কেন্দ্রের সংক্রমণ প্রতিরোধ ও বর্জ্য ব্যবস্থাপনার দিকে অবশ্যই নজর দিতে হবে। কারণ সঠিকভাবে বর্জ্য ব্যবস্থাপনা না হলে সেবাদানকারী ও সেবাগ্রহীতা উভয়েরই ক্ষতি হওয়ার সম্ভাবনা থাকে পাশাপাশি তা পরিবেশকেও দূষিত করে।



মানোন্নত সেবা প্রদান করার জন্য কমিটির সদস্যবৃন্দ পরামর্শ বাস্তবের মাধ্যমে সংগৃহীত জনগণের মতামত যাচাই করছেন

দল-১

সংক্রমণ প্রতিরোধ:

- সেবাকেন্দ্রের ভিতর ও সংলগ্ন বহিরাংশ পরিষ্কার ও পরিচ্ছন্ন রাখা
- সেবাপ্রদানকারীর হাত ধোয়ার জন্য পানির ব্যবস্থা করা
- হাত ধোয়ার সময় সাবান ব্যবহার করা
- ডিটারজেন্ট ব্যবহার করে নিয়মিত যন্ত্রপাতি পরিষ্কার করা এবং অটোক্লেভ/জীবানুমুক্ত করা
- পরিচ্ছন্নতা কর্মীগণ পরিষ্কার পরিচ্ছন্ন করার সময় ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (utility, গ্লাভস, প্লাস্টিক এপ্রোণ, এনক্রোসড জুতা) পরিধান করা



বর্জ্য ব্যবস্থাপনা:

- বর্জ্য অপসারণের পূর্বে ডিটারজেন্ট ব্যবহার করা (প্রয়োজনীয় ক্ষেত্রে)
- বর্জ্য পৃথকীকরণের জন্য নির্দিষ্ট রং ঢাকনামুক্ত এর বালতি/ড্রাম ব্যবহার করা
- ধারালো যন্ত্রপাতি যেমন-সূই, সিরিঞ্জ জমানোর জন্য সেফটি বক্স ব্যবহার করা
- সেবাকেন্দ্রের ভিতরে বর্জ্য ফেলার জন্য একটি/দুইটি গর্ত বা পিট থাকে তা ব্যবহার করা
- নির্দিষ্ট পিট বা গর্তে প্লাসেন্টা/গর্ভফুল ফেলা
- বর্জ্য ফেলার পিট আবরণ/ঢাকনা (সিমেন্টের ঢাকনা/আয়রণ শীট/অন্য কোন আবরণ) দ্বারা বন্ধ করা
- সাধারণ বর্জ্য সেবাকেন্দ্রের বাহিরে পোড়ানো

সেবাকেন্দ্র ব্যবস্থাপনা

ক. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র:

- সেবাকেন্দ্রে সিটিজেন চার্টার আছে ও নিয়মিত সাদা বোর্ড হালনাগাদ করা



- সেবা কেন্দ্রে কাউন্সেলিং এর জন্য প্রয়োজনীয় জব এইড/বিসিসি উপকরণ (জেন্ডার সংবেদনশীল ও কৈশোর বান্ধব সেবা, মা ও শিশু স্বাস্থ্যের উন্নয়নে পুরুষের ভূমিকা, প্রসব পরিকল্পনা ও নারী যেন নিজেই সিদ্ধান্ত নিতে পারে সে বিষয় সম্পর্কে, নবজাতক এর ব্যবস্থাপনা, শিশুর টিকা ও এর উপকারিতা ইত্যাদি) রয়েছে
- সেবাগ্রহীতার অপেক্ষাকালীন সময়ে বসার জন্য ব্যবস্থা আছে ও স্বাস্থ্য শিক্ষা দেয়া
- সেবা কেন্দ্রে স্বাস্থ্য বার্তা সম্বলিত পোস্টার, লিফলেট দৃশ্যমান স্থানে প্রদর্শিত করা
- সেবা কেন্দ্রে বিদ্যুতের/বিকল্প ব্যবস্থা করা
- সেবা কেন্দ্রে পানির ব্যবস্থা ও বাথরুম ব্যবস্থা করা
- মা ও নবজাতকের সেবা রেজিস্টার হালনাগাদ করা
- নিয়মিতভাবে ইপিআই অনুষ্ঠিত করা
- ৩ মাসে সুপারভাইজারী ভিজিট করা
- UH&FWC ব্যবস্থাপনা কমিটির নিয়মিত সম্পাদিত করা
- ইউনিয়ন ফলোআপ মিটিং করা
- রেফারেলের ব্যবস্থা করা
- নিয়মিতভাবে সেবার মাসিক প্রতিবেদন তৈরি করে প্রেরণ করা
- সংশ্লিষ্ট ইউনিয়নে গর্ভবতী মায়েদের ও বুকিপূর্ণ মায়েদের হালনাগাদ তালিকা (মোবাইল নম্বরসহ) তৈরি করা

খ. স্যাটেলাইট ক্লিনিক

- স্যাটেলাইট কেন্দ্রের ব্যানার থাকা
- স্বাস্থ্যসেবা কেন্দ্রে স্যাটেলাইট রেজিস্টারটি হালনাগাদ করা
- ইপিআই ও স্যাটেলাইট ক্লিনিকটি একত্রে অনুষ্ঠিত হয় সে ব্যবস্থা করা
- স্যাটেলাইট ক্লিনিক এ পরিবার কল্যাণ সহকারি উপস্থিত থাকা
- স্যাটেলাইট ক্লিনিক এ পরিবার পরিকল্পনা পরিদর্শক উপস্থিত থাকা

পরিবার পরিকল্পনা সেবা	মাতৃ স্বাস্থ্য সেবা	প্রসবকালীন সেবা
<ul style="list-style-type: none"> • সেবা গ্রহণকারীকে পরিবার পরিকল্পনা পদ্ধতির উপর কাউন্সেলিং করা • পরিবার পরিকল্পনা পদ্ধতির সেবা দানের সময় গোপনীয়তা নিশ্চিত করা • কাউন্সেলিং এর সময় প্রয়োজন অনুযায়ী জব এইড (ফ্লিপ চার্ট/ ছবি/ব্যানার/কনডম/খাবার বড়ি/ IUCD/DEPO ইনজেকশন ইত্যাদি) ব্যবহার করা • পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে আলোচনা করা • নতুন গ্রহীতাকে (নারী/পুরুষ) পছন্দমত পদ্ধতি গ্রহণে সাহায্য করা • গ্রহীতার (নারী/পুরুষ) পছন্দ অনুযায়ী উপযুক্ত পদ্ধতির জন্য Screening করা • কখন পুনরায় সেবা নিতে আসতে হবে সে সম্পর্কে আলোচনা করা • পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার পরবর্তী পার্শ্ব প্রতিক্রিয়া/জটিলতার চিকিৎসা দেয়া (প্রয়োজ্য ক্ষেত্রে) • সেবাপ্রদানের সকল তথ্য সাথে সাথে রেজিস্টারে লিপিবদ্ধ করা 	<ul style="list-style-type: none"> • গর্ভবতী মায়ের ইতিহাস গ্রহণ করা • সেবাদানকালীন সময়ে প্রাইভেসি (মাকে কাপড় দিয়ে ঢেকে রেখেছে/ মায়ের শারীরিক পরীক্ষার জায়গা পর্দা দিয়ে ঘিরে রাখা আছে) করা • রক্তচাপ মাপা • ওজন মাপা • উচ্চতা মাপা • পেট পরীক্ষা (জরায়ুর উচ্চতা, বাচ্চার নড়াচড়া ইত্যাদি) করা • গর্ভবতী মায়ের প্রস্রাবের এলবুমিন পরীক্ষা করা • গর্ভবতী মায়ের রক্তের হিমোগ্লোবিন ও সুগার পরিমাপ মাপা • গর্ভবতী মাকে কাউন্সেলিং করা • আয়রন ট্যাবলেট (ফেরাস ফোলোট ও ক্যালসিয়াম) প্রদান করা • গর্ভের ৩২ সপ্তাহে মিসোপ্রোস্টোল ও ৭.১% ক্লোরহেক্সিডিন দেওয়া হয় • গর্ভবতী মায়ের সেবার তথ্যাদি সেবা দানের পরপরই রেজিস্টারে লিপিবদ্ধ করা • প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা পদ্ধতি বিষয়ে স্বামী/স্ত্রী উভয়কে কাউন্সেলিং করা • স্বামী/স্ত্রী উভয়কে বিপদচিহ্ন সম্পর্কে ধারণা দেওয়া <p>* যে সকল মা বাড়িতে ডেলিভারী করতে আশ্রয়ী তাদের ক্ষেত্রে - নিয়মিত গর্ভকালীন সেবা নেয়া, বিপদচিহ্ন সম্পর্কে অবহিত করা এবং দক্ষ ধাত্রীর মাধ্যমে প্রসব করানোর বিষয়ে গুরুত্ব দেয়া।</p>	<ul style="list-style-type: none"> • সেবাদানকালীন সময়ে গোপনীয়তা রক্ষা (মাকে কাপড় দিয়ে ঢেকে রেখেছে/ পরীক্ষার জায়গা পর্দা দিয়ে ঘিরে রাখা আছে) করা • সেবাদানকারীর রেফারেলের সঠিক ধারণা • পার্টোগ্রাফ ব্যবহার করা • নবজাতকের অত্যাাবশ্যিকীয় পরিচর্যা ব্যবস্থা নেয়া • জীবানুমুক্তভাবে নাভি বেঁধে এবং কাটার ব্যবস্থা নেয়া • নাভি কাটার পর ৭.১% ক্লোরহেক্সিডিন প্রদান করা • প্রসবের তৃতীয় ধাপে সক্রিয় ব্যবস্থাপনা <ul style="list-style-type: none"> - মাংশপেশীতে অক্সিটোসিন ইঞ্জেকশন (১০ ইউনিট) প্রদান করা - গর্ভফুল বের হবার পর কোন ছেড়া আছে কি না দেখার জন্য গর্ভপর্দা পরীক্ষা করা - নবজাতককে মায়ের বুকের দুধ খাওয়ানার জন্য সহায়তা প্রদান করা • স্বামী/স্ত্রী উভয়কে বিপদ চিহ্ন সম্পর্কে ধারণা প্রদান ও রেফার করা • ডেলিভারীর সকল তথ্যাদি রেজিস্টারে লিপিবদ্ধ করা

প্রসব পরবর্তী সেবা	শিশু স্বাস্থ্য সেবা	পুষ্টি সেবা
<ul style="list-style-type: none"> • নবজাতকের শারীরিক পরীক্ষা করা করা • নবজাতকের নাতীতে ক্লোরহেব্রিডিন (৭.১%) লাগানো হয়েছে কি না জিঞ্জেস করা • মায়ের শারীরিক পরীক্ষা (রক্তচাপ, তাপমাত্রা, ইডিমা, জরায়ুর উচ্চতা, স্তন, পেরিনিয়াম, শ্রাব ইত্যাদি) করা • আয়রন ট্যাবলেট (ক্যালসিয়াম ও ফেরাস ফোলেট) সরবরাহ করা • প্রসূতি মাকে ভিটামিন 'এ' ক্যাপসুল প্রদান নিশ্চিত করা • প্রসব পরবর্তী স্বামী/স্ত্রী উভয়কে কাউন্সেলিং করা • প্রসব পরবর্তী পরিবার পরিকল্পনা প্রদান করা • প্রয়োজনে উচ্চতর কেন্দ্রে রেফার করা 	<ul style="list-style-type: none"> • প্রসবের পর পর শিশুকে মোছানো • নাড়ি কাটার পর ৭.১% ক্লোরহেব্রিডিন ব্যবহার করা • শিশু জন্মের ১ ঘন্টার মধ্যে বুকের দুধ খাওয়ানো নিশ্চিত করা • জন্মকালীন স্বাস্থ্যকণ্ট্রোল আক্রান্ত শিশুকে ব্যাগ ও মাস্ক ব্যবহার করে রিসাসসিটেট করা • নবজাতকের অত্যাবশ্যকীয় সেবা বিষয়ে পরামর্শ দেওয়া • অসুস্থ শিশুর সেবা দান রেজিস্টার আছে কিনা তা নিশ্চিত করা • সেবাকেন্দ্রে SACMO/FWV উপস্থিতি নিশ্চিত করা • ব্যবহারযোগ্য ওজন মেশিন (শিশু)/ থার্মোমিটার/ঘড়ি বা এআরআই টাইমার (ARI Time) উপকরণ সংগ্রহে রাখা • অসুস্থ শিশুর সংক্রমণ চিকিৎসা ব্যবস্থাপনার মাসিক অগ্রগতির প্রতিবেদন তৈরী করা • মাসিক মজুদ ও বিতরণের হিসাব রক্ষনাবেক্ষন করা সংরক্ষণ করা/ • অসুস্থ শিশুর সার্ভেল্যান্স ফর্ম/ সার্ভেল্যান্স রিপোর্ট ফর্ম আছে কিনা নিশ্চিত করা • সংক্রমণের লক্ষণ, শ্রেণিবিভাগ, ব্যবস্থাপনা ও ফলোআপ নির্দেশিকা আছে/সংক্রমণ ব্যবস্থাপনায় এ্যান্টিবায়োটিক ডোজ এর গাইডলাইন আছে/সেফটি বক্স আছে কিনা নিশ্চিত করা 	<ul style="list-style-type: none"> • সেবা কেন্দ্রে আগত সকল শিশুর মুয়াক পরিমাপ করা • সেবা কেন্দ্রে আগত সকল শিশুর ওজন পরিমাপ করা • সেবা কেন্দ্রে আগত সকল শিশুর উচ্চতা মাপা • শিশুর ওজন GMP কার্ডে লিপিবদ্ধ (Plotting) করা • তীব্র অপুষ্টির শিশুর চিকিৎসার জন্য SAM ইউনিটে প্রেরণ করা • কেন্দ্রে শিশু পরিচর্যা রেজিস্টার আছে কিনা নিশ্চিত করা • সেবা প্রদানের পরপরই সকল তথ্য রেজিস্টারে লিপিবদ্ধ করা

অধিবেশন - ০৭

রেফারেল ব্যবস্থাপনা

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. রেফার কি ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে রোগী রেফার করার কারণ ব্যাখ্যা করতে পারবেন;
২. কোথায় রেফার করবেন তা জানতে ও চিহ্নিত করতে পারবেন;
৩. রেফারেলের ক্ষেত্রে বাধা ও তা থেকে উত্তরনের উপায় ব্যাখ্যা করতে পারবেন।
৪. রেফারেল পরবর্তী ফলোআপ সম্পর্কে বলতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- ছবি বিশ্লেষণ আলোচনা
- প্রশ্নোত্তর, দলীয় কাজ ও আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- ছবি
- তথ্যপত্র
- পাওয়ার পয়েন্ট উপস্থাপনা

সময়: ৪৫ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব -০১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও এই সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন।
- অংশগ্রহণকারীদের প্রশ্ন করুন রেফারেল বলতে আমরা কী বুঝি? সবার উত্তর নিয়ে বলুন, রেফারেল হচ্ছে কোন রোগীর যথাযথ ব্যবস্থাপনার লক্ষ্যে অপরিপূর্ণ সুবিধা সম্পন্ন কেন্দ্র থেকে পরিপূর্ণ সুবিধা সম্পন্ন বা উচ্চ পর্যায়ের স্বাস্থ্যকেন্দ্রে রোগীকে প্রেরণ করার একটি সমন্বিত ব্যবস্থা।
- গর্ভাবস্থায়, প্রসবকালীন বা প্রসব পরবর্তী সময়ে বিভিন্ন জটিলতা বা বিপদ চিহ্নের কারণে মা ও নবজাতকের রেফার করার প্রয়োজন হয়। উপযুক্ত চিকিৎসার জন্য রোগীকে যথাযথ পরামর্শসহ তাড়াতাড়ি উচ্চতর সেবাকেন্দ্রে রেফার করতে হবে। এতে করে মা ও নবজাতকের অসুস্থতা ও মৃত্যু আশঙ্কা হ্রাস পাবে।
- রোগীর জটিলতা এবং মৃত্যুবুঝির সম্ভাবনা থাকলে উন্নত চিকিৎসা পাওয়ার মাধ্যমে সুস্থতা নিশ্চিত করার জন্য রোগীকে রেফার করার সিদ্ধান্ত নেয়া প্রয়োজন হয়। কখনও কখনও উপযুক্ত চিকিৎসা পাওয়ার পর রোগীকে উচ্চ পর্যায়ের কেন্দ্র হতে নিম্নলিখিত কারণে রেফার করা যেতে পারে :
 - ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে প্রয়োজনীয় সেবা দানের জন্য দক্ষ জনবল না থাকলে
 - ভৌত অবকাঠামো অপরিপূর্ণ হলে

- প্রয়োজনীয় উপকরণ যথা যন্ত্রপাতি ও আনুসঙ্গিক সেবাদানের উপকরণের অভাব থাকলে ও
- সঠিকভাবে রোগ নির্ণয় করতে না পারলে অথবা কেন্দ্রে আংশিক ব্যবস্থাপনা করা হলে (কেন্দ্রে সম্পূর্ণ ব্যবস্থাপনা করা না গেলে)।

পর্ব -০২

- এবার অংশগ্রহণকারীদের প্রশ্ন করুন, আমরা কোথায় কোথায় রেফার করতে পারি? অংশগ্রহণকারীদের উত্তরের সাথে মিলিয়ে রেফারের পর্যায়গুলো ছবি দেখিয়ে আলোচনা করুন (ফ্লো-চার্ট-১)।

পর্ব -০৩

- এবার রেফারের ক্ষেত্রে কী কী বাধা আসতে পারে- অংশগ্রহণকারীদের প্রশ্ন করুন এবং সহায়ক তথ্য-১ এর মাধ্যমে আলোচনা করুন।

পর্ব -০৪


- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব- ১	রেফারেল ও রেফারেলের সময়	২০ মিনিট
পর্ব-২	কোথায় কোথায় রেফার করা যাবে	১০মিনিট
পর্ব- ৩	রেফারের ক্ষেত্রে বাধা ও রেফারেল পরবর্তী ফলোআপ	১০ মিনিট
পর্ব-৪	সেশন মূল্যায়ণ	৫ মিনিট



ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র এর রেফারেল প্রক্রিয়া (ফ্লো-চার্ট-১)



রেফারেল এর বাধাসমূহ, বাধাসমূহ এর কারণ ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির কাছে প্রত্যাশিত ভূমিকা:

রেফারেল এর বাধাসমূহ	বাধাসমূহ এর কারণ	বাধাসমূহ উত্তরণে ব্যবস্থাপনা কমিটির ভূমিকা
সিদ্ধান্ত গ্রহণে বাধা	<ul style="list-style-type: none"> ● অজানা বিষয়ের প্রতি ভীতি (যাত্রা, রেফারেল কেন্দ্র এবং খরচ) ● নেতিবাচক পূর্ব অভিজ্ঞতা (নিজের/অন্যের কাছ থেকে শুনে) ● টাকা পয়সার সমস্যা ● দায়িত্ব এড়িয়ে যাচ্ছেন বলে সন্দেহ হওয়া ● রোগী রেফার করার মত জটিল অবস্থায় নেই বলে পরিবারের সদস্যদের সন্দেহ ● সিদ্ধান্ত গ্রহণকারীর অনুপস্থিতি 	<ul style="list-style-type: none"> ● ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির পরিকল্পনায় রেফারেল বিষয়ক পরিকল্পনা থাকবে। ● ইউনিয়নের হত-দরিদ্র পরিবারের তালিকা তৈরি করতে হবে এবং তা নিয়মিত হালনাগাদ করতে হবে। ● হত-দরিদ্রদের সহায়তার জন্য একটি তহবিলের ব্যবস্থা করতে হবে এবং তার মাধ্যমে রেফারেলকৃত হত-দরিদ্রদের সহায়তা করতে হবে। ● এলাকার মানুষকে বিপদচিহ্ন ও রেফারেলের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন করা হবে। রোগী ও তার পরিবারকে বিশেষ করে তার স্বামী/বয়োজ্যেষ্ঠ সদস্যকে রেফারেলের প্রয়োজনীয়তা সম্পর্কে বুঝিয়ে বলবে। প্রসব পরিকল্পনা ও নারী যেন নিজেই সিদ্ধান্ত নিতে পারে সে বিষয়ে উদ্বুদ্ধ করা।
রেফারেল কেন্দ্রে পৌঁছাতে বাধাসমূহ	<ul style="list-style-type: none"> ● যানবাহনের অভাব ● রেফারকৃত স্বাস্থ্যকেন্দ্রের দূরত্ব ● রাস্তার দুরবস্থা ● রাত্রিকালীন সময়, ঋতু বা আবহাওয়া জনিত কারণ (ঝড়, বৃষ্টি, বন্যা বা অন্য কোন দুর্যোগ্যপূর্ণ অবস্থা) 	<ul style="list-style-type: none"> ● ইউনিয়নের অবস্থান ও যোগাযোগ ব্যবস্থা বিবেচনা করে একটি রেফারেল প্রক্রিয়া ঠিক করা হবে এবং সে বিষয়ে জনগনকে সচেতন করার ব্যবস্থা করা। ● প্রয়োজনীয় যানবাহন ব্যবস্থার সাথে যোগাযোগ ও সম্পর্ক রাখা পরিবহন ব্যবস্থা জন্য-নির্দিষ্ট ভ্যান ঠিক করা, ড্রাইভারের সাথে যোগাযোগ করা এবং রেফারকৃত রোগী যাতে দ্রুততার সাথে পরিবহন সুবিধা পায় সেই ব্যবস্থা নিশ্চিত করা। ● প্রয়োজনীয় ফোন নাম্বারের তালিকা রাখা ও তা প্রচারের ব্যবস্থা করা। ● দুর্যোগ্যপূর্ণ অবস্থায় রেফারকৃত রোগীর জন্য পূর্বেই প্রয়োজনীয় ব্যবস্থা করা
রেফারেল কেন্দ্রে সেবা পেতে বাধা	<ul style="list-style-type: none"> ● রোগী ভর্তি না করা বা সময়মত চিকিৎসা না পাওয়া রেফারেলের একটি বড় বাধা ● কেন্দ্রে সার্বক্ষণিকভাবে সেবাদানকারী না থাকা। 	<ul style="list-style-type: none"> ● সেবাকেন্দ্রের সেবাদানকারী ও ম্যানেজারদের সাথে নেটওয়ার্ক বজায় রাখা ● প্রয়োজনীয় ওষুধ, লজিস্টিকস্ ও রিসোর্স এর ব্যবস্থা করা ● রেফারেল কেন্দ্রে যেন ২৪/৭ নিরাপদ প্রসব সেবা যেন চালু থাকে সে লক্ষ্যে উচ্চতর সেবাকেন্দ্রের সেবাদানকারীর সাথে নেটওয়ার্ক বজায় রাখা

এটা নিশ্চিত করতে হবে যে-

একজন গর্ভবতী ও প্রসূতি নারী বা কিশোরী ও শিশুর প্রয়োজনে জরুরী সেবা নিশ্চিত করার জন্য পরিবার ও সমাজের যথাযথ প্রস্তুতি আছে, যেমন-তারা বিপদ লক্ষণগুলিকে চিহ্নিত করতে পারে, পরিবার পর্যায়ে জমানো টাকা/সামাজিকভাবে দরিদ্রদের জন্য বরাদ্দকৃত তহবিল আছে, প্রয়োজন অনুযায়ী সেবা কেন্দ্রের তথ্য, সেবা কেন্দ্রে যাবার জন্য উপযুক্ত সঙ্গী ও প্রয়োজনীয় যানবাহনের ব্যবস্থা আছে। এছাড়াও রেফারকৃত রোগী সঠিক রেফারেল কেন্দ্র থেকে চিকিৎসা পেল কিনা তা ফলোআপ করা ব্যবস্থাপনা কমিটির অন্যতম দায়িত্ব।

অধিবেশন - ০৮

নেতৃত্ব ও ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটিতে নারী নেতৃত্বের প্রয়োজনীয়তা

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. নেতৃত্ব কী ও নেতার গুণাবলী, দায়িত্ব ও কর্তব্য চিহ্নিত করতে পারবেন;
২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির জন্য কোন ধরনের নেতৃত্ব কার্যকরী তা ব্যাখ্যা করতে পারবেন; এবং
৩. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটিতে নারী নেতৃত্বের প্রয়োজনীয়তা চিহ্নিত করতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- তথ্যপত্র পাঠ ও আলোচনা
- প্রশ্নোত্তর ও আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- নোট প্যাড, কলম, মার্কার

সময়: ১ ঘণ্টা ১৫ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব -১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন। বলুন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি মূলত সকল কার্যক্রমের নেতৃত্ব দিবেন। নেতৃত্ব হল- এমন এক সামাজিক প্রক্রিয়া যার মাধ্যমে মানুষ কোন একটি সামগ্রিক কাজ করার জন্য অন্যান্য মানুষের সহায়তা ও সমর্থন পেতে পারে।
- আর যে কোন পরিস্থিতিতে যে ব্যক্তি ধারাবাহিকভাবে সফল হওয়ার ক্ষমতা রাখেন এবং সদস্যদের প্রত্যাশা পূরণ করতে পারেন তিনিই কার্যকর নেতা। তবে নেতৃত্ব মানে শুধুই সভার আলোচ্য বিষয়ের প্রতি প্রতিক্রিয়া দেখানো নয়, নিজে সেই কর্মসূচি স্থির করা, সমস্যা চিহ্নিত করা, নিজেই এমন পরিবর্তনের সূচনা করা যা উন্নতির পথ তৈরি করে।
- সর্বোপরি, বিশেষ কোন উদ্দেশ্য সাধনে দলকে উৎসাহিত করে লক্ষ্য অর্জন করানোই নেতৃত্ব। এবার নেতৃত্বের কিছু উদাহরণ দিন :
 - সভাপতি (যিনি সভা পরিচালনা করেন যেমন: ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটির সভাপতি)
 - দলনেতা (যিনি কোন দলকে নেতৃত্ব দেন)
 - পরিবার প্রধান (যিনি কোন পরিবারকে নেতৃত্ব দেন)
 - ব্যবস্থাপক বা ম্যানেজার (বিভিন্ন সংস্থা ও ব্যবসায়িক প্রতিষ্ঠান)
 - ধর্মীয় গুরু
 - বিভিন্ন পর্যায়ের নেতা (কিশোর-কিশোরী, প্রতিবন্ধী, সংখ্যালঘু)

পর্ব-২

- বলুন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ব্যবস্থাপনা কমিটির নেতৃত্বের বিকাশের জন্য যা যা প্রয়োজন হতে পারে তা হলো:
 - ক্ষমতার সঠিক ব্যবহার
 - কমিউনিটির গ্রহণযোগ্যতা
 - কমিটির সদস্যদের মধ্যে প্রভাব বিস্তার
 - সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা
 - জবাবদিহিতা
 - দ্বন্দ্ব নিরসনের দক্ষতা
 - কমিউনিটি ও সেবাগ্রহীতার মধ্যে সুসম্পর্ক স্থাপন
 - কমিটির কার্যক্রম সম্পর্কে জানা ও বিশ্বাস
 - সেবাকেন্দ্রের উন্নয়ন ও মঙ্গলের জন্য ঝুঁকি নিতে পারা ইত্যাদি



অংশগ্রহণকারীদের বলুন, নেতৃত্বের ২ ধরনের হতে পারে যেমন-

১. অংশগ্রহণমূলক

২. একনায়কতান্ত্রিক

- এবার অংশগ্রহণমূলক, একনায়কতান্ত্রিক ও অংশগ্রহণমূলক নেতৃত্বের বৈশিষ্ট্য নিয়ে আলোচনা করুন (সহায়ক তথ্য-১)।
- অংশগ্রহণকারীদের প্রশ্ন করে জেনে নিন কোন ধরনের নেতৃত্ব, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ব্যবস্থাপনা কমিটির জন্য বেশি কার্যকরী? সবার উত্তর নিয়ে বলুন, অংশগ্রহণমূলক নেতৃত্বই আমাদের ব্যবস্থাপনা কমিটির জন্য বেশি প্রয়োজন।
- একজন নেতা/সভাপতি মূলতঃ পাঁচটি কাজের দিকে লক্ষ্য রাখা প্রয়োজন। এই কাজগুলো সম্পন্ন করার জন্য একজন নেতার কিছু নির্দিষ্ট গুণাবলী থাকা প্রয়োজন। (সহায়ক তথ্য-২)
- এবার নেতৃত্বের গুণাবলী আলোচনা করুন।

পর্ব-৩

- বলুন, অংশগ্রহণমূলক নেতৃত্বের ক্ষেত্রে নারী নেতৃত্বকে বিশেষ গুরুত্ব দিতে হবে।
- এবার অংশগ্রহণকারীদের ৩টি দলে ভাগ করে দিন ও নিজেদের মধ্যে আলোচনা করে যুক্তি তৈরি করতে বলুন: ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ব্যবস্থাপনা কমিটিতে নারী নেতৃত্ব কেন গুরুত্বপূর্ণ?
- দলীয়ভাবে যুক্তি তৈরি করার জন্য ১৫ মিনিট সময় দিন ও নির্দিষ্ট সময় পর ৩টি দলের দলনেতাকে সবার সামনে এসে যুক্তি দিতে বলুন।
- দলনেতারা ২ মিনিট সময় পাবেন যুক্তি দেবার জন্য। এরপর দলনেতাদের যুক্তি দেয়া হয়ে গেলে প্রশিক্ষণ কক্ষের অন্যান্য অংশগ্রহণকারীরা দলের পক্ষে আরো কোন যুক্তি সংযোজন করতে পারেন বা অন্য দলের যুক্তি খণ্ডন করতে পারেন।
- সবাই দলের পক্ষে যুক্তি দেয়ার পর, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ব্যবস্থাপনা কমিটিতে নারী নেতৃত্ব কেন প্রয়োজন এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ব্যবস্থাপনা কমিটিতে নারী নেতৃত্বের ফলাফল কেমন হতে পারে তা আলোচনা করুন (সহায়ক তথ্য-৩)
- অতঃপর অংশগ্রহণকারীদের প্রশ্ন করুন, উপরোক্ত আলোচনার প্রেক্ষিতে তারা কীভাবে ব্যবস্থাপনা কমিটিতে নারীদের কার্যকর অংশগ্রহণ নিশ্চিত করবে।

পর্ব -08

- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব- ১	নেতৃত্ব কী ও নেতৃত্বের গুণাবলী	২৫ মিনিট
পর্ব - ২	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির জন্য কোন ধরনের নেতৃত্ব কার্যকরী?	৩০ মিনিট
পর্ব - ৩	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটিতে নারী নেতৃত্বের প্রয়োজনীয়তা ও ফলাফল	৩০ মিনিট
পর্ব- ৪	সেশন মূল্যায়ণ	৫ মিনিট

সহায়ক তথ্য-১

অংশগ্রহণমূলক নেতার বৈশিষ্ট্য:

- জনগণের/দলীয় সদস্যদের চাহিদাকে গুরুত্ব দিবেন;
- সকলের মতামতের মাধ্যমে সিদ্ধান্ত গ্রহণ করবেন;
- জনগন/সদস্যদের মনিটরিং এর সুযোগ দিবেন;
- সৃজনশীলতা কাজ করবেন;
- স্থানীয় সম্পদের সমাবেশ ঘটাতে সক্ষম হবেন;
- কাজের উদ্দেশ্য ও লক্ষ্য সম্পর্কে সকলকে অবহিত করবেন;
- ফলাফল যেন টেকসই হয় সেদিকে সুনজর দিবেন;
- সকলকে অংশগ্রহণের সুযোগ দিবেন।

একনায়কতান্ত্রিক নেতার বৈশিষ্ট্য:

- একাই সিদ্ধান্ত নেন
- নিজের মতামত অন্যের উপর চাপিয়ে দেন
- অন্যের মতামতের গুরুত্ব দেয় না
- জনগণের চাহিদার প্রতিফলনের সুযোগ কম থাকে

একজন নেতা/সভাপতি মূলতঃ পাঁচটি কাজের দিকে লক্ষ্য রাখা প্রয়োজন:

- (১) পারিপার্শ্বিক দিকে নজর দেয়া
- (২) কমিটির অন্যান্যদের কাজ সুবিন্যস্ত করা
- (৩) কমিটির অন্যান্যদের প্রয়োজনে শিক্ষা ও প্রশিক্ষণ দেয়া
- (৪) কমিটির সদস্যদের উদ্বুদ্ধ করা এবং
- (৫) প্রয়োজনে কমিটির কাজে সক্রিয়ভাবে অংশগ্রহণ করা।

নেতার গুণাবলী

নেতৃত্বের গুণাবলী বিভিন্ন রকমের এবং নির্দিষ্ট তালিকা প্রদান করে এই গুণাবলী বোঝানো সম্ভব নয়। একজন নেতার বিভিন্ন পরিস্থিতিতে বিভিন্ন গুণাবলী প্রয়োজন যার কিছু বৈশিষ্ট্য তুলে ধরা হল:

- **শিক্ষা ও সামাজিক অবস্থান:** নেতাকে শিক্ষিত হতে হবে। উপযুক্ত শিক্ষার মাধ্যমে নেতার মধ্যে বিশ্লেষণ ক্ষমতা, আন্তরিকতা বোধ, অধ্যবসায়, আত্ম-সমালোচনা এই সকল গুণের সমাবেশ ঘটে। সামাজিক অবস্থানের দিক থেকেও নেতাকে উপযুক্ত মর্যাদার অধিকারী হতে হবে।
- **বুদ্ধি, বিচার ক্ষমতা ও ন্যায়পরায়ণতা:** বুদ্ধিমত্তার কোন বিকল্প নেই এবং একজন নেতার মধ্যে সদস্য নির্বাচন ও কর্মপন্থা নির্ধারণে এই গুণ থাকা অবশ্যিক।
- **ব্যক্তিত্ব:** একজন নেতাকে বলিষ্ঠ ও চমৎকার ব্যক্তিত্বের অধিকারী হতে হবে। যিনি ব্যক্তিত্বের অধিকারী তিনি অন্যকে অনুপ্রাণিত করেন এবং পরিবেশ পরিস্থিতির সাথে নিজেকে মানিয়ে নেওয়ার ক্ষমতা রাখেন।
- **নেতৃত্বের প্রবণতা ও আত্মবিশ্বাস:** যোগ্য নেতৃত্বের জন্য যেমন নানা গুণের প্রয়োজন, তেমন নিজের মধ্যে নেতা হবার প্রবণতা হবে যা একদিকে যেমন তাকে কঠোর পরিশ্রমী অন্যদিকে অধ্যবসায় ও নিয়ম সম্পর্কে সচেতন করে তুলবে।
- **দায়িত্ব গ্রহণ ও উদ্যোগ:** কোন কমিটি/দলের নেতৃত্ব গ্রহণের সাথে-সাথে দায়িত্ব গ্রহণের মানসিকতা ও সাহস থাকতে হবে। সেই সাথে কমিটির সকল কাজের পরিকল্পনা বা বাস্তবায়নে সভাপতি/নেতাকে উদ্যোগী হতে হবে।
- **আকর্ষণের ক্ষমতা:** নেতা কর্মীদের সহযোগিতা আকর্ষণে সমর্থ হবেন এবং কমিটির সদস্যদের মধ্যে পারস্পরিক সহযোগিতার সম্পর্ক ও সহযোগিতামূলক সামাজিক দৃষ্টিভঙ্গী গড়ে তুলতে হবে।
- **সাংগঠনিক দক্ষতা:** কমিটির যাবতীয় কাজ সম্পাদন, কর্মীদের মধ্যে যোগাযোগ স্থাপন, দায়িত্ব বন্টন, উদ্দেশ্য অর্জনের জন্য কার্যক্রমের বাস্তবায়ন, সুষ্ঠু নিয়ন্ত্রণ ও তদারকী ইত্যাদি নির্ভর করে সভাপতির প্রশাসনিক দক্ষতার উপর।
- **আন্তঃব্যক্তি সম্পর্ক:** অপরের মনে কি ধরনের চিন্তা কাজ করছে বা বিশেষ কোন সিদ্ধান্তের পরিপেক্ষিতে কি প্রতিক্রিয়া সৃষ্টি হতে পারে এমন আঁচ করার ক্ষমতা নেতৃত্বের জন্য খুবই প্রয়োজন।

নেতৃত্ব গড়ার ক্ষেত্রে ব্যক্তি সমস্যা উত্তরণের উপায়:

- প্রয়োজনীয় জ্ঞান অর্জন, বই পড়া, অভিজ্ঞ লোকের সাথে আলোচনা করা, বিভিন্ন সভা সমিতিতে যোগদান করা, অর্জিত জ্ঞানের চর্চা করা ও তা কাজে লাগানোর চেষ্টা করা;
- উপস্থাপনা কৌশল সম্পর্কে দক্ষতা অর্জন করা এবং আত্মবিশ্বাসী হওয়া;
- পরিকল্পনা করে কাজ করা এবং সিদ্ধান্ত গ্রহণের কৌশল রপ্ত করা;
- যেকোনো পরিস্থিতি মোকাবেলা করার সাহস থাকা এবং ধৈর্য্য ও পরিশ্রমের সাথে মোকাবেলা করা;
- সময়মত এবং গুরুত্ব অনুযায়ী কাজ করা;
- সবদিকে লক্ষ্য রাখা এবং নিজের অভিজ্ঞতাকে কাজে লাগানো;
- নিজে উদ্যোগী হওয়া এবং করণীয় বিষয়গুলো সম্পর্কে পর্যাপ্ত তথ্য সংগ্রহ করা;
- এলাকার গুরুত্বপূর্ণ ব্যক্তিদের সাথে যোগাযোগ রাখা।

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটিতে নারী নেতৃত্ব কেন প্রয়োজন?

- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কমিটিতে ১৭ জন সদস্যের মধ্যে ৭ জন নারী সদস্য অন্তর্ভুক্ত থাকলেও নেতৃত্ব প্রদানের ক্ষেত্রে তাদের খুব একটা সম্পৃক্ততা লক্ষ্য করা যায় না। তাই তাদের কার্যকর ও অংশগ্রহণমূলক উপস্থিতি নিশ্চিতের জন্য সভাপতিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে হবে।
- সিদ্ধান্ত গ্রহণে নারী-পুরুষের সমান অধিকার দিতে হবে। নারী নেতৃত্ব তৈরি/বৃদ্ধির জন্য প্রয়োজন ও চাহিদার ভিত্তিতে কমিটিতে আলোচনা করা যেতে পারে।
- প্রয়োজনে সাব-কমিটি গঠন করে নারীর অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। একে অপরের প্রতি শ্রদ্ধা, ভালোবাসা দায়িত্বশীলতাই পারবে একটি কার্যকরী কমিটি ও নেতৃত্ব গঠনে সক্রিয় ভূমিকা রাখতে। ব্যবস্থাপনা কমিটিতে নারীর সক্রিয় অংশগ্রহণের ফলে যেসব সুফল পাওয়া যাবে তা হলো:



প্রাথমিক ফলাফল:

- নারীরা স্বাস্থ্য বিষয়ক সমস্যা নিয়ে স্বাস্থ্য কেন্দ্র আসতে আগ্রহী হবে
- মা ও শিশু স্বাস্থ্য সেবায় নারীরা সিদ্ধান্ত নিতে পারবে
- নারীদের আত্মবিশ্বাস ও দক্ষতা বাড়বে
- স্বাস্থ্য সেবা সম্পর্কিত তথ্য জানবে
- বিভিন্ন কমিটিতে অংশগ্রহণ করবে যাতে তার সক্ষমতা বৃদ্ধি হবে
- সম্পদে অধিগম্যতা, ব্যবহার ও নিয়ন্ত্রণ করার সক্ষমতা তৈরী হবে
- কথা বলার ও সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা তৈরী হবে

নারীর নেতৃত্বের দীর্ঘমেয়াদি ফলাফল:

- নারী ও শিশু বাস্তুস্বাস্থ্যসেবা নিশ্চিত হবে
- মা ও শিশু স্বাস্থ্য সেবা গ্রহণের বাধা কমে যাবে
- যেকোনো কমিটিতে নিজেদের সমস্যা ও তার সমাধানের কৌশল চিহ্নিত করতে পারবেন
- নারীদের অবস্থানের পরিবর্তন ঘটবে
- নারীর প্রতি সবার আচরণের পরিবর্তন ঘটবে
- নারী ও পুরুষের ভূমিকা ও দায়িত্ব সম্পর্কে সমাজের দৃষ্টি ও নিয়ম পরিবর্তিত হবে
- নারী নিরাপদে বিভিন্ন স্থানে চলাচল করতে পারবে
- সরকার নারীর অর্থনৈতিক উন্নয়নের জন্য আইন ও পলিসির পরিবর্তন করবে
- নারী বাস্তু কাঠামো তৈরি হবে, স্বাচ্ছন্দ্যে, নিজের পছন্দমতো সেবা নিবে যা স্বাস্থ্য অধিকার নিশ্চিত করার গতি ত্বরান্বিত করবে



ইউনিয়ন পরিষদের ব্যবস্থাপনা কমিটির কর্মশালায় সেশন পরিচালনা করছেন একজন নারী সদস্য

অধিবেশন - ০৯

সেবা কেন্দ্রের উন্নয়ন ও স্থানীয় সম্পদ আহরণ

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. সেবা কেন্দ্রের তথ্য সংগ্রহ, সমস্যা চিহ্নিতকরণ ও সমাধানের জন্য কর্ম পরিকল্পনা করতে পারবেন;
২. তহবিল উৎস, ব্যবহার ও পরিচালনা প্রক্রিয়া ব্যাখ্যা করতে পারবেন; এবং
৩. তহবিল তৈরির ক্ষেত্রে উপ-কমিটির গঠন এর প্রয়োজনীয়তা চিহ্নিত করতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- দলীয় কাজ ও উপস্থাপনা
- পোস্টার লিখন ও আলোচনা
- প্রশ্নোত্তর ও আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- কর্ম পরিকল্পনার ছক
- লিখিত পোস্টার

সময়: ৬০ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব-১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন। বলুন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে মানসম্মত সেবা প্রদানের প্রধান শর্তই হচ্ছে সেবা কেন্দ্রকে সেবাদানের জন্য প্রস্তুত রাখা অর্থাৎ অবকাঠামোগতভাবে এবং সেবাদানকারীসহ অনুসংগিক সবকিছু প্রস্তুত রাখা।
- সেই লক্ষ্যে তথ্য সংগ্রহের মাধ্যমে কেন্দ্রের সমস্যা চিহ্নিতকরণ এবং সমস্যাসমূহ সমাধানের উপায় সম্বলিত একটি সুনির্দিষ্ট কর্ম পরিকল্পনা প্রস্তুত করা প্রয়োজন।
- এবার অংশগ্রহণকারীদের প্রশ্ন করুন, উন্নয়ন বলতে কী বুঝি? অংশগ্রহণকারীদের উত্তর নিয়ে উন্নয়ন সম্পর্কিত ধারণা বোর্ডে লিখুন।
- পুনরায় প্রশ্ন করুন, উন্নয়নের জন্য কি করা দরকার? সবার উত্তর নিয়ে বলুন, উন্নয়নের জন্য সকলের অংশগ্রহণের মাধ্যমে সমস্যা চিহ্নিত করতে হবে এবং সমস্যার অগ্রাধিকার তৈরি করতে হবে। এবার সেবা কেন্দ্রের তথ্য সংগ্রহ ও সমস্যা চিহ্নিতকরণের ধাপ নিয়ে আলোচনা করুন (সহায়ক তথ্য-১)
- এই সমস্যা সমাধানের কর্মকৌশল কী হতে পারে তা আলোচনা করুন। এক্ষেত্রে অংশগ্রহণকারীদের দুটি দলে ভাগ করে দিন ও দুটি দলকে দুটি সমস্যা চিহ্নিত করতে বলুন যার উপর দলীয় কর্মপরিকল্পনা তৈরি করবে (সহায়ক তথ্য-২)। প্রতিটি দলের কর্মপরিকল্পনা উপস্থাপনের পর সম্ভাব্য সমাধানে কৌশল নিয়ে আলোচনা করুন।

পর্ব-২

- এবার বলুন, উন্নয়নের জন্য প্রয়োজন তহবিল। প্রশ্ন করুন- তহবিলের উৎস কি হতে পারে? তহবিলের ব্যবহার কীভাবে করবো? এটি কীভাবে পরিচালিত হবে? অংশগ্রহণকারীদের উত্তর নিয়ে তহবিল উৎস, ব্যবহার ও পরিচালনা প্রক্রিয়া নিয়ে আলোচনা করুন (সহায়ক তথ্য-৩)।

পর্ব -০৩

- স্থানীয় সাধারণ তহবিল গঠন ও এটি সুষ্ঠুভাবে পরিচালনার জন্য একটি উপ-কমিটি গঠন করা যেতে পারে।
- এবার উপ-কমিটির গঠন ও এর পরিচালনা প্রক্রিয়া সম্পর্ক আলোচনা করুন (সহায়ক তথ্য-৪)।

পর্ব -০৪

- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব - ১	সেবা কেন্দ্রের তথ্য সংগ্রহ, সমস্যা চিহ্নিতকরণ	৩০ মিনিট
পর্ব - ২	উন্নয়নের ক্ষেত্রে তহবিল উৎস, ব্যবহার ও পরিচালনা প্রক্রিয়া	১০ মিনিট
পর্ব - ৩	উপ-কমিটির গঠন ও এর পরিচালনা প্রক্রিয়া	১৫ মিনিট
পর্ব - ৪	সেশন মূল্যায়ণ	৫ মিনিট

সহায়ক তথ্য-১

সেবা কেন্দ্রের তথ্য সংগ্রহ ও সমস্যা চিহ্নিতকরণ

- মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি) এবং উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা নির্দিষ্ট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের কার্যক্রম পর্যবেক্ষণ এবং সমস্যাসমূহ চিহ্নিত করার লক্ষ্যে নিয়মিত কেন্দ্রটি পরিদর্শন করবেন এবং কেন্দ্রের সকল সেবাপ্রদানকারী এবং সংযুক্ত মাঠকর্মীদের সাথে আলোচনার মাধ্যমে কেন্দ্রে কী কী সমস্যা রয়েছে সেগুলো লিপিবদ্ধ করবেন, যেমন- লোকবল, ওষধ, লজিস্টিক, সংস্কার ইত্যাদি।
- এই সমস্যাগুলোর মধ্যে যে সমস্ত সমস্যা স্থানীয় পর্যায়ে অর্থাৎ নিজেদের (কর্মকর্তা ও কর্মী) দ্বারা সমাধান সম্ভব সেগুলো তাদের মধ্যে ভাগ করে নেবেন। অবশিষ্ট চাহিদাগুলি সমাধানের লক্ষ্যে যথাযথ কর্মপরিকল্পনা প্রনয়নের জন্য সেগুলির তালিকা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির নিকট প্রেরণ করবেন।
- পরবর্তীতে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব এই তথ্যসমূহ ছকের মাধ্যমে কমিটির দ্বি-মাসিক সভায় উপস্থাপন করবেন এবং একটি সুনির্দিষ্ট কর্মপরিকল্পনার মাধ্যমে কমিটি এই সমস্যাগুলো সমাধানের ব্যবস্থা নেবেন।
- সমস্যাসমূহ চিহ্নিতকরণের পর প্রয়োজন অনুযায়ী কী কী কাজ করতে হবে, কে কোন কাজটি করবেন, কতদিনের মধ্যে করবেন, কাজটি করার সময় কার সহযোগিতা প্রয়োজন, কে মনিটরিং করবেন এবং সর্বোপরি বাজেট কোথা হতে পাওয়া যাবে; সবকিছু কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত থাকতে হবে।

কর্মপরিকল্পনার একটি নমুনা ছক

বিষয়/ সমস্যা	বর্তমান পরিস্থিতি	সম্ভাব্য সমাধান	কে করবেন	কতদিনের মধ্যে করবেন	কার সহযোগিতা লাগবে	কে মনিটরিং করবেন	কত টাকা লাগবে	কোথা থেকে টাকা আসবে	মন্তব্য
স্বাক্ষর									


- ইউনিয়ন ভিত্তিক সমন্বিত এই কর্মপরিকল্পনার কপি স্বাস্থ্যবিভাগ, পরিবার পরিকল্পনা বিভাগ ও স্থানীয় সরকারের সংশ্লিষ্ট প্রতিনিধির নিকট পাঠাতে হবে।
- কর্মপরিকল্পনাটি বিভিন্ন সভা, সুপারভাইজারি ভিজিট ও স্বাস্থ্য কেন্দ্র ভিজিট এর সময় ফলোআপ করা এবং প্রতিনিয়ত হালনাগাদ করতে হবে।
- প্রয়োজনে অসম্পূর্ণ কাজের জন্য নূতন পরিকল্পনা গ্রহণ করতে হতে পারে।

সমাধানের উপায়সমূহ ও বাস্তবায়ন

- ইউনিয়ন পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রগুলো উন্নয়নের জন্য স্বাস্থ্য বিভাগ, পরিবার পরিকল্পনা বিভাগ, স্থানীয় সরকার ও স্টেকহোল্ডারদের সমন্বিত পদক্ষেপ প্রয়োজন।
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি কেন্দ্রের উন্নয়নের নেপথ্যে মূল দায়ভার গ্রহণ করবে।
- আর্থিক সহযোগীতার ক্ষেত্রে কমিটি নিজস্ব তহবিলের (স্থানীয় সাধারণ তহবিল) মাধ্যমে কেন্দ্রের প্রয়োজনীয় চাহিদাগুলো মেটাতে পারে।
- কোন সমস্যা ইউনিয়ন পর্যায়ে সমাধান না হলে উপজেলা বা জেলা পর্যায়ে প্রেরণ করতে হবে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রের বড় ধরনের কোন সমস্যা সমাধানে (যেমন অবকাঠামোগত উন্নয়ন কিংবা সংস্কার) উপজেলা পরিষদের পরিবার পরিকল্পনা খাতের সংরক্ষিত বাজেট থেকে নির্দিষ্ট প্রকল্প গ্রহণের মাধ্যমে সমাধান করা যেতে পারে।
- ইউনিয়ন পরিষদের আওতার বাইরের সমস্যা বা প্রয়োজনগুলোর ক্ষেত্রে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউনিয়ন চেয়ারম্যান স্ব স্ব ক্ষেত্রের সমস্যা ও প্রয়োজন গুলো
- উপজেলা পর্যায়ের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির সভায় উপস্থাপনের মাধ্যমে সমাধানের চেষ্টা করবেন। এছাড়া উপজেলা উন্নয়ন সমন্বয় সভায়ও এগুলি নিয়ে আলোচনার সুযোগ রয়েছে।

উন্নয়নের ক্ষেত্রে তহবিলের উৎস

- এই তহবিল ইউনিয়ন অধিবাসীদের চাঁদা, স্থানীয় বাজার কমিটির অনুদান, কোন নামকরা ব্যক্তি/বিশ্বশালী ব্যক্তির অনুদান, ইত্যাদির সমন্বয়ে গঠন করা যেতে পারে।
- স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা সেবা উন্নয়ন খাতে ইউনিয়ন পরিষদের মোট বাৎসরিক বাজেটের সর্বোচ্চ ১৫% অর্থ বরাদ্দ রয়েছে যা এই তহবিল গঠনে নিয়মিতভাবে ভূমিকা রাখতে পারে।



তহবিলের ব্যবহার

- সাধারণ তহবিল ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের অবকাঠামো উন্নয়নে জরুরী প্রয়োজনে ব্যবহার করা যেতে পারে, যেমন- সেবা কেন্দ্রের ছোটখাটো জরুরী কোন মেরামত এবং রক্ষণাবেক্ষণ। প্রয়োজন হলে, জরুরী ঔষধ কেনা।
- রেফারকৃত রোগীদের ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র থেকে রেফার করা হলে যাতায়াত খরচ যোগানের জন্য আর্থিক সহায়তা দেয়া যেতে পারে।
- কেন্দ্রের উন্নয়নে অন্য কোন প্রয়োজনীয় বড় ধরনের কাজেও এই তহবিল ব্যবহার করা যেতে পারে।

তহবিল পরিচালনা

- অর্থ সংগ্রহ ও উত্তোলনের জন্য বাণিজ্যিক ব্যাংকের স্থানীয় কোন শাখায় একটি অ্যাকাউন্ট খোলা যেতে পারে।
- অ্যাকাউন্টটি দুইজন দস্তখতকারীর দ্বারা পরিচালিত হতে পারে, তারা হলেন উপকমিটির সভাপতি এবং সদস্য-সচিব অথবা মূল কমিটি কর্তৃক নির্বাচিত উপ-কমিটির যেকোন একজন সদস্য।
- তহবিল পরিচালনায় স্বচ্ছতা রক্ষা করার জন্য, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ভিত্তিক ব্যবস্থাপনা কমিটির প্রতিটি সভায় আয় এবং ব্যয় সম্পর্কে তথ্য উপস্থাপন করা হবে, এবং তা কেন্দ্রের উন্মুক্ত কোন স্থানে প্রদর্শনের ব্যবস্থা করা হবে।
- একই সাথে পরবর্তী দুই মাসের ব্যয়ের পরিকল্পনা প্রস্তাবনা এবং সে পরিকল্পনা প্রস্তাবে কমিটির সম্মতি গ্রহণ করবে।
- কমিটি পরিচালনার তথ্যের সাথে দ্বিমাসিক আয় এবং ব্যয়ের তথ্য সম্বলিত একটি কপি মেডিকেল অফিসার (MCH-FP)/ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (UFPO) এর কাছে পাঠাবেন, প্রয়োজন হলে তারা আরো যাচাই করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।



সহায়ক তথ্য-৪

উপ-কমিটির গঠন

- বিদ্যমান ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সদস্যদের মধ্যে থেকেই উপ-কমিটি গঠন করা হবে যারা সাধারণ তহবিল পরিচালনা করবেন। ৭-৮ জন সদস্যের সমন্বয়ে কমিটি গঠন করা হবে।
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সভাপতি এই উপকমিটিরও সভাপতি হিসেবে থাকবেন।
- উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার (SACMO) এই উপকমিটির সদস্য-সচিব হিসেবে থাকবেন।
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নির্বাচিত ৫/৬ জন সদস্য এই উপ-কমিটির সদস্য হিসেবে অন্তর্ভুক্ত হবেন। যেমন- পরিবার কল্যাণ পরিদর্শিকা (FWV), ইউনিয়ন পরিষদের একজন সদস্য, মহিলা বিষয়ক অধিদপ্তরের একজন সদস্য এবং কলেজ অথবা স্কুলের অধ্যক্ষ/প্রধান শিক্ষক অন্তর্ভুক্ত থাকবেন ইত্যাদি।

অধিবেশন - ১০

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র মনিটরিং

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. মনিটরিং কী ও মনিটরিং এর লক্ষ্য ব্যাখ্যা করতে পারবেন; এবং
২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মনিটরিং চেকলিস্ট।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- পাঠচক্র ও আলোচনা
- দৃশ্যমান উপস্থাপনা ও আলোচনা
- প্রশ্নোত্তর ও আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- লিখিত ফ্লিপশিট

সময়: ৬০ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব -১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও এই সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন। বলুন, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের স্বাস্থ্যসেবার মান, সেবাদানের দক্ষতা, চিকিৎসা ব্যবস্থাপনা ও চিকিৎসা সরঞ্জামাদির পর্যাপ্ততা নিরূপণে পরিকল্পনা মাসিক মনিটরিং অপরিহার্য। এবার মনিটরিং কি এর লক্ষ্য সম্পর্কে নিচের তথ্যের মাধ্যমে আলোচনা করুন।
 - মনিটরিং হচ্ছে কাজের অগ্রগতি যাচাইয়ের এক চলমান প্রক্রিয়া যা পরিকল্পনার বাস্তবায়ন সঠিক ভাবে হচ্ছে কিনা তা মান ও সংখ্যায় প্রকাশ করে এবং পরবর্তীতে সঠিক পদক্ষেপ গ্রহণে দিক নির্দেশনা দেয়। মনিটরিং করার মাধ্যমে একটি চলতি কাজের দুর্বলতা ও শক্তিসমূহ চিহ্নিত করা যায় এবং প্রাপ্ত তথ্যকে ভিত্তি করে পরবর্তী সময়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ করা যায়।
 - মানসম্পন্ন মনিটরিং সেবাদানকারীর দক্ষতা ও সেবার গুণগত মান বাড়াইতে সুচিকিৎসা নিশ্চিত হয়।

মনিটরিং এর মূল লক্ষ্যসমূহ হচ্ছে

- সুনির্দিষ্ট লক্ষ্যে অগ্রগতি পরিমাপ করা
- সম্পদের সৃষ্ঠ ব্যবহার হয় কিনা তা নিশ্চিত করা
- পরিকল্পনার সঠিকতা যাচাই করা
- সেবাদানকারীর দক্ষতা ও সেবার গুণগত মান যাচাই করা
- নিয়মনিতির যথার্থতা ও কার্যকারিতা পর্যবেক্ষণ

পর্ব - ২

- অংশগ্রহণকারীদের বলুন, সুনির্দিষ্ট চেকলিস্টের মাধ্যমে প্রতি মাসে প্রতিটি ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের তথ্য সংগ্রহ করতে হবে ও মাসিক মিটিং- এ চেকলিস্টটি পর্যালোচনা করবেন। এছাড়াও পূরণকৃত চেকলিস্ট ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সংরক্ষণ করতে হবে।



- এবার প্রত্যেক অংশগ্রহণকারীদের একটি চেকলিস্টের কপি দিন ও চেকলিস্টের বিষয়গুলো পড়তে বলুন। (সহায়ক তথ্য-১) এ বিষয়ে কারো কোন প্রশ্ন থাকলে তার উত্তর দিন।

পর্ব -০৩

- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব - ১	মনিটরিং কী ও এর লক্ষ্য	২০ মিনিট
পর্ব - ২	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মনিটরিং চেকলিস্ট	৩৫ মিনিট
পর্ব - ৩	সেশন মূল্যায়ণ	৫ মিনিট

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে মনিটরিং চেকলিস্ট

ক্রম	মূল বিষয়	পর্যবেক্ষণ	হ্যাঁ	না	মন্তব্য
১	সাধারণ অবকাঠামো	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সীমানা প্রাচীর আছে কিনা			
		প্রাচীর/দেয়াল সংস্কার দরকার আছে কিনা			
		ছাদ থেকে পানি পড়ে কি না বা জমে আছে কিনা			
		ছাদ সংস্কার দরকার আছে কিনা			
		মেঝে সংস্কার দরকার আছে কিনা			
		মেঝে এবং ছাদ পরিস্কার কিনা			
		কেন্দ্রটির দরজা ভাঙ্গা কি না/মেরামত করা প্রয়োজন কিনা			
		আগুনি পরিস্কার-পরিচ্ছন্ন আছে কিনা			
২	সুযোগ-সুবিধা	নিরাপদ পানি সরবারহের ব্যবস্থা আছে কিনা			
		কমপক্ষে ১টি ব্যবহার যোগ্য টয়লেট ও সেখানে সাবান ও পানির ব্যবস্থা আছে কিনা			
		বিদ্যুৎ সরবারহ (পল্লী বিদ্যুৎ/সচল জেনারেটর/সৌর বিদ্যুৎ/সুবিধা মত বিকল্প বিদ্যুৎ) আছে কিনা			
		কেন্দ্রটিতে পর্যাপ্ত আলোর ব্যবস্থা এবং পর্যাপ্ত বায়ু চালাচল ব্যবস্থা আছে কিনা			
		রোগী অপেক্ষার জায়গায় বেঞ্চ/চেয়ার আছে কিনা			
		অনলাইনে রিপোর্ট করার জন্য কম্পিউটার/ল্যাপটপ ইন্টারনেট সংযোগ সহ চালু আছে কিনা (প্রয়োজ্য ক্ষেত্রে)			
		কম্পিউটার/ল্যাপটপ চালানোর জন্য দক্ষ অপারেটর আছে কিনা			
৩	সেবা প্রদানকারীর বাসস্থান	সীমানা প্রাচীর আছে কিনা			
		প্রাচীর/দেয়াল সংস্কার দরকার আছে কিনা			
		ছাদ থেকে পানি পড়ে কিনা			
		ছাদ সংস্কার দরকার আছে কিনা			
		মেঝে সংস্কার দরকার আছে কিনা			
		মেঝে এবং ছাদ পরিস্কার কিনা			
		জানালা ভাঙ্গা কিনা			
		দরজা ভাঙ্গা কিনা			
		নিরাপত্তা ব্যবস্থা ভালো এবং আলাদা আলাদা প্রবেশ পথ আছে কিনা			

ক্রম	মূল বিষয়	পর্যবেক্ষণ	হ্যাঁ	না	মন্তব্য
৪	মানব সম্পদ	মেডিকেল অফিসার আছে কিনা (প্রয়োজ্য ক্ষেত্রে)			
		উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার আছে কিনা			
		এফ ডব্লিউ ভি আছে কিনা/কয়জন আছে?			
		ফার্মাসিস্ট আছে কিনা (প্রয়োজ্য ক্ষেত্রে)			
		এছাড়া অন্য কোন সেবাদানকারী আছে কিনা			
		আয়া আছে কিনা			
		নিরাপত্তা প্রহরী আছে কিনা			
৫	স্বাভাবিক প্রসব প্রস্তুতি	গোপনীয়তা: দরজা আছে কিনা এবং তালা দেয়ার ব্যবস্থা আছে কিনা			
		জানালায় পর্দার ব্যবস্থা আছে কিনা			
		এক সময়ে একের অধিক রোগী প্রবেশ করছে কিনা			
		বিদ্যুৎ সরবরাহ (পল্লী বিদ্যুৎ/সচল জেনারেটর/সৌর বিদ্যুৎ/সুবিধা মত বিকল্প বিদ্যুৎ) আছে কিনা			
		প্রসব পরবর্তী কক্ষ আছে কিনা			
		প্রসবের জন্য উপযুক্ত বিছানা আছে কিনা			
		বিছানা চাদর আছে কিনা			
		তোশক/ফোম আছে কিনা			
		বালিশ আছে কি না/কয়টি?			
		বালিশের কভার আছে কি না/কয়টি?			
		মশারি আছে কিনা/কয়টি?			
		লেবার টেবিল আছে কিনা?			
		ডেলিভারি কিট আছে কিনা/ব্যবহার করে কিনা?			
		স্পট লাইট আছে কিনা			
		স্বাভাবিক প্রসবের জন্য অর্থ বরাদ্দ আছে কিনা			
		বরাদ্দ থাকলে তার সঠিক ব্যবস্থাপনা আছে কিনা			
		বি পি মেশিন আছে কিনা (ব্যবহারযোগ্য)			
		বড়দের ওজন মেশিন আছে কিনা (ব্যবহারযোগ্য)			
		শিশুদের ওজন মেশিন আছে কিনা (ব্যবহারযোগ্য)			
		স্টেথিস্কোপ আছে কি না (ব্যবহারযোগ্য)			
		শারীরিক তাপ পরিমাপক যন্ত্র (থার্মোমিটার) আছে কিনা (ব্যবহারযোগ্য)			
উচ্চতা মাপার স্কেল আছে কিনা (ব্যবহারযোগ্য)					
পার্টোগ্রাফ আছে কিনা এবং ব্যবহার করে কিনা					
গর্ভবতী পরিচ্যা কার্ড (এএনসি কার্ড) আছে কিনা					
৭.১% ক্লোরোহেস্ত্রিডিন আছে কিনা					

ক্রম	মূল বিষয়	পর্যবেক্ষণ	হ্যাঁ	না	মন্তব্য
		এইচবিবি কিট আছে কিনা?			
		অক্সিটোসিন আছে কিনা			
		অত্যাৱশ্যকীয় ঔষধ আছে কিনা			
		স্যালাইন ষ্ট্যান্ড আছে কিনা			
৬	দ্রুত রোগ নির্ণয়	হিমোগ্লোবিন পরীক্ষা করার উপকরণ আছে কিনা			
		হিমোগ্লোবিন পরীক্ষার উপকরণ থাকলে ব্যবহার হয় কিনা			
		এলবুমিন ও সুগার পরীক্ষা করার উপকরণ আছে কিনা			
		মুত্র/প্রসাব পরীক্ষা করার উপকরণ থাকলে ব্যবহার হয় কিনা			
		নরমাল ডেলিভারি সার্ভিস ২৪ ঘণ্টা দেয়া হয় কিনা			
		এফডব্লিউডি/সেকমো এর জন্য বাসভবন আছে কিনা			
		এফডব্লিউডি কেন্দ্রের ভেতর অবস্থান করে কিনা			
		এফডব্লিউডির সেবা ২৪ ঘণ্টা সহজলভ্য কিনা			
		উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার কেন্দ্রের ভেতর অবস্থান করে কিনা			
		উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসারের সেবা ২৪ ঘণ্টা সহজলভ্য কিনা			
		স্বাস্থ্য সেবা কেন্দ্র ৮:৩০ থেকে ২:৩০ পর্যন্ত খোলা থাকে কিনা			
৭	তথ্য প্রদর্শনী	সিটিজেন চার্টার প্রদর্শিত আছে কিনা			
		সিটিজেন চার্টার আছে কিনা নির্দিষ্ট স্থানে প্রদর্শিত আছে কিনা			
		সিটিজেন চার্টার নির্দিষ্ট স্থানে প্রদর্শিত আছে কিনা			
		নোটিশ বোর্ড/ফেস্টুন/পোস্টার/ডেলিভারি তথ্য প্রদর্শিত আছে কিনা			
		কেন্দ্রের সম্মুখে সাইনবোর্ড প্রদর্শিত আছে কিনা			
৮	রেফারেল	রেফারেল স্লিপের সরবরাহ আছে কিনা			
		রেফারেল স্লিপ ব্যবহার করে রেফারেল সার্ভিস প্রদান করা হয় কিনা			
৯	মোবাইল যোগাযোগ	সেবা প্রদানকারীর নাম, পদবী, যোগাযোগের জন্য মোবাইল নম্বর বোর্ডে প্রদর্শিত আছে কিনা			
১০	বর্জ্য ব্যবস্থাপনা	বর্জ্য ব্যবস্থাপনার জন্য সুনির্দিষ্ট রঙের ড্রাম/বালতি আছে কিনা			
		বর্জ্য ব্যবস্থাপনার জন্য সুনির্দিষ্ট রঙের ড্রাম/বালতি ব্যবহার হয় কিনা			
		সাধারণ বর্জ্য সঠিকভাবে নিষ্পত্তি করা হয় কিনা			
		মেডিক্যাল বর্জ্য সঠিকভাবে ধ্বংস করা হয় কিনা			
		ধারালো বর্জ্য সঠিকভাবে সংগ্রহ করে ইউএইচসিতে নেওয়া হয় কিনা			
		তরল বর্জ্যের সঠিক (মাটির নিচে অথবা গর্তে পুতে) ব্যবস্থাপনা করা হয় কিনা			
		ইনসিনারেটর/পিট আছে কিনা			
		ইনসিনারেটর/পিট ব্যবহার করা হয় কিনা			

ক্রম	মূল বিষয়	পর্যবেক্ষণ	হ্যাঁ	না	মন্তব্য
১১	জীবাণুমুক্তকরণ	অটোক্লেভ আছে কিনা (ব্যবহারযোগ্য)			
		অটোক্লেভ ব্যবহার করা হয় কিনা			
		মিনি স্টেরিলাইজার আছে কিনা			
		মিনি স্টারলাইজ ব্যবহার করা হয় কিনা			
		ফুটানো পদ্ধতিতে জীবাণুমুক্ত করা হয় কিনা			
		অটোক্লেভের মাধ্যমে জীবাণুমুক্ত করা হয় কিনা			
		জীবাণুমুক্তকরণের উপকরণ (ক্লোরিন, ডেটল) পর্যাপ্ত আছে কিনা			
		জীবাণুমুক্তকরণের উপকরণ (ক্লোরিন, ডেটল) ব্যবহার করা হয় কিনা			
		মাস্ক আছে কিনা			
		মাস্ক ব্যবহার করা হয় কিনা			
		ইউটিলিটি গ্লাভস আছে কিনা			
		গ্লাভস ব্যবহার করা হয় কিনা			
		জীবাণুমুক্তকরণের স্পষ্ট নির্দেশনা আছে কিনা			
		১২	বিসিসি	কেন্দ্রে বিসিসি উপকরণ আছে কিনা	
বিসিসি উপকরণ ব্যবহার করা হয় কিনা					
রোগীর তথ্য গোপন রাখার ব্যবস্থা আছে কিনা					
রোগীর তথ্য গোপন রাখা হয় কিনা					
১৩	রিপোর্টিং	সাধারণ রোগীর রেজিস্টার সঠিকভাবে পূরণ করা হয় কিনা			
		পরিবার পরিকল্পনা রেজিস্টার সঠিকভাবে পূরণ করা হয় কিনা			
		গর্ভবতী ও প্রসূতি রেজিস্টার সঠিকভাবে পূরণ করা হয় কিনা			
		রেফারেল শ্লিপ/রেফারেল রেজিস্টার ব্যবহার করা হয় কিনা			
		এম আর রেজিস্টার ব্যবহার করা হয় কিনা			
		এম আর রেজিস্টার সঠিকভাবে পূরণ করা হয় কিনা			
		শিশু রেজিস্টার ব্যবহার করা হয় কিনা			
		গর্ভবতী মহিলার তালিকা করা হয় কিনা			
		মাসিক রিপোর্ট ফরম (এমআইএস-২, এমআইএস-৩) সঠিকভাবে পূরণ করা হয় কিনা			
		মাসিক এবং অন্যান্য রিপোর্ট সময়মত পাঠানো হয় কিনা			
১৪	স্টোর রুম	পরিষ্কার পরিচ্ছন্ন কিনা			
		পর্যাপ্ত বাতাসের ব্যবস্থা আছে কিনা			
		পর্যাপ্ত আলোর ব্যবস্থা আছে কিনা			
		সংক্ষরণ এলাকা শুকনা কিনা			
		মজুদ রেজিস্টার হাল নাগাদ করা এবং ওষধ মেয়াদ যথাযথ আছে কিনা			

ক্রম	মূল বিষয়	পর্যবেক্ষণ	হ্যাঁ	না	মন্তব্য
১৫	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটি	কমিটি আছে কিনা			
		কমিটি নিয়মিত সভা করে কিনা			
		কতদিন পরপর সভা অনুষ্ঠিত হয়			
		কমিটি কার্যকর এবং গত মাসে মিটিং হয়েছিল কিনা			
		মিটিং এর বিষয়সমূহ সব আলোচনা হয়েছিল কিনা			
		মিটিং এ গৃহীত সিদ্ধান্ত সদস্যদের জানানো হয়েছিল কিনা			
		মিটিং এর আলোচ্য বিষয় ও সিদ্ধান্ত মেডিকেল অফিসার (এমসিএইচএফপি) ও উপজেলা পরিবার পরিকল্পনা এবং ইউএফপিও কে জানানো হয়েছিল কিনা			
		তহবিল গঠন ও তহবিল তথ্য ডিসপ্লিতে প্রদর্শিত আছে কিনা			
		প্রতি মাসে নতুন তহবিল যোগ হয়েছে কিনা			
		সেবা কেন্দ্র মেরামতের জন্য তহবিলের ব্যবহার হয়েছে কিনা			
		মোট কত পরিমাণ তহবিল গঠন হয়েছে			
❖ নোটসঃ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ব্যবস্থাপনা কমিটির সভার কার্যবিবরণীটি প্রয়োজনীয় ক্ষেত্রে (অনেক সমস্যা আছে যা স্থানীয়ভাবে সমাধান করা সম্ভব নয়) উপজেলা পরিষদ/জেলা প্রশাসন এর সহায়তা নিতে হবে।					

অধিবেশন - ১১

স্বাস্থ্য সেবা টেকসইকরণ

উদ্দেশ্য:

এই অধিবেশন শেষে অংশগ্রহণকারীগণ-

১. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের স্বাস্থ্যসেবা কিভাবে টেকসই করা যায় তা ব্যাখ্যা করতে পারবেন।
২. ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের স্বাস্থ্যসেবা ব্যবস্থা টেকসইকরণে সদস্যদের ভূমিকা ব্যাখ্যা করতে পারবেন।

প্রশিক্ষণ পদ্ধতি ও কৌশল:

- প্রশ্নোত্তর ও আলোচনা

প্রশিক্ষণ উপকরণ:

- তথ্যপত্র

সময়: ৪৫ মিনিট

প্রশিক্ষকের প্রস্তুতি:

পর্ব -১

- অংশগ্রহণকারীদের শুভেচ্ছা জানান ও এই সেশনের নাম ও উদ্দেশ্য তুলে ধরুন। বলুন, জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে কমিউনিটি সাপোর্ট গ্রুপসমূহ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে নিয়মিত আলোচনার মাধ্যমে ২৪/৭ প্রসব সেবার প্রচারণা ও প্রসার করতে হবে। এক্ষেত্রে নির্বাচিত প্রতিনিধি বিশেষত ইউনিয়ন পরিষদের মহিলা সদস্য, শিক্ষক, এনজিও প্রতিনিধি ও যুবসমাজ সবাইকে সম্পৃক্ত করতে হবে।
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ম্যানেজমেন্ট কমিটি নিয়মিত কেন্দ্রের কার্যক্রম ও সেবার মান পর্যালোচনা ও তদারকি করবেন এবং প্রাপ্ত তথ্যের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা নেবেন। এছাড়া ইউনিয়ন শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা স্ট্যান্ডিং কমিটি (UEHFPSC) নিয়মিত ভিত্তিতে কেন্দ্রের কার্যক্রম পর্যালোচনা করবেন, দলের সদস্যদের মধ্যে দায়িত্ব ভাগ করে নিবেন ও প্রয়োজনীয় পদক্ষেপ নিবেন।

পর্ব -০২

- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের স্বাস্থ্যসেবা ব্যবস্থা টেকসইকরণে সদস্যদের ভূমিকা কী হতে পারে তা প্রশ্ন করে জেনে নিন ও আলোচনা করুন। (সহায়ক তথ্য-১)

পর্ব -০৩

- অংশগ্রহণকারীদের কিছু প্রশ্নের মাধ্যমে শিক্ষণীয় বিষয়গুলো আলোচনা করুন।
- সবাইকে ধন্যবাদ জানিয়ে শেষ করুন।

কর্ম পদ্ধতি:

পর্ব	বিষয়	সময়
পর্ব - ১	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের স্বাস্থ্যসেবা কীভাবে টেকসই করা যায়	২০ মিনিট
পর্ব - ২	ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের স্বাস্থ্যসেবা ব্যবস্থা টেকসইকরণে সদস্যদের ভূমিকা	২০ মিনিট
পর্ব - ৩	সেশন মূল্যায়ণ	৫ মিনিট

সহায়ক তথ্য-১

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের স্বাস্থ্যসেবা ব্যবস্থা টেকসইকরণে সদস্যদের ভূমিকা

সমন্বিতভাবে কাজ করার উপায় ও সম্পদের ব্যবস্থাপনা

স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ এবং স্থানীয় সরকার শতভাগ মানসম্মত সেবা নিশ্চিতকরণের লক্ষ্যে কমিউনিটিতে যে সকল সম্পদ আছে যেমন- সিএসবিএ, প্রাইভেট সিএসবিএ, বিভিন্ন ক্লাব, গণ্যমান্য ব্যক্তি, ইমাম ও সমমনা এনজিওদের সমন্বয় করার জন্য উদ্যোগ গ্রহণ করবেন।

ইউনিয়ন পর্যায়ে

ইউনিয়ন পর্যায়ে তিনটি স্তরে মা, নবজাতক, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ক সমস্যা চিহ্নিত করা, আলোচনা করা, কর্মপরিকল্পনা গ্রহণ করা এবং সমস্যার সমাধান করা যেতে পারে এবং প্রয়োজনের প্রেক্ষিতে উচ্চতর পর্যায়ে প্রেরণ করা যেতে পারে:

- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে অনুষ্ঠিত ২য় পাক্ষিক সভা
- ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সভা
- ইউনিয়ন শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভা

ইউনিয়ন পর্যায়ে সমস্যা সমাধান না হলে উপজেলা বা জেলা পর্যায়ে প্রেরণ করতে হবে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে অনুষ্ঠিত ২য় পাক্ষিক সভায় পরিবার পরিকল্পনা বিভাগের সকল মাঠকর্মী এবং সেবাপ্রদানকারী উপস্থিত থাকেন, সেখানে সেবাকেন্দ্র বিষয়ক সমস্যাসমূহ আলোচনা উত্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির সভার এজেন্ডায় অর্ন্তভুক্ত করে সমাধানের লক্ষ্যে আলোচনা করা যেতে পারে। যেমনঃ কেন্দ্রটিতে বিদ্যুৎ সরবরাহ নাই, পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী আয়া নাই, মানসম্মত সেবা ইত্যাদি। সমস্যাগুলো ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটিতে আলোচনা উত্তর সমাধানের জন্য ইউনিয়ন শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভায় উপস্থাপনের মাধ্যমে সমাধান করা যেতে পারে। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান এর সভাপতিত্বে অনুষ্ঠিত এই সভায় বেশিরভাগ সমস্যা ও প্রয়োজন সমাধানযোগ্য।

উপজেলা পর্যায়ে

উপজেলা পর্যায়ে অনুষ্ঠিত শিক্ষা, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ও ইউনিয়ন চেয়ারম্যান স্ব স্ব ক্ষেত্রের সমস্যা ও প্রয়োজন যেগুলো ইউনিয়ন পর্যায়ে সমাধান করা সম্ভব হয়নি; সেগুলো উপস্থাপনের মাধ্যমে সমাধানের চেষ্টা করবেন। যেমনঃ একটি ২৪/৭ নিরাপদ প্রসব সেবা প্রদানকারী কেন্দ্রের জন্য বর্জ্যব্যবস্থাপনা একটি গুরুত্বপূর্ণ সমস্যা। এই সমস্যা সমাধানের জন্য ডাম্পিং পিট তৈরী করা প্রয়োজন। এই সমস্যাটি সমাধানের জন্য যে প্রকল্প প্রয়োজন তার ব্যয়ভার অনেক ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের থাকে না। এই ধরনের বড় সমস্যা উপজেলা পরিষদের মিটিং এ উপস্থাপনের মাধ্যমে উপজেলা পরিষদের সহায়তায় সমাধান করা সম্ভব। এছাড়া উপজেলা উন্নয়ন সমন্বয় সভায় ও এর সুযোগ রয়েছে।

জবাবদিহিতা ও দায়িত্ববোধ

মানসম্মত সেবার স্থায়ীত্ব বিবেচনা করে স্থানীয় সরকারের সম্পৃক্তকরণ আবশ্যকীয়। বিভিন্ন সেবা কার্যক্রমের সাথে স্থানীয় সরকারের সম্পৃক্তকরণের ফলে দেখা গেছে যে সেবাগ্রহণকারীর সংখ্যা, সেবার মান এবং সেবাদানকারীর জবাবদিহিতা/নিয়মানুবর্তিতা অনেকাংশে বেড়েছে। অন্যদিকে সেবা কার্যক্রমের সাথে স্থানীয় সরকারের সম্পৃক্তকরণের ফলে স্থানীয় জনপ্রতিনিধিদের দায়িত্ববোধও বৃদ্ধি পেয়েছে।

ব্যয় তদারকি

বার্ষিক উন্নয়ন বাজেট থেকে বরাদ্দের পাশাপাশি সেই অর্থ উল্লেখিত খাতে ব্যয় হচ্ছে কি না সেটিও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তদারকি করতে পারেন। কোন কোন খাতে বরাদ্দ পাওয়া যেতে পারে তার তথ্য দিতে হবে

জবাবদিহিতা

- এলাকায় মাঠকর্মীরা সঠিকভাবে সেবা প্রদান করে কি না এবং সেবা সংক্রান্ত তথ্য দিচ্ছে কি না তা তদারকি করা অত্যন্ত জরুরী।
- সেবা কেন্দ্র সঠিক সময়ে খোলা এবং বন্ধ হচ্ছে কিনা (সকাল ৮.৩০ থেকে দুপুর ২.৩০) তা দেখা প্রয়োজন।
- সেবা প্রদানকারীর সাথে আলোচনা করে তার সেবা প্রদানের ক্ষেত্রে কোন সমস্যা থাকলে তা সমাধানের উদ্যোগ নেওয়া প্রয়োজন।

সেবা গ্রহণে উদ্বুদ্ধ করা/চাহিদা তৈরি করা

- সচেতনতা বৃদ্ধির জন্য আপনার এলাকার জনগন, বিশেষ করে পুরুষদেরকে, মা ও শিশু স্বাস্থ্য সেবা গ্রহণের গুরুত্ব সম্পর্কে নিয়মিত উদ্বুদ্ধ করা প্রয়োজন।
- সেবা গ্রহণের ক্ষেত্রে কেউ ইচ্ছুক না হলে তা দূর করার জন্য উদ্যোগ নেওয়া প্রয়োজন।
- এলাকায় অনুষ্ঠিত প্রতিটি সভায় উপস্থিত সকলকে সেবা কেন্দ্র থেকে সেবা নেয়ার জন্য উদ্বুদ্ধ করা প্রয়োজন।
- ইউনিয়ন পর্যায়ে মা, নবজাতক, পরিবার পরিকল্পনা ও পুষ্টি বিষয়ক সেবা সমূহের উন্নয়নের জন্য মনিটরিং ও সুপারভিশন অত্যন্ত জরুরী।
 - ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান পদাধিকার বলে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সভাপতি। তিনি নিয়মিত কেন্দ্র পরিদর্শন করতে পারেন। পাশাপাশি স্বাস্থ্য এবং পরিবার পরিকল্পনা বিভাগের কর্মকর্তাগণ পরিকল্পনা অনুযায়ী ইউনিয়ন চেয়ারম্যানসহ কেন্দ্রগুলো পরিদর্শনের মাধ্যমে কেন্দ্রের সেবা ব্যবস্থাপনার মান উন্নয়নে ভূমিকা রাখতে পারেন।
 - বিশেষ করে যে সকল কেন্দ্রে ২৪ ঘন্টা সপ্তাহে ৭ দিন নিরাপদ প্রসব কার্যক্রম চলমান আছে সেগুলোর জন্য যৌথ পরিদর্শন অনেক বেশী ফলপ্রসূ হয়। যেমন- ইউপি চেয়ারম্যান সপ্তাহে অন্তত একবার কেন্দ্র পরিদর্শন করে দেখেন যে সেবা প্রদানকারীগণ সময়মত সেবা কেন্দ্রে আসছেন কিনা, পরিষ্কার পরিচ্ছন্নতা কর্মী কেন্দ্রটি পরিষ্কার পরিচ্ছন্নতা রেখেছে কিনা, নিয়মশৃংখলা মারফিক গুণগত ও মানসম্মত জেতার সংবেদনশীল- কৈশোর বান্ধব সেবা প্রদান করা হচ্ছে কিনা তাহলে সবকিছু সঠিকভাবে সম্পন্ন হয়।

❖ পরিশেষে সবাইকে ধন্যবাদ জানিয়ে সমাপনী কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ সমাপ্ত করুন।

পরিশিষ্ট: ১

মাতৃ ও শিশু স্বাস্থ্য সেবা সংক্রান্ত ঔষধ (২২ ধরনের ঔষধ সংযুক্ত করা হল)

SI No	Product Name	Technical Specification
1	2	3
1	Tab. Iron & Folic Acid	Ferrous Fumarate (200 mg) + Folic Acid (040 mg/400 11g) BP/USP
2	Tab. Folic Acid (5mg)	Folic Acid (5mg) BP/USP
3	Tab. Calcium Carbonate (500mg)	Tab. Calcium Carbonate (500mg)
4	Tab. Vitamin B Complex	Vitamin B Complex (Thiamine HCl- 5 mg, Pyridoxine HCl-2 mg, Riboflavin-2 mg & Nicotinamide- 20 mg) BP/USP
5	Tab. Albendazole (400 mg)	Albendazole (400 mg/Tab.) BP/USP
6	Tab. Paracetamol (500mg)	Paracetamol (500mg/ Tab.) BP/USP
7	Tab. Antacid	Dried Al. Hydroxide gel (250 mg) + Mg. Hydroxide (400mg) BP/USP
8	Tab. Drotaverine Hydrochloride (40 mg)	Drotaverine Hydrochloride (40mg/tab) INN
9	Tab. Pantoprazole (20 mg)	Tab. Pantoprazole (20 mg) BP/USP
10	Tab. Metronidazole	Metronidazole (400 mg/tab) BP/USP
11	Tab. Chlorpheniramine Maleate	Chlorpheniramine Maleate (4 mg/tab) BP/USP
12	Tab. Salbutamol	Salbutamol Sulphate (4 mg/tab) BP/USP
13	Tab. Diazepam	Diazepam (5 mg/tab) BP/USP
14	Tab. Cotrimoxazole (120 mg) dispersible	Sulfamethoxazole (100 mg) +Trimethoprim (20 mg) dispersible tab BP/USP
15	Tab. Cotrimoxazole OS (960 mg)	Sulfamethoxazole (800mg) +Trimethoprim (160mg) BP/USP
16	Cap. Amoxicillin (500mg)	Amoxicillin Trihydrate (500 mg /Cap) BP/USP
17	Cap Doxycycline (100mg)	Doxycycline (100 mg/Cap) BP/USP
18	Powder for Suspension Amoxicillin 100ml	Amoxicillin Trihydrate (125 mg/5 ml) Powder in 100ml Plastic Bottle. BP/USP
19	Powder for Suspension Amoxicillin (Paged)	Amoxicillin Powder for suspension (used as Pediatric drop) (15 ml) 125mg/1.25ml, Plastic bottle of 15 ml.
20	Cotrimoxazole Suspension (60ml)	Sulfamethoxazole (200 mg) +Trimethoprim (40 mg) 5 ml. in Plastic bottle. BP/USP.
21	Paracetamol Suspension	Paracetamol (120 mg/5 ml) in Plastic bottle. BP/USP
22	Dispensing Envelop	14 cm X 9 cm Self-locking Polybag Thickness 70-80 micron

পরিশিষ্ট: ২

ডেলিভারি কিট

Normal Delivery Kit for Upgraded UH&FWCs: Contents (for 10 delivery case)

SI No	Name of the item	Quantity
1	I.V. Fluid-5% D/A (500ml) with Set	15 bag
2	I.V. Fluid-5% DNS (500ml) with Set	10 bag
3	Butterfly Needle (19G)	15 pc
4	Disposable Syringe (3 cc)	15 pc
5	Surgical Gloves (Sterile)- (No.6 ^{1/2})	12 pairs
6	Cotton Ball Thread	01 ball
7	Cotton Pac (500gm)	01 pac
8	Sterile Gauze Pk	10 Pc.
9	Tab. Paracetamol (500mg)	100 Pc. (10 tab for each case)
10	Cap. Amoxicilline (500mg)	150 Pc. (15 tab for each case)
11	Chorohexidine Cream	03 bottle
12	Micropore 1"	01 Pc.
13	Xylocaine (1-2%)-500 ml	01 bottle
14	Atraumatic Catgut	05 Pc.
15	Sanitary Pad	05 Box

পরিশিষ্ট: ৩

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সরবরাহযোগ্য যন্ত্রপাতির তালিকা

Sl.	Name of items	Quantity
1	Collen Vaginal Speculum (Small, Medium, Large 1each/set)	3 set
2	CUSCOS Vaginal Speculum (Small, Medium, Large)	6
3	SIMS Vaginal Speculum (Small, Medium, Large)	6
4	Sponge Holding Forceps(2.7 cm)	3
5	Jar Forcef (114 mm deep)	3
6	Forceps jar (9.0 x H14.5cm)	3
7	Stretcher(L1900 x W570 x H800mm)	1
8	Tissue Forceps (Spring type, 1x2 teeth, 200 mm Stainless Steel)	2
9	Straight Long Artery Forceps	4

Sl.	Name of items	Quantity
10	Forceps Haemostatic Straight Kelly (140 mm Stainless Steel)	4
11	Forceps Haemostatic Straight Rochest Pin (160 mm)	4
12	Haemostatic Curve Forceps (14.5cm)	3
13	Mosquito Forceps (Curve-4, Straight-2)	6
14	Forceps Tooth 101 Stainless Steel (Medium 1, Small 1)	2
15	Waste receptacle (10 lit.) Stainless Steel	2
16	Instrument trolley (W750 x D450 x H750mm) Stainless Steel	1
17	Instrument Tray(Small,Medium,Large,1 each/set) Stainless Steel	2 set
18	Suction unit (200W/ 5,000ml two suction bottles)Oil Free Piston Pump, Vacuum Pressure -700mmHg, Housing Material FRP CE & ISO certified	1
19	High Pressure Steam Sterilizer with Compact Boiler & Water Softener, Chamber Size 500mmWX650mmLX500mmH, 134oC-130oC temp for Instrument & Linean with Fast moving Spare Parts like door gasket, safety valve, thermal sensors, recorder paper & ink ribbon etc,	1
20	Sterilizing drum 3 sizes Stainless Steel	3
21	Weight (10 - 100kg) & Height scale (1,000 - 2,000mm)	1
22	Tongue depressor (Bass made)	2
23	Thermometer	2
24	Thermometer tray (With thermometer)	2
25	Kidney Tray	3
26	Irrigator stand (With casters, Stainless Steel)	2
27	Dressing jar with Cover(180 x H 240mm)	2
28	Emesis basin (Small, Medium, Large)	3
29	Cotton jar (360xH 240mm)	2
30	Ambo Bag made of polysulfone material, 3 sizes of mouth pcs, larengoscope for infant, CE & ISO certified	1
31	Baby Ambu Bag, Mask & Penguin Sucker	1
32	BP machine	2
33	Stethoscope	2
34	Portable Weighing Machine (Bathroom Type)	2
35	Airway Tube (Adult + Baby)	4
36	Baby Weighing Machine	1
37	Spot Light	1
38	Scissor Surgical Curved	2
39	Gauze cutting Scissor	2
40	Uterine Sound	3

Sl.	Name of items	Quantity
41	IUD Instruments	3 set
42	IUD Sterilizer	1
43	Rubber Sheet	3 pieces
44	Abdominal Sheet	3 pieces
45	Surgical Gloves	5 pairs
46	Utility Gloves	2 pairs
47	Dressing Material	
48	Needle Holder	2
49	Straight and curve Needle (Cutting and Round Body)	6
50	BP Knife Handle	3
51	BP Blade	12
52	MR Syringe/MVA Kit	2
53	Tenaculum/Volsellum	2
54	Episiotomy Scissor Angular Braun 140 mm SS	2
55	Urethral Catheter (Metallic)	2
56	Urethral Catheter (Rubber)	3
57	Galley Pot	3
58	Instrument Tray with Cover	1
59	Tongue Depressor (Small, Medium)	2
60	Instrument Lifter	2
61	Spot Light	1
62	Torch	2
63	Mckentosh	2
64	Measuring Tape	2
65	NG Tube	2
66	Hand Washing Brush	3
67	Dressing Forceps (155 mm, Spring Type Stainless Steel)	2
68	Forcef Sterilizer (Utility) 299 mm	1
69	Bag Hot water and Ice Combination 2 Litre	1
70	Tourniquet WEB Heavy Olive 38x1066 mm	2
71	Stainless Steel Bawl and Tumbler	1
72	Percussion Hammer	1
73	Mouth Gag	2
74	Nasal Speculum	2

পরিশিষ্ট: ৪

এমসিএইচ কিট বক্সের যন্ত্রপাতির তালিকা

Contents of MCH Kits Box

Sl. No.	Name of items
1	Sterilizer INSTR Bolling type 320 X 170 X 1000 mm fuel
2	Basin kidney 475 ml. 91 oz. stainless steel
3	Basin kidney 825 ml. Autoclavable polypropylene
4	Basin solution deep approx. 6 litre SS
5	Bowl sponge 500 ml stainless steel
6	Cup solution 170 ml stainless steel
7	Irrigator 1.6 ltr stainless steel
8	Uar dressing with cover 2.13 litre stainless steel
9	Measure graduated with handle 500 ml/l pint SS
10	Tray Instrument/dressing w/cover 310 X 195 X 63 mm SS
11	Tray Instrument shallow 480 X330 X 19 mm SS
12	Catheter urethral Nelaton solid-tip one ovo 14 FR
13	Connector 3-in l for 407 to 7.8 mm tubing nylon 9
14	Sheeting plastic clear vinyl 910 mm wide
15	Shield Nipple glass shell rubber nipple
16	Syringe ear and ulcer conical rubber tip 90 ML
17	Syringe rectal infant rubber bulb bard to 30 ML
18	Tube fecal one-eye funnel-end 20 FR 500 mm rubber
19	Tube Rectal - one-eye funnel end 24 FR 500 mm rubber
20	Tubing latex rubber for irrigation 1.5 M length
21	Droper medicine curved tip ungraduated
22	Brush hand surgeon's white nylon bristles
23	Clamp tubing regulatiog Hoffman 13 X 19 mm
24	Duster (dustergum) hand with 530 mm extension
25	Lancet (Hagsdor sutate needle) strainht 75 mm
26	Stone sharpening oil Aakaness 50 X 19 X 6.3 mm
27	Suture Cotton white non-sterile 00 USP 91 M
28	Tape-measure 1.5 m/60 Vinyl-coated fibre glass

Sl. No.	Name of items
29	Tourniquet WEB heavy olive DRAB 38 X 1066 mm9
30	Urinary test complete
31	Tongue Depressor 165 m metal
32	Pelvimeter Collyer External Grad cms/inches
33	Sphygmomanometer Anoroid 300 mm w/bandage off
34	Stethoscope Ford type Binaural complete
35	Catheter Urethrale female 12 FR metal
36	Forceps dressing spring-type 150 mm SS
37	Forceps Hemostatic Keely 140 mm SS
38	Forceps sponge-holding straight 225 mm SS
39	Forceps sterilizer (Utility) 299 mm Vaughn DRM
40	Knife-handle surgical for minor surgery \$ 3
41	Knife-blade surgical for minor surgery \$ 3 Pckt. 5
42	Knife-blade surgical for minor surgery \$ 11 pckt. 5
43	Knife-blade surgical for minor surgery \$ 12 pckt. 5
44	Needle suture 3/8 circ TRI PT PKT of 6 ASSIED
45	Scissors bandage Angular lister 182 mm SS
46	Scissors Guaze STR 215 mm sharp/blunt points SS
47	Scissors Surgical straight 140 mm S/B SS
48	Speculum Vaginal BI-VALVE graves small SS
49	Scale physician adult Avoirdupois 350 lbs X ¼ lbs
50	Scale infant Avoirdupois 30 lbs X ½ oz
51	Thermometer clinical oral 95 to 108 F
52	Needle hypo. 0.90 X 38 mm/20 G%11/4.6 luer box of 12
53	Needle hypo. 0.70 X 38 mm/226 X 11/4.6 luer box of 12
54	Needle hypo. 0.55 X 19 mm/24 G X ¼ luer box of 12
55	Syringe hypo. 2 ml lure glass
56	Syringe hypo. 4 ml lure glass
57	Syringe hypo. 10 ml lure glass
58	Gloves surgeon's latex size 7
59	Holder needle straight Narrow-jaw Mayo-HGR 150 mm
60	Speculum BI-VALE graves medium SS

পরিশিষ্ট: ৫

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে সরবরাহযোগ্য ফার্নিচার এর তালিকা কক্ষ অনুযায়ী ফার্নিচারের হিসাব

(ক) মেডিকেল অফিসার (এফডব্লিউ) এর কক্ষঃ

ফুল সেক্রেটারিয়েট টেবিল	১
হাতলওয়ালা কুশন চেয়ার	১
হাতলছাড়া চেয়ার	৪
রোগী পরীক্ষার টেবিল	১
আলমারী	১
সেলফ	১
টুল	১

(খ) উপসহকারি কমিউনিটি মেডিকেল অফিসারের কক্ষঃ

হাফ সেক্রেটারিয়েট টেবিল	১
হাতলওয়ালা চেয়ার	১
হাতলছাড়া চেয়ার	২
রোগী পরীক্ষার টেবিল	১
আলমারী	১
সেলফ	১
টুল	১

(গ) পরিবার কল্যাণ পরিদর্শিকার কক্ষঃ

হাফ সেক্রেটারিয়েট টেবিল	১
হাতলওয়ালা চেয়ার	১
রোগী পরীক্ষার টেবিল	১
আলমারী	১
সেলফ	১
টুল	১

(ঘ) মাঠকর্মীদের কক্ষঃ

হাফ সেক্রেটারিয়েট টেবিল	১
হাতলওয়ালা চেয়ার	১
হাতলছাড়া চেয়ার	৮

(ঙ) আইইউডি/অপারেশন কক্ষঃ

আইইউডি/অপারেশন টেবিল	১
ডেলিভারী টেবিল	১
স্পট লাইট	১
যন্ত্রপাতির ট্রলি/যন্ত্রপাতি রাখার টেবিল	১
আলমারী	১

(চ) আরোগ্য লাভের কক্ষঃ

রোগীর বিছানা	২
বেড সাইড লকার	২
স্যালাইন স্ট্যান্ড	২
টুল	২

(ছ) স্বাস্থ্যশিক্ষা/রোগীদের বসার প্রশস্ত স্থানঃ

লম্বা হেলনা বেঞ্চ	৭
হোয়াইট বোর্ড	১

(জ) ঔষধ সংরক্ষণ ও বিতরণ কক্ষঃ

হাফ সেক্রেটারিয়েট টেবিল	১
হাতলওয়ালা চেয়ার	১
র্যাক	২
আলমারী	২
ঔষধ বিতরণ টেবিল	১

পরিশিষ্ট: ৬

ইনজেকশন গ্রহণেচ্ছুর পূর্ণ বিবরণী ও অবহিত সম্মতিপত্র

দু'টি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
পরিবার পরিকল্পনা-ফিল্ড ডেলিভারি
৬ কাওরান বাজার, ঢাকা ১২১৫।

রেজি নং :
প্রয়োগের তারিখ :

কেন্দ্রের নাম ও ঠিকানা :	প্রেরণকারীর নাম : পদবী :
কর্মীর নাম ও পদবী :	দম্পতি/জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন নম্বর :
উপজেলা/থানা :	মোবাইল ফোন নম্বর :
জেলা :	ঠিকানা : গ্রাম/মহল্লা : ইউনিট.....
	ইউনিয়ন : পোস্ট :
	উপজেলা/থানা : জেলা :
	প্রেরণকারীর স্বাক্ষর/টিপসাহি :

১. ইনজেকশন গ্রহণকারীর বিবরণ:

ক. নাম: বয়স: ফোন/মোবাইল নং:

খ. স্বামীর নাম:

গ. ১) স্থায়ী ঠিকানা: গ্রাম/মহল্লা ইউনিট: ইউনিয়ন:

ডাকঘর: উপজেলা: জেলা:

২) বর্তমান ঠিকানা:

ঘ. বর্তমান কোন পরিবার পরিকল্পনা পদ্ধতি ব্যবহার করছেন কি না? হ্যাঁ না (হ্যাঁ হলে, পদ্ধতির নাম)

২. মাসিকের বিবরণ:

(ক) শেষ মাসিকের তারিখ:/...../..... (খ) চক্র: নিয়মিত অনিয়মিত (গ) স্থায়ীত্বকাল দিন

(ঘ) রক্তস্রাবের পরিমাপ: স্বাভাবিক স্বাভাবিক নয়

৩. গর্ভ সংক্রান্ত তথ্য:

ক) বর্তমানে জীবিত সন্তানের সংখ্যা : শেষ সন্তানের বয়স: মাস/বছর।
(ইনজেকশন নিতে হলে কমপক্ষে ১টি জীবিত সন্তান থাকতে হবে এবং ছোট সন্তানের বয়স কমপক্ষে দেড় মাস হতে হবে)

৪. ইনজেকশন গ্রহণের উপযুক্ততা যাচাই চেকলিস্ট:

গ্রহীতাকে নীচের প্রশ্নগুলো করুন। সবকয়টি প্রশ্নের উত্তর “না” হলে পদ্ধতি দেয়া যাবে, কোন একটি প্রশ্নের উত্তর “হ্যাঁ” হলে পদ্ধতি দেয়া যাবে না।

ইনজেকটেবলস্ পদ্ধতি বাছাইয়ের ক্ষেত্রে প্রশ্নমালা	উত্তর	
	হ্যাঁ	না
● আপনার ছোট সন্তানের বয়স কি ছয় সপ্তাহের কম?		
● আপনি কি মনে করেন আপনার পেটে সন্তান এসেছে অথবা আপনার কি ৪ সপ্তাহের বেশি মাসিক বন্ধ আছে?		
● আপনি কি উচ্চ রক্ত চাপে (রক্তচাপ ১৫৯/৯৯ মি.মি. পারদ বা তার বেশি) ভুগছেন?		
● আপনার আয়ের শিরা কি ফুলে আছে এবং এগুলো থেকে কি ব্যথা হয়?		
● আপনার স্তনে কি শক্ত চাকা/দলা আছে (স্তন ক্যানসার)?		
● সামান্য কাজ করার পর কি আপনার বুকে ব্যথা হয় বা আপনি কি হাঁপিয়ে উঠেন (ইনকেমিক হৃদরোগ আক্রান্ত বা পূর্বে স্ট্রোক হয়ে থাকলে)?		
● দুই মাসিকের মাঝামাঝি সময়ে বা সহবাসের পর আপনার কি রক্ত যায় (সার্ভিক্সে ক্যান্সার)?		
● আপনার মাসিকে কি অত্যধিক রক্ত যায় (কারণ খুঁজে পাওয়া না গেলে)?		

৫. শারীরিক পরীক্ষা : (ইনজেকশন দেয়ার পূর্বে নিম্ন বর্ণিত শারীরিক পরীক্ষাগুলো অবশ্যই করতে হবে)

ক. রক্ত চাপ : মি.মি. পারদ খ) জন্ডিস: আছে নাই

গ. তাপমাত্রা : ফা./সে. (ঘ) ওজন কেজি

জরায়ু সংক্রান্ত পরীক্ষা :

ক. আকৃতি (Shape) : স্বাভাবিক স্বাভাবিক নয় আয়তন (Size): স্বাভাবিক স্বাভাবিক নয়

খ. নড়াচড়া (Mobility) : নাড়ানো যায় নাড়ানো যায় না

গ. জরায়ু বা সারভিক্স নাড়ানোর সময় ব্যথা হয় কিনা : হ্যাঁ না

ঘ. গর্ভবতী কিনা : হ্যাঁ না

স্তন সংক্রান্ত পরীক্ষা :

স্তনে চাকা আছে কিনা : হ্যাঁ না

পায়ের শিরা সংক্রান্ত পরীক্ষা :

হাঁটুর নীচে বা উরুতে অবস্থিত শিরা ফুলে গেছে কিনা এবং এগুলো থেকে কি ব্যথা হয় কিনা: হ্যাঁ না

৬. গ্রহীতা ইনজেকশন গ্রহণে উপযুক্ত : হ্যাঁ না হ্যাঁ হলে, প্রয়োগের তারিখ :

যদি উপযুক্ত না হয়, তবে তার কারণ

৭. গ্রহীতাকে কি উপদেশ/জন্মবিবর্তিকরণ পদ্ধতি দেয়া হলো?

(অনুপযুক্ত গ্রহীতাকে প্রয়োজন অনুসারে জন্মনিয়ন্ত্রণের অন্য পদ্ধতি সম্পর্কে পরামর্শ দিন/চিকিৎসা প্রদান করুন/রেফার করুন।)

৮. আমি এহীতাকে অন্যান্য অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি (খাবার বড়ি, কনডম, আইইউডি, ইনপ্ল্যান্ট) এবং স্থায়ী পদ্ধতি সম্পর্কে অবহিত করেছি।

৯. অবহিত সম্মতি পত্র:

(ক) আমি অন্যান্য অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি (খাবার বড়ি, কনডম, আইইউডি, ইনপ্ল্যান্ট) এবং স্থায়ী পদ্ধতি সম্বন্ধে জানা সত্ত্বেও স্বেচ্ছায় ইনজেকশন গ্রহণে সম্মত আছি।

(খ) এই পদ্ধতির মেয়াদকাল, কিভাবে দেওয়া হয়, সুবিধা ও অসুবিধা সম্বন্ধে আমাকে অবহিত করা হয়েছে।

(গ) আমি জানি যে, যে কোন সময়ে আমি প্রয়োজন অনুযায়ী এই পদ্ধতি ছেড়ে দিতে পারবো।

ইনজেকশন প্রয়োগকারীর নাম, পদবী ও স্বাক্ষর

ইনজেকশন গ্রহণেছুর স্বাক্ষর/টিপসহি ও তারিখ

পরিশিষ্ট: ৭

আইইউডি গ্রহণেচ্ছুর পূর্ণ বিবরণী ও অবহিত সম্মতিপত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
কাওরানবাজার, ঢাকা

কেন্দ্রের নাম:	প্রেরণকারীর নাম: পদবী:
উপজেলা:	ঠিকানা: গ্রাম/মহল্লা ইউনিট:
জেলা:	ইউনিয়ন: পোস্ট:
	উপজেলা: জেলা:
	প্রেরণকারীর স্বাক্ষর/টিপসই:

১. গ্রহণেচ্ছুর নাম: বয়স:.....
২. স্বামীর নাম:
৩. গ্রহণেচ্ছুর পেশা: স্বামীর পেশা:
৪. ক) স্থায়ী ঠিকানা: গ্রাম/মহল্লা ইউনিট: ইউনিয়ন:
পোঃ উপজেলা: জেলা:
খ) বর্তমান ঠিকানা:
৫. বর্তমানে কোন পরিবার পরিকল্পনার পদ্ধতি ব্যবহার করছেন কি না? হ্যাঁ/না (যদি হ্যাঁ হয়, তাহলে পদ্ধতি নাম))
৬. গর্ভ সংক্রান্ত তথ্য:
(ক) মোট কতবার গর্ভধারণ করেছেন: (খ) বর্তমানে জীবিত সন্তানের সংখ্যা:পুত্র কন্যা
(গ) শেষ সন্তানের বয়স: বৎসর মাস (কমপক্ষে ১টি জীবিত সন্তান থাকতে হবে)
(ঘ) কোন গর্ভপাত হয়েছে কিনা: হ্যাঁ না , হ্যাঁ হলে কতবার.....
(ঙ) এম আর করা হয়েছে কিনা : হ্যাঁ না , হ্যাঁ হলে কতবার শেষ এম. আর. এর তারিখ
৭. অবহিত সম্মতিপত্রঃ
(ক) আমি অন্যান্য অস্থায়ী পরিবার পরিকল্পনা পদ্ধতি (খাবার বড়ি, কনডম, ইনজেকশন, ইমপ্ল্যান্ট) এবং স্থায়ী পদ্ধতি সম্বন্ধে জানা সত্ত্বেও স্বেচ্ছায় আইইউডি গ্রহণে রাজী আছি
(খ) এই পদ্ধতির মেয়াদকাল, কিভাবে দেওয়া হয়, সুবিধা অসুবিধা সম্বন্ধে আমাকে অবহিত করা হয়েছে
(গ) এই পদ্ধতি গ্রহণে আমার স্বামীর পূর্ণ সম্মতি রয়েছে
(ঘ) আমি জানি যে, যে কোন সময়ে আমি এই পদ্ধতি খুলে ফেলতে পারব
(ঙ) আমার অথবা কর্মসূচি মূল্যায়নের প্রয়োজনে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি/ব্যক্তি/কর্মী আমার নাম ও ঠিকানা ব্যবহার করতে পারেন এবং আমার বাসস্থানেও আসতে পারেন।

গ্রহীতার স্বাক্ষর/টিপসই

তারিখ

স্বাক্ষরী : আমি এই গ্রহীতাকে চিনি । তিনি বর্তমানে বিবাহিতা । তিনি বা তাহার স্বামী ইতিপূর্বে স্থায়ী পদ্ধতি গ্রহণ করেন নাই ।

স্বাক্ষরী/প্রেরণকারীর নাম পদবী স্বাক্ষর

স্থায়ী ঠিকানা: গ্রাম/মহল্লা ইউনিট: ইউনিয়ন:

পোঃ উপজেলা: জেলা:

সাক্ষাৎকার গ্রহণকারীর নাম পদবী স্বাক্ষর

৮. মাসিকের বিবরণ:

(ক) শেষ মাসিকের তারিখ: (খ) চক্র: নিয়মিত অনিয়মিত (গ) স্থায়িত্বকাল দিন

(ঘ) রক্তস্রাবের পরিমাণ: স্বাভাবিক স্বাভাবিক নয় (ঙ) মাসিকের সময় ব্যথা হয় কিনা: হ্যাঁ না

৯. শারীরিক পরীক্ষা:

(ক) নাড়ির গতি: প্রতি মিনিটে	(খ) রক্ত চাপ: এম এম মার্কারী
(গ) তাপমাত্রা: ফাঃ/সেঃ	(ঘ) রক্তস্বল্পতা: আছে <input type="checkbox"/> (+/++/+++)/নাই <input type="checkbox"/>
(ফ্যাংকাসে হলে/হিমোগ্লোবিন ৪৫% বা ৭ গ্রাম/১০০ মি.লি. রক্ত এর নীচে হলে আপাততঃ আইইউডি দেয়া যাবে না)	

১০. স্পেকুলাম ও দুই হাতে পিভি পরীক্ষা:

স্পেকুলাম পরীক্ষা	দুই হাতে পিভি পরীক্ষা
(ক) জরায়ুর মুখ (Cervical Os) । স্বাভাবিক/স্বাভাবিক নয়	(ক) জরায়ু:
(খ) স্রাব (Discharge): আছে/ নাই	আকৃতি (Shape): স্বাভাবিক <input type="checkbox"/> স্বাভাবিক নয় <input type="checkbox"/>
(গ) যোনিপথের দেয়াল (Vaginal wall) সুস্থ /সংক্রমিত	আয়তন (Size): স্বাভাবিক <input type="checkbox"/> স্বাভাবিক নয় <input type="checkbox"/>
(ঘ) জরায়ু মুখে ঘা/পূঁজ: হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/>	অবস্থান (Position): এন্টিভারটেড <input type="checkbox"/> রেট্রোভারটেড <input type="checkbox"/>
(ঙ) ইরোশন: আছে <input type="checkbox"/> নাই <input type="checkbox"/>	নড়াচড়া (Mobility): নাড়ানো যায় <input type="checkbox"/> নাড়ানো যায় না <input type="checkbox"/>
(চ) পলিপ: আছে <input type="checkbox"/> নাই <input type="checkbox"/>	(খ) জরায়ুর বা সারভিক্স নাড়ানোর সময় ব্যথা হয় কিনা: হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/>
(ছ) জরায়ুর মুখ স্পর্শ করা মাত্র রক্তপাত: হ্যাঁ <input type="checkbox"/> না <input type="checkbox"/>	(গ) যোনির উর্ধ্বপার্শ্বে (Fornix) মুক্ত <input type="checkbox"/> মুক্ত নয় <input type="checkbox"/>
(জরায়ুর মুখ স্পর্শ করা মাত্র রক্তপাত হলে আপাততঃ আইইউডি দেয়া যাবে না) ।	বর্তমানে গর্ভবতী কিনা? হ্যাঁ/ না, হ্যাঁ হলে, কত সপ্তাহের.....

আইইউডি প্রয়োগকারীর নাম

পদবী

স্বাক্ষর

পরিশিষ্ট: ৮

দু'টি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট (১১ তলা)
৬ কাওয়ানবাজার, ঢাকা-১২১৫
(www.dgfp.gov.bd)

স্মারক নং-পপঅ/এমসিআরএএইচ/এফডব্লিউসি-সংস্করণ/০৭/২০১৩/৭৬

তারিখ ২৬/০১/২০১৫ খ্রিঃ

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটি

১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান	সভাপতি
২। সংশ্লিষ্ট ওয়ার্ডের ইউনিয়ন পরিষদ নির্বাচিত নারী সদস্য	সহ সভাপতি
৩। ইউনিয়ন পরিষদের অন্যান্য নারী সদস্য	সদস্য-২জন
৪। স্থানীয় কলেজের অধ্যক্ষ/উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রাইমারী স্কুলের প্রধান শিক্ষক	সদস্য- ১জন
৫। নারী ভিডিপি দলনেত্রী/বিআরডিবি/মাদার্স ক্লাব/মহিলা বিষয়ক অধিদপ্তর/সমাজ সেবা অধিদপ্তরের ইউনিয়ন পর্যায়ের কর্মী	সদস্য-১জন
৬। বেসরকারি সেচ্ছাসেবী সংস্থার প্রতিনিধি	সদস্য-১জন
৭। ফার্মাসিস্ট	সদস্য-১জন
৮। পরিবার কল্যাণ পরিদর্শিকা	সদস্য-১জন
৯। কমিউনিটি হেলথ কেয়ার প্রোভাইডার (সিএইচসিপি) (সংশ্লিষ্ট ইউনিয়নের অর্ন্তভুক্ত কমিউনিটি ক্লিনিকের সেবাদানকারী)	সদস্য-১জন
১০। পরিবার পরিকল্পনা পরিদর্শক	সদস্য-১জন
১১। ইউনিয়নে কর্মরত পরিবার কল্যাণ সহকারি	সদস্য-১জন
১২। স্বাস্থ্য অধিদপ্তরের ইউনিয়ন পর্যায়ের কর্মী	সদস্য-১জন
১৩। কিশোর ও কিশোর প্রতিনিধি	সদস্য-২জন
১৪। সুবিধাবঞ্চিত যেমন প্রতিবন্ধী, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীর/গ্রুপের প্রতিনিধি	সদস্য-১জন
১৫। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার/উপ-সহকারি কমিউনিটি মেডিকেল অফিসার	সদস্য সচিব

সদস্য নির্বাচনে নীতিমালা:

পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটির সদস্য নির্বাচন করার ক্ষেত্রে নিম্নরূপ নীতিমালা অনুসরণ করে পদভিত্তিতে মনোনয়ন বা নির্বাচন করে নির্ধারিত করতে হবে।

- ক্রমিক নং- ৪-এ বর্ণিত সদস্য নির্ধারণের ক্ষেত্রে যদি ইউনিয়নে কোন কলেজ বা উচ্চ বিদ্যালয় থাকে এবং উক্ত কলেজ/উচ্চ বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষককে মনোনীত করা হবে। যদি কোন কলেজ/উচ্চ বিদ্যালয় না থাকে তবে প্রাইমারী স্কুলের প্রধান শিক্ষককে সদস্য মনোনীত করা যাবে।
- যে সব ইউনিয়নের ক্রমিক নং ৫ এ বর্ণিত সংস্থা একের অধিক, সে ক্ষেত্রে অন্যান্য সদস্যদের মতামতের ভিত্তিতে সদস্য নির্বাচন করা হবে।
- ক্রমিক নং ৪, ৫ ও ৬ এ বর্ণিত শ্রেণীর সদস্যদের স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনোনীত করবেন।
- কমিটি ইচ্ছা করলে স্থানীয় মহিলা সমাজকর্মীদের মধ্যে থেকে ২ জনকে কো-অপট সদস্যরূপে মনোনীত করতে পারবেন।

- কমিটি সদস্য নির্বাচনের ক্ষেত্রে দুই সন্তানের মাতা/পিতাদের অগ্রাধিকার দিবেন।
- উপরোক্ত নীতিমালা অনুযায়ী গঠিত কমিটিতে সদস্য সংখ্যা সর্বোচ্চ একুশ হতে পারে।

কমিটির দায়িত্ব ও কর্তব্য:

১. ইউনিয়নের গর্ভবতী মা ও অগুর্ধ ৫ বৎসর শিশুরা যাতে স্বাস্থ্য সেবা পায় তার জন্য প্রতি কেন্দ্রে পরিবার পরিকল্পনা, মা ও শিশু স্বাস্থ্য, পুষ্টি ও কৈশোরকালীন প্রজনন স্বাস্থ্য সেবার জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা।
২. ইউনিয়নে সক্ষম দম্পতি যারা পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ করেছেন তাদের নিয়মিত সেবা প্রদান এবং যারা এখনো কোন পদ্ধতি গ্রহণ করেন নাই তাদের পদ্ধতি গ্রহণের উদ্বুদ্ধ করার ব্যবস্থা গ্রহণ।
৩. যে সকল কেন্দ্রে ২৪ ঘণ্টা প্রসবের ব্যবস্থা আছে সেখানে প্রসবের জন্য জনগণকে উদ্বুদ্ধকরণ ও কেন্দ্র রক্ষণাবেক্ষণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।
৪. পরিবার কল্যাণ কেন্দ্রের জন্য সরবরাহকৃত ডিডিএসকিটস, ঔষধপত্র, বিভিন্ন সরঞ্জাম ও উপকরণের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করা।
৫. বিভিন্ন জন্মনিয়ন্ত্রণ সামগ্রির বিতরণ এবং ব্যবহার সুষ্ঠুভাবে হচ্ছে কিনা পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা।
৬. গর্ভবতী মা ও শিশুদের টিকাদান কর্মসূচী বাস্তবায়নের সহায়তা প্রদান করা।
৭. ইউনিয়নে সিএসবিএ দের কাজের অগ্রগতি পর্যালোচনা এবং সহায়তা প্রদান করা।
৮. সপ্তাহে ০২ দিন কেন্দ্রে কর্মরত এফডব্লিউডি কর্তৃক স্যাটেলাইট ক্লিনিক ও এসএসিএমও কর্তৃক স্কুল স্বাস্থ্য শিক্ষা সংগঠন করার সহায়তা প্রদান।
৯. পরিবার কল্যাণ কেন্দ্রকে ইউনিয়নে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক শিক্ষা এবং স্বাস্থ্য শিক্ষা কেন্দ্ররূপে প্রতিষ্ঠিত করা।
১০. পুষ্টি সেবা প্রদান নিশ্চিত করা।
১১. বিভিন্ন জাতীয় দিবস যেমন স্বাধীনতা দিবস, বিশ্ব জনসংখ্যা দিবস, বিশ্ব স্বাস্থ্য দিবস, আন্তর্জাতিক নারী ও শিশু দিবস, নিরাপদ মাতৃত্ব দিবস, মাতৃত্বদুর্ঘটনা সপ্তাহ, মাদকাসক্তি প্রতিরোধ দিবস উপলক্ষ্যে আলোচনা অনুষ্ঠান এবং শোভাযাত্রার ব্যবস্থা গ্রহণ করা।
১২. নিয়মিত পরিবার কল্যাণ কেন্দ্র পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা এবং সমস্যা সমাধানে উদ্যোগ নেয়া। কেন্দ্রের সুষ্ঠু পরিচালনার ক্ষেত্রে স্থানীয়ভাবে সমাধান করা যায় না এমন সব সমস্যা উপজেলা পরিষদ এবং পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তার নজরে নিয়ে আসার ব্যবস্থা গ্রহণ করা।
১৩. কেন্দ্রের সুষ্ঠু ব্যবস্থাপনা ও দরিদ্র রোগীদের চিকিৎসা নিশ্চিত করার জন্য রোগী কল্যাণ তহবিল গঠন ও নীতিমালা প্রণয়ন করা।

দ্রষ্টব্যঃ বিশেষ সদস্য যেমন- সভাপতি, সহ সভাপতি, সদস্য সচিব ও ক্যাশিয়ারের দায়িত্ব নির্দিষ্ট হতে হবে।

কার্যপ্রণালী:

- কমিটি ২ মাসে অন্তত একবার সভায় মিলিত হবে।
- কমিটির সভাপতি কোন সভায় উপস্থিত থাকতে না পারলে সহ সভাপতি মিটিং পরিচালনা করবেন।
- কমিটির সভাপতি এবং অপর স্থায়ী মেম্বারের উপস্থিতিতে সভার কোরাম হবে।
- সভার কার্যবিবরণী কমিটির সদস্য সচিব কর্তৃক একটি রেজিস্ট্রারে লিপিবদ্ধ করা হবে। প্রত্যেক সভায় পূর্ববর্তী সভার সিদ্ধান্ত উপস্থিত সদস্যদেরকে পড়ে শোনানো হবে এবং তাদের সম্মতিক্রমে তা চূড়ান্ত হবে।
- কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, উপজেলা পরিষদ এবং পরিবার পরিকল্পনা ও স্বাস্থ্য অধিদপ্তর সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হবে।
- মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সহকারী পরিবার পরিকল্পনা কর্মকর্তা এবং এএফব্লিউও (এমসিএইচ-এফপি) এই কমিটির সভায় পর্যবেক্ষকরূপে যোগদান করতে পারবেন।
- কমিটির প্রতিটি সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা একটি রেজিস্ট্রার সরবরাহ করবেন।
- কমিটির আনুসংগিক ব্যয় বহন করার জন্য উপজেলা বা ইউনিয়ন পরিষদকে কিছু আর্থিক সহায়তা প্রদান করার জন্য অনুরোধ করা যেতে পারে। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা এ বিষয়ে উদ্যোগ গ্রহণ করবেন।

ব্যবস্থাপনায় উদ্বর্তন কর্মকর্তাদের ভূমিকা:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সংশ্লিষ্ট উপজেলা/ইউনিয়ন পরিষদকে এই কমিটি গঠন এবং কার্যক্রম সম্পর্কে অবহিত করবেন। তিনি উপজেলায় এবং ইউনিয়নে কর্মরত সকল কর্মকর্তা এবং কর্মীকে এ সম্পর্কে অবহিত করবেন। তিনি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাথে যোগাযোগ করে কমিটি গঠনের ব্যবস্থা নিবেন।

মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/এমওসিসি/এডিএফপি/এডিসিসি/আঞ্চলিক সুপারভাইজার (এফপিসিএসটি/কিউএটি)

উপরোক্ত কর্মকর্তাগণ কমিটির সভা পর্যবেক্ষকরূপে যোগদান করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন। তারা এ বিষয়ে উপ-পরিচালককেও অবহিত করবেন।

উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা):

প্রত্যেক উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা) এই কমিটির কার্যক্রম ও বিষয়বস্তু সম্পর্কে জেলা পরিবার পরিকল্পনা সমন্বয় কমিটিকে অবহিত করবেন।

বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা):

বিভাগীয় পরিচালক তার বিভাগের অন্তর্ভুক্ত জেলাসমূহে যথাসময়ে এই কমিটি গঠনের নিশ্চয়তা বিধান করবেন।

মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র জারি করা হলো এবং এটা অবিলম্বে কার্যকর হবে।

(ডাঃ মোহাম্মদ শরীফ)

পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস)

লাইন ডাইরেক্টর (এমসি-আরএএইচ)

ফোন: ৮১২৯৩৪৬ (অফিস)

E-mail: dirmchsfp@gmail.com

অনুলিপি সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১. পরিচালক/লাইন ডাইরেক্টর (সকল)----- এই অধিদপ্তর।
২. পরিচালক, পরিবার পরিকল্পনা/পরিচালক (স্বাস্থ্য) (সকল)----- বিভাগ।
৩. পরিচালক, এমএফএসটিসি, মোহাম্মদপুর, ঢাকা/তত্ত্বাবধায়ক, এমসিএইচটিআই, আজিমপুর, ঢাকা।
৪. সিভিল সার্জন (সকল)----- জেলা।
৫. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা (সকল)----- জেলা।
৬. জেলা শিক্ষা অফিসার/জেলা সমাজসেবা কর্মকর্তা (সকল)----- জেলা।
৭. আঞ্চলিক সুপারভাইজার (এফপিএসটি/কিউএটি) (সকল)----- অঞ্চল।
৮. সহকারী পরিচালক (সিসি/এফপি)----- জেলা।
৯. উপজেলা চেয়ারম্যান----- উপজেলা-----জেলা।
১০. উপজেলা নির্বাহী কর্মকর্তা----- উপজেলা-----জেলা।
১১. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) -----উপজেলা ----- জেলা।
১২. মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল)-----উপজেলা ----- জেলা।
১৩. জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা-----উপজেলা ----- জেলা।
১৪. ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)----- ইউনিয়ন-----উপজেলা----- জেলা।
১৫. মহিলা সদস্য ইউনিয়ন পরিষদ-----ইউনিয়ন-----উপজেলা-----জেলা।

সদয় জ্ঞাতার্থে

১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, মহোদয়ের ব্যক্তিগত সহকারী, এই অধিদপ্তর।

পরিশিষ্ট: ৯

একই স্মারক ও তারিখ দ্বারা প্রতিস্থাপিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
এমসিএইচ-সার্ভিসেস ইউনিট
৬ কাওয়ানবাজার, ঢাকা-১২১৫
(www.dgfp.bd.org)

দু'টি সন্তানের বেশি নয়
একটি হলে ভাল হয়।

স্মারক নং-পপঅ/এমসিআরএইচ/এফডব্লিউসি-সংরক্ষণ/০৭/২০১৩/৯৪৪

তারিখ ১৫/০৯/২০১৫ খ্রিঃ

বরারর,

চেয়ারম্যান,
ইউনিয়ন পরিষদ,

.....উপজেলা (সকল)
.....জেলা (সকল)

বিষয়ঃ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিয়মিত সভা সংগঠন প্রসংগে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পরিবার পরিকল্পনা অধিদপ্তরাদ্বারা ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহ, মা-শিশু স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, পুষ্টি সেবা, বয়ঃসন্ধিকালীন সেবাসহ সাধারণ সেবা প্রদানে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এ কেন্দ্রসমূহ পরিচালনায় স্থানীয় নেতৃত্ব, গন্যমান্য ব্যক্তি ও নারীদের সম্পৃক্ত করা হলে এ সকল কেন্দ্র এবং সেবাদানকারীদের সামাজিক গ্রহণযোগ্যতা বৃদ্ধি পাবে। এ লক্ষ্যে, ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের সুষ্ঠু ব্যবস্থাপনায় ১৫ সদস্য বিশিষ্ট একটি ব্যবস্থাপনা কমিটি গঠন করা হয়েছে। উক্ত কমিটিতে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মহোদয়কে সভাপতি এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের মেডিকেল অফিসার/ উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসারকে সদস্য সচিব হিসেবে নির্বাচিত করা হয়েছে। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের স্মারক নং-পপঅ/এমসিআরএইচ/এফডব্লিউসি-সংরক্ষণ/০৭/২০১৩/৭৬, তারিখ ১২/০১/২০১৫ খ্রিঃ (কপি সংযুক্ত) মোতাবেক ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত একটি পত্র জারী করা হয়েছে। ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ ব্যবস্থাপনা কমিটি কার্যপ্রণালীতে প্রতি ০২(দুই) মাসে অন্ততঃ একটি সভা আয়োজন করার উল্লেখ রয়েছে। নিয়মিতভাবে এ সভা আয়োজনের মাধ্যমে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রসমূহে সেবা প্রদানের ক্ষেত্রে বিভিন্ন সমস্যা বিচিহ্নিত করণ এবং তা সমাধান করে সুষ্ঠু সেবা প্রদানে সহায়ক ভূমিকা পালন করবে। এছাড়াও আপনার সভাপতিত্বে ইতি দুই মাসে ইউনিয়ন পরিবার পরিকল্পনা কমিটির সভা পরিচালিত হয় যার ব্যয় নির্বাহের জন্য পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে ২০০ টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়।

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ১৫ সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি ছাড়াও ইতোমধ্যে ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রের পরিচালনা সহায়িকাটি সংক্ষরণ করা হয়েছে। এমতাবস্থায়, আপনার সভাপতিত্বে উক্ত ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিয়মিতভাবে সভা আয়োজন এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সুষ্ঠুভাবে পরিচালনায় সহায়তা প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। সভা আয়োজন পূর্বক প্রতিটি সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে প্রেরণের পাশাপাশি এক কপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর মহোদয়ের সদয় অনুমতিক্রমে।

(ডাঃ মোহাম্মদ শরীফ)
পরিচালক (এমসিএইচ-সার্ভিসেস) এবং
লাইন ডাইরেক্টর (এমসি-আরএইচ)
টেলিফোন: ৮১২৯৩৪৬ (অফিস)
E-mail: dirmchsfp@gmail.com

ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র ব্যবস্থাপনা কমিটির প্রশিক্ষণ সহায়িকা | ৮১

সংযুক্ত : জারীকৃত পত্র-০২ (দুই) পাতা।

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে বিতরণ:

- ১। পরিচালক, পরিবার পরিকল্পনা, ঢাকা/চট্টগ্রাম/বরিশাল/খুলনা/সিলেট/রাজশাহী বিভাগ।
- ২। উপ-পরিচালক (পরিবার পরিকল্পনা), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল),জেলা।
- ৩। সহকারি পরিচালক (সিসি) ও আঞ্চলিক সুপারভাইজার (FPCST/Q&T) (সকল),অঞ্চল।
- ৪। সহকারি পরিচালক (সিসি)/মেডিক্যাল অফিসার (সিসি), জেলা পরিবার পরিকল্পনা কার্যালয় (সকল),জেলা।
- ৫। উপজেলা চেয়ারম্যান (সকল),উপজেলা,জেলা।
- ৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল),উপজেলা,জেলা।
- ৭। মেডিক্যাল অফিসার (এমসিএইচ-এফপি)/উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল),উপজেলা,জেলা (ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মহোদয়গণের পত্র প্রাপ্তি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হল)।
- ৮। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর মহোদয়ের ব্যক্তিগত সহকারি, অত্র অধিদপ্তর।



because **Tama**
Girl

Canada 